শুক্ল যজুর্ব্বেদীয় বাজসনেয় সংহিতোপনিষৎ বা)

ঈশোপনিষদ্।

মূল,

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ কৃত ভাষ্য ;

শ্রীযুত শ্যামলাল গোস্বামী সিদ্ধান্তবাচস্পতি কৃত

ভাষ্যরহস্যবিবৃতি ও বিস্তৃত সিদ্ধান্তানুবাদ

ও শ্রীযুত কেদারনাথ দত্ত ভক্তিবিনোদ মহাশয়

প্রণীত বেদার্কদিধীতি সহ।

বর্ণানুসারে মূলের

সূচীপত্র।

শ্রীশ্রীগৌরাঙ্গচন্দ্রায় নমঃ।

শুক্লযজুর্ব্বেদীয় বাজসনেয়সংহিতোপনিষৎ বা

ঈশোপনিষৎ।

॥ওঁ॥ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥ওঁ॥
॥ওঁ॥ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥ওঁ॥

ঈশাবাস্যমিদং সর্ব্বং যৎ কিঞ্চ জগত্যাং জগৎ।
তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যসিদ্ধনম্॥ ১ ॥

ঈশোপনিষদ্ভাষ্যম্।

বেদাস্তথা স্মৃতগিরো যমচিন্ত্যশক্তিং সৃষ্টিস্থিতিপ্রলয়কারণমামনন্তি।
তং শ্যামসুন্দরমবিক্রিয়মাত্মমূর্ত্তিং সর্ব্বেশ্বরং প্রণতিমাত্রবশং ভজামঃ॥

বেদেষু খলু কর্ম্মণো নিখিলপুমর্থহেতুত্বং বিষ্ণোস্তু কর্ম্মাঙ্গত্বং স্বর্গাদেঃ কর্ম্মফলস্য নিত্যত্বং জীবস্য প্রকৃতেশ্চ স্বতঃ কর্ত্তৃত্বং পরিচ্ছিন্নস্য প্রতিবিম্বিতস্য ভ্রান্তস্য বা ব্রহ্মণ এব জীবত্বং চিন্মাত্র-ব্রহ্মাত্মকত্বধীমাত্রাদেবাস্য জীবস্য সংসৃতিবিনিবৃত্তিরিত্যাপাততো-ঽর্থা দুর্ম্মতিভিঃ প্রতীয়ন্তে। তানিমান্ পূর্ব্বপক্ষান্ বিধায় পরস্য বিষ্ণোরিহ স্বাতন্ত্র্যসর্ব্বকর্ত্তৃত্বসার্ব্বজ্ঞ্যপুমর্থত্বাদিধর্ম্মকত্বজ্ঞানসুখ-স্বরূপত্বং নিরূপ্যতে। তথাহি ঈশ্বরজীবপ্রকৃতিকালকর্ম্মাখ্যাণি

পঞ্চ তত্ত্বানি শ্রূয়ন্তে। তেষু বিভুচৈতন্যমীশ্বরোঽণুচৈতন্যস্তু জীবঃ। নিত্যজ্ঞানাদিগুণকত্বমস্মদর্থত্বঞ্চোভয়ত্র। জ্ঞানস্যাপি জ্ঞাতৃত্বং প্রকাশস্য রবেঃ প্রকাশকত্ববদবিরুদ্ধম্। তত্রেশ্বরঃ স্বরূপশক্তিমান্ প্রকৃত্যাদ্যনুপ্রবেশনিয়মনাভ্যাং জগদ্বিদধন্ ক্ষেত্রজ্ঞভোগাপবর্গৌ বিতনোতি। একোঽপি বহুভাবেনাভিন্নোঽপি গুণগুণিভাবেন দেহদেহিভাবেন বিদ্বৎপ্রতীতের্বিষয়োঽব্যক্তোঽপি ভক্তিব্যঙ্গ্য একরসঃ প্রযচ্ছতি চিৎসুখং স্বরূপম্। জীবাস্ত্বনেকাবস্থা বহবঃ। পরেশবৈমুখ্যাৎ তেষাং বন্ধস্তৎসাম্মুখ্যাৎ তু তৎস্বরূপতদ্গুণাবরণ-রূপদ্বিবিধবন্ধবিনিবৃত্তিস্তৎস্বরূপাদিসাক্ষাৎকৃতিঃ। প্রকৃতিঃ সত্ত্বাদি-গুণসাম্যাবস্থা তমোমায়াদিশব্দবাচ্যা তদীক্ষণাবাপ্তসামর্থ্যা বিচিত্র-জগজ্জননী। কালস্তু ভূতভবিষ্যদ্বর্ত্তমানযুগপচ্চিরক্ষিপ্রাদিব্যবহার-হেতুঃ ক্ষণাদিপরার্দ্ধান্তশ্চক্রবৎপরিবর্ত্তমানঃ প্রলয়সর্গনিমিত্তভূতো দ্রব্যবিশেষঃ। ঈশ্বরাদয়শ্চত্বারোঽর্থা নিত্যাঃ। জীবাদয়স্তু তদ্বশ্যাশ্চ। কর্ম্ম তু জড়মদৃষ্টাদিশব্দব্যপদেশ্যমনাদি বিনাশি চ ভবতি। চতুর্ণামেষাং ব্রহ্মশক্তিত্বাদেকং শক্তিমদ্ব্রহ্মেত্যদ্বৈত-বাক্যেঽপি সঙ্গতিরিত্যাদীনর্থান্ নিরূপয়িতুং স্বয়মাচার্য্যস্বরূপা শ্রুতিরাহ ঈশেত্যাদি। ঈশা বাস্যমিত্যাদীনাং মন্ত্রাণামাত্মযাথাত্ম্য-প্রকাশকত্বেন বিরোধাদেব কর্ম্মস্ববিনিয়োগঃ কিন্তূপাসনায়া-মবিরোধাৎ। উপাসনা তু জীবপরয়োঃ সম্বন্ধবিশেষসাধনং ভজন-মেব। সম্বন্ধো হি জীবে পরসাম্মুখ্যম্। অতঃ সঙ্ক্ষেপতো ব্যাখ্যা-স্যামঃ। ঈশা বাস্যেতি। তিস্রোঽনুষ্টুভঃ। দধ্যঙ্ঙাথর্ব্বণঋষিঃ স্বং শিষ্যং পুত্রঞ্চ নিষ্কামধর্ম্মনির্ম্মলচিত্তং সৎপ্রসঙ্গলুব্ধং শ্রদ্ধালুং শান্ত্যাদিমন্তমধিকারিণমুপসন্নমাহ ঈশা বাস্যমিত্যাদি। ঈশ ঐশ্বর্য্যে ক্বিবন্তঃ ঈষ্টে ইতি ঈট্। সর্ব্বস্যেশিতা পরমেশ্বরঃ। স

হি সর্ব্বজন্তূনামাত্মত্বাৎ সর্ব্বমীষ্টে। তেনাত্মনা ঈশা পরমেশ্বরেণেদং সর্ব্বং প্রত্যক্ষপ্রমাণসিদ্ধং বিশ্বং বাস্তং বস আচ্ছাদনে ঋহলোর্ণ্যদিতি ণ্যৎপ্রত্যয়ঃ ণিত্বাৎ স্বরিতঃ আচ্ছাদনীয়মিত্যর্থঃ। সর্ব্বং তেন ব্যাপ্তমিতি শেষঃ। স এবাধস্তাৎ স এবোপরিষ্টাৎ। অন্তর্বহিশ্চ তৎ সর্ব্বং ব্যাপ্য নারায়ণঃ স্থিত ইতি শ্রুতেঃ। যদ্বা ইদং সর্ব্বমীশা পরব্রহ্মণা বাস্তং বস নিবাসে ইত্যস্য রূপং বাসিতম্ উৎপাদিতং স্থাপিতং নিয়মিতঞ্চ। যতো বা ইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি যময়ত্যেষ ত আত্মান্তর্য্যাম্যমৃত ইত্যাদি শ্রুতেঃ। ন কেবলং প্রত্যক্ষগম্যমীশা বাস্যমপি তু সাবরণং ব্রহ্মাণ্ডমিত্যাহ যদিতি। যৎ কিঞ্চিৎ শ্রুতিপ্রমাণসিদ্ধং জগত্যাং জগৎ স্থাবরজঙ্গমাত্মকং শেষং বিশ্বমীশেনোৎপাদিতং স্থাপিতং নিয়মিতঞ্চেত্যর্থঃ। অতঃ কারণাৎ তেনেশা ত্যক্তেন বিসৃষ্টেন স্বাদৃষ্টানুসারিণা বিষয়েণ ভুঞ্জীথাঃ ভোগাননুভবেঃ। ইতোঽধিকং মা গৃধঃ গৃধু অভিকাঙ্ক্ষায়াং মাকাঙ্ক্ষীঃ। ইতো মমাধিকং ভবত্বিতি বুদ্ধিং ত্যজেত্যর্থঃ। পরমাত্মাধীনত্বেন ত্বদিচ্ছায়া ব্যাহতত্বাদিতি ভাবঃ। এবং সৎ ধনং কস্য স্বিৎ স্বিদিতি নিপাতো বিতর্কে ন কস্যাপীত্যর্থঃ। স এষ সর্ব্বস্য বশী সর্ব্বস্যেশানঃ সর্ব্বমিদং প্রশাস্তি যদিদং কিঞ্চেত্যাদিশ্রুতের্মুখ্যদাতা পরমেশ্বরো ন স্বামিসম্বন্ধালিঙ্গিতমন্যৎ প্রাণিজাতমিতি বৈরাগ্যেণ ভবিতব্যমিতি ভাবঃ॥ ১॥

টীকা।

ঈশোপনিষদ্ভাষ্যরহস্যবিবৃতিঃ।

সত্যং জ্ঞানমনন্তমীশমখিলস্যান্তর্বহিশ্চ স্থিতং
যদ্দূরে নিকটে চ যচ্চ সকলং যৎ স্বপ্রভং শক্তিমৎ।

ভক্তের্বর্ত্ম করং সুগুপ্তবিভবং প্রেম্নেদমাপ্লাবিতং
কৃষ্ণাভিন্নমুপাসিতং বিজয়তে গৌরাভিধং তন্মহঃ ॥
বিদ্যাভূষণভাষ্যকৃদ্গুরুবরশ্রীপাদপদ্মং সদা
ধ্যাত্বা হৃৎকমলে যথা স্বমতি তৎসিদ্ধান্তসূক্তীস্তথা।
টীকা নৈকবিধা বিচার্য্য কুরুতে শ্যামোহথ গোস্বামিকঃ
ঈশাদ্যোপনিষদ্রহস্যবিবৃতিং সিদ্ধান্তবাচস্পতিঃ ॥

ঈশা বাস্যমিত্যাদিমন্ত্রান্ ব্যাচিখ্যাসুর্ভাষ্যকারস্তৎপূর্ত্তয়ে প্রথমং তাবৎ শিষ্টাচারপরিপ্রাপ্তেষ্টদেবতানমস্কাররূপং মঙ্গলমাচরতি বেদান্তথেতি। বিঘ্নবাহুল্যশঙ্কয়া বস্তুনির্দ্দেশরূপং পুনর্মঙ্গলমাচরতি বেদেষ্বিতি। অনেনৈবেশা বাস্যমিত্যাদিমন্ত্রাণাং কর্ম্মশেষত্বশঙ্কা নিরাকৃতা। তথাহি কর্ম্মজড়াঃ কেচন মন্যন্তে স্ম ঈশা বাস্যমিত্যাদয়ো মন্ত্রাঃ কর্ম্মশেষা মন্ত্রত্বাবিশেষাৎ ইষে ত্বাদিমন্ত্রবৎ। অতঃ পৃথক্ প্রয়োজনাদ্যভাবাদব্যাখ্যেয়া ইতি। তান্ প্রত্যাহ ঈশা বাস্যমিত্যাদীনামিতি। কর্ম্মস্বিতি। ঈশা বাস্যমিত্যাদীনাং মন্ত্রাণামাত্মযাথাত্ম্যপ্রকাশকত্বেন বিরোধাদেব কর্ম্মস্ববিনিয়োগ ইত্যেতেষাং মন্ত্রাণাং কর্ম্মস্ববিনিয়োগে কারণমুক্তম্। তত্র প্রথমাধ্যায়মারভ্য একোনচত্বারিংশত্তমাধ্যায়পর্য্যন্তং তেষাং তেষাং মন্ত্রাণাং তেষু তেষু দর্শপূর্ণমাসাদ্যশ্বমেধান্তেষু যথা বিনিয়োগস্তথৈব কর্ম্মপ্রতিপাদকত্বাভাবেঽপি সহস্রশীর্ষেত্যাদিবদীশা বাস্যাদীনামপি মন্ত্রাণাং কর্ম্মসু যথা কথঞ্চন বিনিয়োগঃ কিং ন স্যাদিতি চেন্নৈবম্। ঋচা পুরুষং ব্রহ্মাণং দক্ষিণতঃ পৌরুষেণ নারায়ণেনাভিষ্টৌতি সহস্রশীর্ষা পুরুষ ইত্যনেন ষোড়শর্চ্চেনেত্যাদিবৎ কর্ম্মসু প্রমাণতো বিনিয়োগাভাবাৎ কর্ম্মপ্রতিপাদকত্বাভাবাচ্চ। তর্হি যাগকল্পনা কুতো ন

ক্রিয়ত ইতি চেন্ন। বিশেষং পরিহৃত্যৈব সা কল্পনা ভবিষ্যতি নেতরেতি। অতএব ভাষ্যকারো বিরোধাদেবাবিনিয়োগস্তেষাং মন্ত্রাণাং কর্ম্মস্বিতি প্রতিপাদয়তি। স্বাতন্ত্র্যসর্ব্বকর্তৃত্বসার্ব্বজ্ঞ্যপুমর্থত্বাদিধর্ম্মকবিজ্ঞানসুখস্বরূপমাত্মযাথাত্ম্যঞ্চ কর্ম্মণা বিরুধ্যেতেতি যুক্ত এবৈষাং কর্ম্মস্ববিনিয়োগঃ। উপাসনস্য তু আত্মযাথাত্ম্যপ্রতিপাদকত্বেনাবিরোধাদেব যুক্ত এবৈষাং তস্মিন্ বিনিয়োগঃ। তদেব স্ফুটয়ন্নাহ উপাসনা ত্বিতি। জীবে পরেশসাম্মুখ্যরূপস্য জীবপরয়োঃ সম্বন্ধস্য আত্মযাথাত্ম্যজ্ঞানসাপেক্ষত্বাদুপাসনস্য চ আত্মযাথাত্ম্যজ্ঞানদ্বারেণৈব তৎকরণত্বাদবিরোধ ইতি শেষঃ। অত ইতি। তথা হ্যত্র নিষ্কামধর্ম্মনির্ম্মলচিত্তঃ সৎপ্রসঙ্গলুব্ধঃ শ্রদ্ধালুঃ শান্ত্যাদিমানধিকারী সম্বন্ধো বাচ্যবাচকভাবঃ বিষয়ো নিরবদ্যো বিশুদ্ধানন্তগুণগণোঽচিন্ত্যানন্তশক্তিঃ সচ্চিদানন্দঃ পুরুষোত্তমঃ প্রয়োজনন্ত্বশেষদোষবিনাশপুরঃসরস্তৎসাক্ষাৎকার ইত্যনুবন্ধচতুষ্টয়বিশিষ্টত্বাদ্ব্যাখ্যায়তে ইতি ভাবঃ। ঈশেতি ক্বিবন্তং তৃতীয়ান্তং রূপম্। স্ফুটার্থমন্যৎ॥ ১॥

সিদ্ধান্তানুবাদ।

উপনিষৎ পাঠকালে শান্তিপাঠের নিয়ম গুরুপরম্পরাগত। "ওঁ পূর্ণমদঃ" ইত্যাদি মন্ত্রটি শান্তিপাঠে ব্যবহৃত হইয়া থাকে। ঐ মন্ত্রটির অর্থ এইরূপ;—

"অদঃ অবতারিরূপম্ ইদম্ অবতাররূপম্ উভয়ং পূর্ণং সর্ব্বশক্তিমৎ। পূর্ণাদবতারিরূপাৎ পূর্ণমবতাররূপং লীলাবিস্তারায় স্বয়মুদচ্যতে প্রাদুর্ভবতি। তল্লীলাপূর্ত্তৌ পূর্ণস্যাবতাররূপস্য পূর্ণং স্বরূপমাদায় স্বস্মিন্নৈক্যং নীত্বা পূর্ণমবতারিরূপমন্যত্রাবিলীনং সদবশিষ্যতে তিষ্ঠতীত্যর্থঃ।"

পূর্ণ এই অবতারিরূপ ও পূর্ণ এই অবতাররূপ উভয়ই পূর্ণ অর্থাৎ সর্ব্বশক্তিসমন্বিত। পূর্ণ অবতারিরূপ হইতে পূর্ণ অবতার-রূপ লীলাবিস্তারার্থ প্রাদুর্ভূত হয়েন। লীলাপূর্ত্তির জন্য পূর্ণ অবতাররূপের পূর্ণ স্বরূপকেই আপনাতে গ্রহণ পূর্ব্বক পূর্ণ অব-তারিরূপ অবশেষরূপে বর্ত্তমান থাকেন। কোনরূপেই পরমে-শ্বরের পূর্ণত্বের হানি হয় না।

শাস্ত্র দ্বিবিধ;—পৌরুষেয় ও অপৌরুষেয়। পুরুষপ্রণীত শাস্ত্রই পৌরুষেয় শাস্ত্র এবং পরমেশ্বরপ্রণীত শাস্ত্রের নামই অপৌরুষেয় শাস্ত্র। বেদশাস্ত্র পরমেশ্বরপ্রণীত, অতএব অপৌ-রুষেয়। সর্ব্বলৌকিকালৌকিক জ্ঞানের নিদানস্বরূপ অপ্রাকৃত অপৌরুষেয় বেদশাস্ত্র কাণ্ডত্রয়াত্মক। কর্ম্মকাণ্ড, জ্ঞানকাণ্ড ও উপাসনাকাণ্ড, এই তিনটি কাণ্ডই বেদের কাণ্ডত্রয়। তন্মধ্যে শেষোক্ত উপাসনাকাণ্ডেই বেদের মুখ্য তাৎপর্য্য। প্রথমোক্ত কাণ্ডদ্বয় উপাসনাকাণ্ডেরই অঙ্গভূত। যে কাণ্ডে দর্শপূর্ণমাসাদি অশ্বমেধান্ত কর্ম্ম সকল উক্ত হইয়াছে, তাহারই নাম কর্ম্মকাণ্ড। যে কাণ্ডে জীবাত্মা ও পরমাত্মার যাথাত্ম্য নির্ণীত হইয়াছে, তাহাই জ্ঞানকাণ্ড নামে অভিহিত হইয়া থাকে। আর যে কাণ্ডে পর-মেশ্বরের সাম্মুখ্যলাভের উপায় সকল কীর্ত্তিত হইয়াছে, তাহাই উপাসনাকাণ্ড। জ্ঞানকাণ্ড ও কর্ম্মকাণ্ডের যেরূপ পরস্পর পার্থক্য পরিলক্ষিত হয়, উপাসনাকাণ্ডের সেরূপ পার্থক্য পরিদৃষ্ট হয় না। জ্ঞানকাণ্ড ও কর্ম্মকাণ্ডের যাহাতে পর্য্যবসান হয়, তাহাই উপাসনাকাণ্ড। প্রকৃত পক্ষে সমগ্র বেদই উপাসনাকাণ্ড। আপাততঃ বেদকে কর্ম্ম-জ্ঞান-রূপ-কাণ্ডদ্বয়াত্মক বলিয়াই প্রতীতি হয়। বহির্দৃষ্টিই তাদৃশী প্রতীতির কারণ। অন্তর্দৃষ্টিতে

দর্শন করিলে, কর্ম্ম ও জ্ঞানের স্বাতন্ত্র্য দৃষ্ট হয় না। তদবস্থায় কর্ম্ম ও জ্ঞান উপাসনারই অঙ্গ বলিয়া স্থির হয়। কর্ম্ম ও জ্ঞানের স্বাতন্ত্র্য যদি না থাকিল, উহারা যদি উপাসনারই অঙ্গ হইল, তবে বেদকে একমাত্র উপাসনাপর বলিয়া সিদ্ধান্ত করাই সঙ্গত হইতে পারিল। কিন্তু সাধারণ লোক সকল সেরূপ সিদ্ধান্ত করেন না। তাঁহারা সমগ্র বেদকেই কর্ম্ম-পর বিবেচনা করিয়া থাকেন। যাঁহারা কর্ম্মকেই নিখিল পুরুষার্থের হেতু বলিয়া জানেন, তাঁহাদিগের পক্ষে ঐরূপ বিবেচনা অসঙ্গত হয় না। সত্য বটে, উপাসনার অঙ্গীভূত কর্ম্ম ও জ্ঞান নিখিল পুরুষার্থের হেতু। কিন্তু তাই বলিয়া কি সমস্ত-কর্ম্ম ও সমস্ত জ্ঞানকেই নিখিল পুরুষার্থের হেতু বলা যাইতে পারে? সত্য বটে, ভক্তের সকল কর্ম্ম ও সকল জ্ঞানই উপাসনার অঙ্গ, কিন্তু তাই বলিয়া কি যিনি নিজকৃত কর্ম্ম ও স্বোপার্জ্জিত জ্ঞানকে উপাসনার অঙ্গ বলিয়া স্বীকার করিতে প্রস্তুত নহেন, তাঁহার সেই সকল কর্ম্ম ও জ্ঞানকেও উপাসনার অঙ্গ বলিতে হইবে? তাহা কখনই নহে। বেদোক্ত সকল কর্ম্ম ও সকল জ্ঞানই উপাসনোদ্দেশ্যক হইলেও অনধিকারীর পক্ষে ঐ সকল কর্ম্মের ও জ্ঞানের স্বাতন্ত্র্যার্থ প্রদ্যোতিত হয়। এইরূপ হয় বলিয়াই এক বেদ-বাক্য অবলম্বনে মানবসমাজে বিভিন্ন মতের আবির্ভাব হইয়াছে। যিনি যেরূপ অধিকারী, অর্থাৎ যিনি তামস অধিকারী তিনি কর্ম্মকে যিনি রাজস অধিকারী তিনি জ্ঞানকে এবং যিনি সাত্ত্বিক অধিকারী তিনি উপাসনাকে বা তদঙ্গীভূত কর্ম্ম ও জ্ঞান উভয়কে পরমপুরুষার্থের সাধন বলিয়া ব্যাখ্যা করিতেছেন। কাল এই মতভেদের সহায়। ত্রিকালসত্য বেদবাক্যসমূহ সর্ব্বজ্ঞ আচার্য্যের

ন্যায় ঐ সকল মতের হেয়তা ও উপাদেয়তা পূর্ব্ব হইতেই স্থির করিয়া রাখিয়াছেন। আমরা আপনাপন বুদ্ধিবৈচিত্র্য অনুসারে ঐ হেয়োপদেয়তা স্থির করিয়া লই। ভ্রান্তিবশতঃ আমরা কথন বা হেয়কে উপাদেয় বলিয়া স্বীকার করিয়া থাকি এবং কথন বা উপাদেয়কে হেয় বলিয়া ত্যাগ করিয়াও থাকি। করুণাময় জগদীশ্বর তদ্দোষের প্রশমনেরও উপায় করিয়া দিয়াছেন। বেদের প্রকৃত অর্থ প্রকাশের নিমিত্ত আমাদিগকে ইতিহাস ও পুরাণ সকল প্রদান করিয়াছেন। তদনুসারে বেদবিচারে প্রবৃত্ত হইলে, বেদের গূঢ়ার্থ সকল আপনা হইতেই প্রকাশিত হইয়া পড়ে। বেদের পূর্ব্বভাগের অর্থাৎ কর্ম্মকাণ্ডের গূঢ় অর্থ সকল উহার উত্তরভাগে অর্থাৎ উপনিষদভিধেয় জ্ঞানকাণ্ডে ব্যক্ত হইয়াছে। এবং জ্ঞানকাণ্ডের গূঢ় অর্থ ও তদর্থনির্ণায়ক বেদান্তসূত্র সকলের গূঢ় অর্থ আবার তদ্ভাষ্যভূত শ্রীমদ্ভাগবতে ও অপরাপর প্রসিদ্ধ পুরাণেতিহাসে ব্যক্ত হইয়াছে। বিদ্যাভূষণ মহাশয়ের ভাষ্যখানি বেদান্তার্থনির্ণায়ক শ্রীমদ্ভাগবতের অনুগত। অপরাপর ভাষ্য গুলির অধিকাংশ স্বকপোলকল্পিত। ঐ সকল ভাষ্যে কর্ম্মকেই নিখিল পুরুষার্থের হেতু, বিষ্ণুকে কর্ম্মের অঙ্গ, স্বর্গাদি কর্ম্মফলকে নিত্য, জীব ও প্রকৃতির স্বাতন্ত্র্য, পরিচ্ছিন্ন প্রতিবিম্বিত বা ভ্রান্ত ব্রহ্মেরই জীবত্ব এবং চিন্মাত্র ব্রহ্মের জ্ঞানেই মুক্তি প্রভৃতি সিদ্ধান্তিত হইয়াছে। স্বয়ং বেদই ঐ সকল দূষিত মতকে পূর্ব্বপক্ষ করিয়া উপনিষদ্ভাগে তাহার সুমীমাংসা প্রচার করিতেছেন। সমগ্র উপনিষদ্ই একবাক্যে বলিতেছেন যে, ভগবান বিষ্ণু কর্ম্মের অঙ্গ নহেন; পরন্ত তিনি স্বাধীন ও নিত্যজ্ঞানসুখস্বরূপ পরমেশ্বর। তিনি সার্ব্বজ্ঞ্যাদি সর্ব্বগুণে বিমণ্ডিত। ঈশ্বর, জীব,

প্রকৃতি, কাল ও কর্ম্ম, এই পাঁচটিই তত্ত্ব। তন্মধ্যে যিনি বিভু-চৈতন্য তিনিই ঈশ্বর এবং যিনি অণুচৈতন্য তিনিই জীব। উভয়েই নিত্যজ্ঞানাদিগুণশালী। উভয়েই অস্মৎশব্দের বাচ্য এবং জ্ঞানস্বরূপ হইয়াও জ্ঞাতা। পরমেশ্বর স্বরূপশক্তিসমন্বিত। তিনিই জগতের সৃষ্টিস্থিতিপ্রলয়কর্ত্তা। তিনিই জীবের ভোগাপবর্গের বিধাতা। তিনি অব্যক্ত হইয়াও ভক্তিব্যঙ্গ্য। জীব বহু। পরেশবৈমুখ্য বশতই জীবগণের বন্ধ এবং তৎসাম্মুখ্য হইতেই মোক্ষ ও ভগবৎসাক্ষাৎকারসুখ। সত্ত্বাদি গুণত্রয়ের সাম্যাবস্থাই প্রকৃতি। প্রকৃতির নিজের কর্তৃত্ব নাই। তিনি পরমেশ্বর কর্তৃক প্রেরিত হইয়াই বিচিত্র জগৎ রচনা করেন। ভূতাদি-ব্যবহার-হেতু জড় বা অজড় রূপে নির্দ্দেশের অযোগ্য দ্রব্যবিশেষের নামই কাল। উহা ঈশ্বরেরই চেষ্টা এবং সৃষ্টি ও প্রলয়ের নিমিত্ত। কর্ম্ম জড় এবং অদৃষ্টাদিশব্দব্যপদেশ্য। ঐ কর্ম্ম অনাদি ও বিনশ্বর। শেষোক্ত চারিটিই পরমেশ্বরের শক্তি। পরমেশ্বর অদ্বিতীয়। "ঈশা বাস্যং" প্রভৃতি মন্ত্র সমূহে এই বিষয়গুলিই ক্রমান্বয়ে প্রকাশিত হইয়াছে। এই মন্ত্রগুলি কর্ম্মকাণ্ডীয় মন্ত্র সকলের সজাতীয় হইলেও কর্ম্মশেষ নহে। কারণ, এই মন্ত্র গুলিতে আত্মযাথাত্ম্য-জ্ঞান-প্রতিপাদন দ্বারা জীবের পরমেশ্বর-সাম্মুখ্য-সাধন উপাসনাই প্রচার করা হইয়াছে। অতএব এই মন্ত্রগুলি উপাসনাপর। যিনি পরমেশ্বরসাক্ষাৎকারাভিলাষী, তিনি যথারীতি এই মন্ত্রগুলির শ্রবণাদিতে রত হইবেন।

"ঈশা বাস্যম্" প্রভৃতি তিনটি মন্ত্রের অনুষ্টুভ্ ছন্দ। "ছাদয়তি এনং পাপাৎ কর্ম্মণঃ ইতি ছন্দঃ" যাহা পাপ কর্ম্ম হইতে রক্ষা করে, তাহারই নাম ছন্দ। এতদ্দ্বারা ঐ সকল

ছন্দের আলোচনায় পাপপ্রবৃত্তির উপশম হয়, ইহাই সূচিত হইতেছে।

বেদ গদ্যপদ্যময়। বৈদিক গদ্যকে ব্রাহ্মণ বা নিগদ বলে। আর বৈদিক পদ্যের নাম ঋক্ অথবা মন্ত্র। বৈদিক মন্ত্রে প্রধানত সাতটি ছন্দ দেখা যায়। যথা, গায়ত্রী, উষ্ণিক্, অনুষ্টুভ্, বৃহতী, পঙ্‌ক্তি, ত্রিষ্টুভ্ ও জগতী। তন্মধ্যে গায়ত্রী ত্রিপদা। ইহার প্রত্যেক চরণে আট আটটি অক্ষর। তিন চরণে চতুর্বিংশতি অক্ষরে গায়ত্রী ছন্দ হয়। এই গায়ত্রীই সকল ছন্দের মূল। ইহাতেই চারি চারি অক্ষর বৃদ্ধি করিলে উষ্ণিক্ প্রভৃতি ছন্দ হয়। উষ্ণিকের অক্ষর-সংখ্যা অষ্টাবিংশতি। উহা হইতে চতুরক্ষরাধিকা অনুষ্টুভ্। অনুষ্টুভ্ হইতে চতুরক্ষরাধিকা বৃহতী। বৃহতী হইতে চতুরক্ষরাধিকা ত্রিষ্টুভ্। এবং তাহা হইতে চতুরক্ষরাধিকা জগতী। বেদে উৎকৃতি পর্য্যন্ত সকল ছন্দই আছে। কিন্তু ঐ সকল ছন্দ পরে প্রকাশিত হয়। এই নিমিত্ত পূর্ব্বোক্ত সাতটি ছন্দই বৈদিক ছন্দ বলিয়া শাস্ত্রে উক্ত হইয়াছে। গায়ত্রী প্রভৃতির ব্যুৎপত্তি যথা—

"গায়ত্যনয়েতি গায়ত্রী। অথবা গায়তো মুখাৎ ত্রিঃ ত্রিপদা উৎপতিতেতি গায়ত্রী। যদ্বা গায়ন্তং ত্রায়ত ইতি গায়ত্রীতি নিরুচ্যতে। গায়ত্র্যা ঊর্দ্ধং স্নিহ্যতে ইষ্যতে ইতি উষ্ণিক্। গায়ত্রীমেব ত্রিপদাং সতীং চতুর্থেন পাদেন অনুষ্টোভতি বর্দ্ধয়তীতি অনুষ্টুভ্। ততোঽপি পরিবর্হণাৎ বৃহতী। ততোঽপি প্রপঞ্চাৎ পঙ্‌ক্তিঃ। পঙ্‌ক্তিঃ পঞ্চপদা। ত্রিবৃৎ বজ্রস্তং স্তোভতীতি ত্রিষ্টুভ্। গততমম্ অন্তিমং ছন্দ ইতি জগতী। যদ্বা জলচরগতিরিব গতির্যস্যা ইতি জগতী। পৃষোদরাদিত্বাৎ সাধুঃ।"

দধ্যঙ্ঙাথর্বণ ঋষি নিষ্কামধর্ম্মনির্ম্মলচিত্ত সৎপ্রসঙ্গলুব্ধ শ্রদ্ধালু শমদমাদিসম্পন্ন উপাসনাধিকারী নিজ পুত্র ও শিষ্যকে বলিতেছেন —

এই স্থাবরজঙ্গমাত্মক বিশ্বে যাহা কিছু আছে, সে সকলই পরমেশ্বর কর্ত্তৃক ব্যাপ্ত রহিয়াছে। তিনি যাহা দেন, তাহাই ভোগ কর। তিনিই বিশ্বের অধিপতি। তিনি ভিন্ন দ্বিতীয় অধিপতি নাই। তিনি যাহা দেন নাই, তাঁহা ভোগ করিতে অভিলাষ করিও না॥ ১॥

তাৎপর্য্য।—এই প্রত্যক্ষপ্রমাণসিদ্ধ ও শ্রুতিপ্রমাণসিদ্ধ স্থাবরজঙ্গমাত্মক নিখিল বিশ্বই পরমেশ্বর কর্ত্তৃক ব্যাপ্ত রহিয়াছে। তিনি জীবগণের অদৃষ্ট অনুসারে তাহাদিগের ভোগের নিমিত্ত এই বিশ্ব রচনা করিয়া তন্মধ্যে অনুপ্রবিষ্ট রহিয়াছেন। তিনিই ইহার পালনকর্ত্তা ও নিয়ামক বিধাতা। নিখিল জগৎই তাঁহার শক্তি। তিনি ঐ শক্তির অধীশ্বর। তিনি যাহা দেন, জীব তাহাই প্রাপ্ত হয়েন, আর তিনি যাহা না দেন, জীব তাহা পাইতে পারেন না। জীব যতই পান, তাঁহার আকাঙ্ক্ষার নিবৃত্তি নাই। কিন্তু তাঁহার আকাঙ্ক্ষার পরিপূরণ না হওয়াতে চিত্তেরও শান্তি ঘটে না। পরমেশ্বরের কৃপায় আত্মসমর্পণ ভিন্ন জীব চরিতার্থ হইতে পারেন না। অতএব অদৃষ্টানুসারে ঈশ্বর যাহাকে যাহা দিয়াছেন, সে যদি তাহাতেই সন্তুষ্ট থাকে, আর অধিক আকাঙ্ক্ষা না করিয়া বিষয়বৈরাগ্যের সহিত পরমেশ্বরের করুণার উপর আত্মনির্ভর করে, তবে যথাকালে শুভাদৃষ্টের উদয়ে পরমেশ্বরসাম্মুখ্যলাভে চরিতার্থ হইতে পারে। আমার চেষ্টায় আমি অধিক লাভ করিতে পারিব, এরূপ জ্ঞান অহঙ্কারমূলক। অহঙ্কারীর পুরুষার্থসিদ্ধির সম্ভাবনা নাই। বিষয়ে অপেক্ষারহিত ও নিরহঙ্কার না হইলে, পরমেশ্বরের সাম্মুখ্য লাভ করা যায় না। দৈন্য ও নৈরপেক্ষ্যই উপাসনার মূল। দৈন্যমূলক ও নৈরপেক্ষ্যমূলক

উপাসনাতেই বহির্মুখতার নিবৃত্তির সহিত অন্তর্মুখতার অভ্যুদয়ে পরমেশ্বরের সাম্মুখ্য ও তৎসাক্ষাৎকার লাভ হয়। উহাই জীবের পরম লাভ। অতএব তুচ্ছ বিষয়ে আসক্ত হইয়া পরম লাভ হইতে বিচ্যুত হওয়া কখনই যুক্তিসিদ্ধ নহে ॥ ১ ॥

বেদার্কদীধিতিঃ।

[জগত্যাং বিশ্বে যৎ কিঞ্চ যৎ কিঞ্চিৎ; বিশ্বে যৎ কিঞ্চিদস্তি তৎ সর্ব্বং ঈশাবাস্যং ঈশেন আবৃতম্। তেন হেতুনা ত্যক্তেন ত্যাগেন জগৎ ভুঞ্জীথাঃ ভোগং কুর্বীথাঃ। কস্য সিদ্ধনং কস্যচিদ্ধনং মা গৃধঃ ন আকাঙ্ক্ষীঃ ॥ ১ ॥]

এই বিশ্বে যাহা কিছু আছে সমস্তই ঈশ্বর কর্ত্তৃক আবৃত। অতএব ত্যাগধর্ম্ম সহকারে ভোগ কর। কাহারো ধনে আকাঙ্ক্ষা করিও না ॥ ১ ॥

ভাবার্থ;—আত্ম শক্তি দ্বারা এই জগৎকে পরমেশ্বর সৃষ্টি করিয়া স্বয়ং সেই শক্তি প্রভাবে ইহাতে ওতপ্রোতভাবে অনুপ্রবিষ্ট হইয়া আছেন। হে জীব, তুমিও তাহার শক্তিনিঃসৃত তত্ত্ববিশেষ। তিনি পরমাত্মা, তুমি আত্মা, অতএব আত্মধর্ম্ম বিচারে তাঁহা অপেক্ষা তোমার আর কেহ হইতে পারে না। তুমি আপাততঃ স্বরূপভ্রম বশতঃ আপনা হইতে সমস্ত বস্তুকে পর বলিয়া তাহাতে স্বার্থপর ভোগ স্বীকার করিতেছ। কিন্তু যদি সমস্ত বস্তুতে পরমাত্ম সম্বন্ধ স্থাপন করতঃ স্বার্থপরতা ত্যাগ কর তাহা হইলে আর তোমার পরধন বলিয়া বিষয় সকল গ্রহণ করিতে হয় না। তুমি ভগবৎপরিচর্য্যায় সমস্ত অর্পণ কর। এবং যাহা কিছু গ্রহণ কর তাহা পরমেশ্বর দত্ত প্রসাদ বলিয়া স্বীকার কর তাহা হইলে সমস্তই আত্মময় হইবে ॥ ১ ॥

কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ।
এবং ত্বয়ি নান্যথেতোঽস্তি ন কর্ম্ম লিপ্যতে নরে ॥২॥

(ঈশোপনিষদ্ভাষ্য)

ইদানীং চিত্তশুদ্ধ্যর্থং বিহিতমবশ্যমনুষ্ঠেয়মিত্যাহ কুর্ব্বন্নেবেতি। কর্ম্মাণ্যগ্নিহোত্রাদীনি নিষ্কামাণি কুর্ব্বন্নেবেহ লোকে শতং শত-সঙ্খ্যাকাঃ সমাঃ সম্বৎসরান্ শতবর্ষপর্য্যন্তং জিজীবিষেৎ জীবিতু-মিচ্ছেৎ। এবং ত্বয়ি জিজীবিষতি কর্ম্ম কুর্ব্বতি চ নরে ইতঃ এতস্মাৎ অগ্নিহোত্রাদিকর্ম্মাণি কুর্ব্বতঃ প্রকারাদন্যথা প্রকারা-ন্তরেণ মুক্তির্নাস্তি যদ্বাতল্লিপ্তত্বং নাস্তীতি ভাবঃ। তাদৃক্ কর্ম্ম তু ন লিপ্যতে ॥ ২ ॥

(ভাষ্যরহস্যবিবৃতি টীকা)

ইদানীমিতি। জিজীবিষেদিতি। ভবানিতি শেষঃ। পুরুষ-ব্যত্যয়ঃ প্রকরণাৎ। পুরুষায়ুষস্য শতবর্ষপরিমিতত্বাৎ শতগ্রহ-ণম্। কালাধ্বনোরত্যন্তসংযোগ ইতি দ্বিতীয়া। যাবচ্ছক্তি কর্ত্তব্যং ন কদাপি ত্যাজ্যমিতি। কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন। মা কর্ম্মফলহেতুর্ভূর্মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণীতি। ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা মনীষিণঃ। লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসেতি ভগবদ্বচনাৎ। ত্বয়ীতি। তব এবং কর্ম্ম কুর্ব্বতো জিজীবিষতো মুক্তিরস্তি প্রকারান্তরেণ তু সা নাস্তীতি ভাবঃ। স্বর্গাদিপ্রাপ্তৌ যথা নানোপায়াঃ সন্তি ন তথা মুক্তাবিত্যর্থঃ। ব্রহ্মার্পণবুদ্ধ্যা কৃতকর্ম্মণা শুদ্ধান্তঃকরণস্যৈব মুক্তিরিত্যাশয়ঃ। ননু কর্ম্মণোঽবশ্যং স্বর্গাদিনা ফলেন ভাব্যং কথং মুক্তিরিতি চেৎ তত্রাহ তাদৃগিতি। মুক্ত্যর্থং ক্রিয়মাণং কর্ম্ম নরে মনুষ্যে ত্বয়ি ন লিপ্যতে ন বধ্যতে। স্বোচিতেনাস-

ঙ্কল্পিতফলেন কর্ম্মণা ভগবন্তমারাধয়ন্তং নরমপি ত্বাং ন কর্ম্ম বাধতে তস্ত মুক্তিকারণান্তঃকরণশুদ্ধ্যাপাদকত্বেনোপক্ষীণশক্তিত্বাদিত্যর্থঃ। উক্তং হি—দ্বাবিমাবথ পন্থানৌ যত্র বেদাঃ প্রতিষ্ঠিতাঃ। প্রবৃত্তি-লক্ষণো ধর্ম্মো নিবৃত্তৌ চ বিভাষিত ইতি ॥ ২ ॥

(সিদ্ধান্তানুবাদ)

অনন্তর চিত্তশুদ্ধির নিমিত্ত বিহিত কর্ম্ম অবশ্য অনুষ্ঠেয়, ইহাই বলিতেছেন ;—

ইহলোকে শাস্ত্রোক্ত কর্ম্ম সকল যথাবিধানে অনুষ্ঠান করিলে, মনুষ্য একশত বৎসর জীবিত থাকিতে পারেন। তিনি তাঁহার ঐ সুদীর্ঘ জীবনে ঈশ্বরার্পণবুদ্ধিতে যে কিছু কর্ম্ম করিবেন, তাহা তাঁহাতে লিপ্ত হইবে না। বিশেষতঃ তাদৃশ অনুষ্ঠান ভিন্ন অন্য কোন প্রকারে মুক্তিলাভ করিতে পারা যায় না ॥ ২ ॥

তাৎপর্য্য।—মনুষ্যের পরমায়ুর পরিমাণ একশত বৎসর। কিন্তু অনাচার ও অত্যাচারে ঐ আয়ুর ক্ষয় হয় বলিয়া অধি-কাংশ লোক ঐ নির্দ্দিষ্ট কালের পূর্ব্বেই গতাসু হইয়া থাকেন। যিনি বিধিবিধানে শাস্ত্রোক্ত আচার পালন করেন, তিনি কখনই অকালে কালগ্রাসে পতিত হয়েন না। দীর্ঘজীবন লাভ সৌভাগ্যের কথা। আত্মযাথাত্ম্যজ্ঞানোপযোগী এই জীবন যদি অসময়ে ক্ষয় প্রাপ্ত হয়, বিকাশোপযোগী কুসুম যদি মুকুলেই বিনষ্ট হইয়া যায়, তদপেক্ষা ক্ষোভের বিষয় ক্ষতির বিষয় আর কি আছে! যে ভগবদুপাসনা দ্বারা পুরুষার্থ লাভ করিতে হইবে, তাহা অবশ্য অবসরসাপেক্ষ। মানবজীবন শতবর্ষব্যাপী হইলেও অবসর-বিবেচনায় অত্যল্প। পণ্ডিতগণ বলিয়া থাকেন, "শতং জীবতি যদ্যল্পং নিদ্রা তস্যার্দ্ধহারিণী। বাল্যরোগজরাদুঃখৈস্তদর্দ্ধমপি

হীয়তে॥” আমাদিগের শতবর্ষপরিমিত জীবনের অর্দ্ধাংশ নিদ্রায় এবং অবশিষ্টার্দ্ধেরও অধিকাংশই বাল্য, রোগ ও জরা প্রভৃতিতে বৃথা অপব্যয়িত হইয়া থাকে। অতএব প্রথমতঃ সুদীর্ঘ জীবন লাভের চেষ্টা, পরে ঐ জীবনকে ঈশ্বরারাধনা দ্বারা সফল করিবার চেষ্টাই আমাদিগের একান্ত কর্ত্তব্য। উভয়ই কর্ম্ম-সাপেক্ষ। সৎকর্ম্ম ভিন্ন দীর্ঘজীবন লাভ ও চিত্তশুদ্ধির কোনটিই হয় না। চিত্তশুদ্ধি ভিন্ন আত্মযাথাত্ম্যজ্ঞানসাধন ভগবদ্ভজনও সুসিদ্ধ হয় না। তদ্ব্যতিরেকে মুক্তিও ঘটে না। সত্য বটে, কর্ম্মের ফল স্বর্গাদিভোগ। উহাও লৌহশৃঙ্খলের পরিবর্ত্তে স্বর্ণ-শৃঙ্খলে বন্ধনের ন্যায় জীবের বন্ধন ভিন্ন আর কিছুই নহে, ইহাও সত্য। কিন্তু কর্ম্ম দ্বিবিধ; প্রবৃত্তিসাধক সকাম কর্ম্ম এবং নিবৃত্তি-সাধন নিষ্কাম কর্ম্ম; সকাম কর্ম্মই জীবকে বন্ধন করে, ভজনের অঙ্গীভূত নিষ্কাম কর্ম্ম তাহা করে না। দৈন্য ও নৈরপেক্ষ্য সহকারে অনুষ্ঠিত ভগবদারাধনলক্ষণ নির্ম্মল কর্ম্ম জীবকে বন্ধন করিতে পারে না। ঐ সকল কর্ম্ম পদ্মপত্রে সলিলের ন্যায়, জীবে লিপ্ত হয় না। অতএব তাদৃশ কর্ম্মই জীবের অনুষ্ঠেয়। উহাই মুক্তির অনন্য সাধন॥ ২॥

(বেদার্কদীধিতিঃ।)

[ইহ জগতি এবং প্রকারেণ কর্ম্মাণি কুর্ব্বন্ শতং সমাঃ জিজীবিষেৎ। ত্বয়ি নরে এবং জীবতি সতি কর্ম্ম ন লিপ্যতে। ইতঃ অন্যথা নাস্তি॥ ২॥]

এই জগতে পূর্ব্বোক্ত প্রকারে কর্ম্মানুষ্ঠান করিয়া শত বৎসর জীবিত থাকিতে ইচ্ছা করুক্। এরূপে জীবিত থাকিলেও তুমি কর্ম্মে লিপ্ত হইবে না। ইহার অন্যথা নাই॥ ২॥

ভাবার্থ ;—সর্ব্বত্র পরমাত্ম সম্বন্ধ স্থাপন পূর্ব্বক কর্ম্মানুষ্ঠান করিলে কেবল আত্মানুষ্ঠানই হইয়া থাকে। অতএব শত শত বৎসর জীবিত থাকিলেও জীবকে দোষ স্পর্শ করিতে পারে না। দেহ যাত্রা নির্ব্বাহ করিতে হইলে কর্ম্ম অবশ্যই অনুষ্ঠেয়, নতুবা জীবন সদ্যই বিনাশ হয় অথবা সুন্দর নির্ব্বাহিত হয় না। যদি পরমাত্মানুশীলনরূপ সংসার পত্তন করা যায় তবে তৎসম্বন্ধীয় কোন কর্ম্মই কর্ম্মস্বরূপে লক্ষিত হইবে না। জ্ঞান বা ভক্তিরূপে লক্ষিত হইবে। পরমাত্ম জ্ঞান কার্য্য সমস্তই ভক্তি। অতএব নারদ বলিয়াছেন ;—

সর্ব্বোপাধিবিনির্ম্মুক্তং তৎপরত্বেন নির্ম্মলম্।
হৃষীকেণ হৃষীকেশ-সেবনং ভক্তিরুত্তমা ॥ ২ ॥

অসূর্য্যা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ।
তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনো জনাঃ ॥৩॥

(ঈষোপনিষদ্ভাষ্য)

অথ কাম্যপরান্ নিন্দতি অসূর্য্যা ইতি। যে কে চ যে কেচিৎ জনাঃ আত্মানং ঘ্নন্তি সংসারে সম্বন্ধয়ন্তীত্যাত্মহনঃ তে প্রেত্য মৃত্বা তান্ লোকান্ অভিগচ্ছন্তি। লোকাঃ কথম্ভূতা ইত্যপেক্ষায়ামাহ অসূর্য্যা নাম ইত্যাদি। অসূর্য্যা অসুরপ্রাপ্যাঃ নাম তে লোকা অন্ধেন গাঢ়েন তমসা আবৃতাঃ সংবৃতা ইত্যর্থঃ। অবিদ্বাংসঃ কাম্যপরাঃ আত্মহন্তারো জনাঃ মৃত্বা দুরন্ততমসাবৃতমসুরলোকং গচ্ছন্তীতি ভাবঃ ॥ ৩ ॥

(ভাষ্যরহস্যবিবৃতি টীকা)

অথেতি। অভীতি। অভিরাভিমুখ্যে। অসুরাণামিমে অসূর্য্যাঃ অসুষু প্রাণেষু এব রমন্ত ইত্যসুরাঃ প্রাণপোষণমাত্র-

পরা অজ্ঞানিনঃ কেবলবিষয়াসক্তাস্তৈঃ প্রাপ্যা অসূর্য্যাঃ। পুনঃ কীদৃশাঃ—অন্ধেন তমসা অজ্ঞানাত্মকেন তমসা আবৃতা আচ্ছাদিতাঃ। অজ্ঞানাধিক্যকারিণ ইত্যর্থঃ। অনাত্মজ্ঞাঃ পুনঃ পুনর্জায়ন্তে ম্রিয়ন্তে বেতি ভাবঃ। উক্তং হি শ্রীভগবতা—কর্ম্মজং বুদ্ধিযুক্তা হি ফলং ত্যক্ত্বা মনীষিণঃ। জন্মবন্ধবিনির্মুক্তাঃ পদং গচ্ছন্ত্যনাময়মিতি। অনেকচিত্তবিভ্রান্তা মোহজালসমাবৃতাঃ। প্রসক্তাঃ কামভোগেষু পতন্তি নরকেঽশুচাবিতি। তস্মাৎ যথাযোগং বর্ণাশ্রমবিহিতকর্ম্মণা ভগবন্তমারাধয়ংস্তৎপ্রসাদেন নিবৃত্তস্বান্তঃকলুষো জাতবৈরাগ্য আত্মবিন্মুক্তো ভবতীতি প্রঘট্টকার্থঃ॥ ৩॥

(সিদ্ধান্তানুবাদ)

অনন্তর কাম্যকর্ম্মপরায়ণ লোক সকলের নিন্দা করিতেছেন;—

যাহারা আত্মঘাতী, তাহারা মৃত্যুর পর প্রগাঢ় তিমিরাবৃত অসুরলোকেই গমন করিয়া থাকে॥ ৩॥

তাৎপর্য্য।—এই মানবজীবন মোক্ষোপযোগী। যিনি ঈদৃশ জীবন প্রাপ্ত হইয়াও তাহার সদ্ব্যবহার করেন না, যিনি দুর্লভ মানবজন্ম প্রাপ্ত হইয়াও ভবসাগর সমুত্তরণের চেষ্টা করেন না, তিনিই আত্মঘাতী। আত্মঘাতীর সত্বর উদ্ধার নাই। তিনি মৃত্যুর পর ভোগলুব্ধ স্বার্থপর লোক সকলের নিবাসভূত গাঢ়ান্ধকারাবৃত নরকে গমন করেন। পক্ষান্তরে নিষ্কাম ভগবৎপরায়ণ সাধু পুরুষ সকল উপাসনা দ্বারা মোক্ষলাভে কৃতার্থ হইয়া আত্মানন্দে ভাসিতে থাকেন। এরূপ লোকের ইহলোকে পুনরাবৃত্তি হয় না। অতএব বুদ্ধিমান ব্যক্তি কর্ম্মফলে আকাঙ্ক্ষারহিত হইয়া স্ববর্ণাশ্রমবিহিত কর্ম্ম দ্বারা ভগবানের আরাধনা করিতে

করিতে তৎপ্রসাদে চিত্তশুদ্ধির অনন্তর ঈশ্বরাতিরিক্ত বিষয়সমূহে নিরপেক্ষ ও ঈশ্বরে সমাসক্ত হইবেন। এইরূপ হইলে, মুক্তি স্বয়ং তাঁহার সেবা করিবে। নতুবা তৎকৃত সকাম কর্ম্মের ফলে তাঁহাকে পুনঃ পুনঃ ইহ সংসারেই গতায়াত করিতে হইবে, এবং তাঁহার অজ্ঞানান্ধকার ক্রমশই ঘনীভূত হইয়া পরমেশ্বরসাক্ষাৎকারের সম্ভাবনা পর্য্যন্ত বিলুপ্ত করিবে ॥ ৩ ॥

(বেদার্কদীধিতি)

[অন্যথা কুর্ব্বন্ নরঃ আত্মহা ভবতি। যে কে আত্মহনঃ জনাঃ তে প্রেত্য অন্ধেন তমসাবৃতান্ অসূর্য্যান্ লোকান্ গচ্ছন্তি ॥ ৩ ॥]

যাহারা পরমাত্ম সম্বন্ধ স্থাপন না করিয়া জগৎকে ভোগ করে তাহারা আত্মহা অর্থাৎ আত্মঘাতী। তাহারা দেহ পরিত্যাগ করিয়া আসুরী ভাব প্রাপ্ত লোক সকল (যাহা অন্ধকারে আবৃত) তাহাই প্রাপ্ত হয় ॥ ৩ ॥

ভাবার্থ ;—যাহারা ধর্ম্মোদ্দেশে কর্ম্ম করে না, বিরাগ লাভোদ্দেশে ধর্ম্মাচরণ করে না এবং আত্মানুশীলনের জন্য বিরাগকে আশ্রয় করে না, তাহাদের সমস্ত কর্ম্ম, ধর্ম্ম ও বিরাগ স্বার্থপর অর্থাৎ কেবল ইন্দ্রিয় তৃপ্তি কারক হয়, আত্মানুশীলনের সহকারী নয়। অতএব তাঁহাদের জীবন মরণ-প্রায়। ভাগবতে বলিয়াছেন,—

ন যস্য কর্ম্ম ধর্ম্মায় ন বিরাগায় কল্পতে।
ন তীর্থপাদসেবায়ৈ জীবন্নপি মৃতো হি সঃ ॥

যে জীবের এরূপ আচরণ, তাহার আত্মা জড়ে বিনষ্ট প্রায় হইতে থাকে। তজ্জন্যই তাহাদিগকে আত্মঘাতী বলা যায়। সেই আত্মঘাতী ব্যক্তিগণ ক্রমশঃ আসুরী ভাবকে লাভ করে ;-

আত্মার স্বাভাবিক দৈবভাবকে ত্যাগ করে। অতএব সর্ব্বতো-ভাবে সংসারে পরমাত্ম সম্বন্ধ স্থাপনপূর্ব্বক শরীর চেষ্টারূপ কর্ম্ম আচরণ কর। নামমাত্র কর্ম্ম থাকিবে। স্বরূপতঃ তাহা ভগবৎ পরিচর্য্যারূপে পরিণত হইবে ॥ ৩ ॥

অনেজদেকং মনসো জবীয়ো
নৈনদ্দেবা আপ্নুবন্ পূর্ব্বমর্ষৎ।
তদ্ধাবতোঽন্যানত্যেতি তিষ্ঠ-
ত্যস্মিন্নপো মাতরিশ্বা দধাতি ॥ ৪ ॥

(ঈশোপনিষদ্ভাষ্য)

ব্রহ্মবিজ্ঞানমেব মুক্তিসাধনমিত্যুক্তম্। তদ্ব্রহ্ম কিংবিধ-মিত্যত আহ অনেজদিতি। ত্রিষ্টুপ্ছন্দস্কেয়মৃক্। অনেজদকম্পন-মচলদভয়মিতি বা একং সমাধিকরহিতম্। যদ্বা সর্ব্বভূতেষু বিজ্ঞানঘনরূপেণৈকম্। মনসো জবীয়ঃ বেগবত্তরং তদপ্রাপ্যম্। দেবা ইন্দ্রিয়াণি ব্রহ্মাদ্যা এনৎ এতৎ ব্রহ্ম ন আপ্নুবন্ গোচরী-কুর্ব্বন্তি। তত্র হেতুঃ পূর্ব্বমর্ষদিত্যাদি। পূর্ব্বমর্ষৎ পূর্ব্বমেব গতং জবনান্মনসোঽপি। কিঞ্চ লোকবিলক্ষণং লক্ষণান্তরমাহ তিষ্ঠদিতি। তিষ্ঠতীতি তিষ্ঠৎ স্বস্থানে স্থিতমপি সর্ব্ব-গতত্বাৎ ধাবতঃ দ্রুতং গচ্ছতঃ অন্যান্ মন-আদীন্ অত্যেতি অতিক্রম্য তিষ্ঠতি অচিন্ত্যশক্তিত্বাদিত্যর্থঃ। কিঞ্চ মাতরিশ্বা বায়ুঃ ক্রিয়াত্মকঃ অপঃ কর্ম্মাণি প্রাণিনাং চেষ্টালক্ষণানি দধাতি ধারয়তি। যদ্বা মাতরিশ্বা যস্মিন্ সর্ব্বকর্ম্মাণি স্থাপয়তীতি ॥ ৪ ॥

(ভাষ্যরহস্যবিবৃতি টীকা)

ব্রহ্মবিজ্ঞানমেবেতি। অনেজদিতি। এজৃ কম্পনে। ন এজ-তীত্যনেজৎ। অজরোঽমৃতোঽভয়ো ব্রহ্মেতি শ্রুতেরভয়মিতি।

সমাধিকরহিতমিতি। ন তৎসমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে ইতি শ্বেতাশ্বতরোক্তেঃ। একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ় ইত্যাদিশ্রুতিবলাদাহ যদ্বেতি। মনস ইতি। মনসো জবীয়ঃ মনো হি বেগবৎ প্রসিদ্ধং ততোঽপি জবীয়ঃ বেগবত্তরং জবোঽস্যাস্তীতি জববদত্যন্তং জববদিতি জবীয়ঃ ঈয়সুনি কৃতে বিন্মতোর্লুগিতি মতুপো লুক্। দেহস্থস্যাপি মনসোঽতিদূরস্থব্রহ্মলোকাদিসঙ্কল্পনং ক্ষণমাত্রাদ্ভবতীতি মনসো বেগবত্তরত্বং তস্যাপ্যগম্যত্বাৎ ব্রহ্ম মনসোঽপি জবীয় ইত্যুপপদ্যতে। দেবা ইতি। দেবা দ্যোতমানাশ্চক্ষুরাদয়োঽপ্যেনন্ন আপ্নুবন্ প্রাপ্তবন্তঃ মনসোঽগম্যত্বাৎ। কিঞ্চ ব্রহ্মাদ্যা দেবা অপি এনৎ ব্রহ্ম নাপ্নুবন্ কার্ৎস্ন্যেন নাজানন্নিতিভাবঃ। পূর্ব্বমিতি। সর্ব্বজগৎকারণং যতো বা ইমানীত্যাদিশ্রুতেঃ। অর্ষদিতি। ঋষগতৌ। অর্ষতীত্যর্ষৎ জ্ঞানস্বরূপং সত্যং জ্ঞানমনন্তমিতিশ্রুতেঃ। সর্ব্বজগৎকারণত্বাৎ জ্ঞানস্বরূপত্বাচ্চ মনসোঽপি জবনমতীত্য বর্ত্তত ইতি শেষঃ। মাতরিশ্বেতি। মাতরি অন্তরীক্ষে শ্বয়তি বর্দ্ধত ইতি মাতরিশ্বা বায়ুঃ টু ও শ্বি গতিবৃদ্ধ্যোরিতি ধাতোঃ। অপ ইতি কর্ম্মনাম। কার্য্যকারণজাতানি যস্মিন্নোতানি প্রোতানি চ যশ্চ সূত্রসংজ্ঞঃ সর্ব্বস্য জগতো বিধারয়িতা সর্ব্বপ্রাণভৃচ্চেষ্টকঃ সোঽপি বায়ুঃ প্রাণিনাং চেষ্টালক্ষণানি কর্ম্মাণি তস্মিন্ ব্রহ্মণি স্বাধিষ্ঠানে সতি দধাতি সর্ব্বচেষ্টকো বায়ুস্তস্যাপি চেতয়িতৃ ব্রহ্মেত্যর্থঃ। ভীষাস্মাদ্বাতঃ পবত ইতিশ্রুতেঃ। যদ্বেতি। মাতরিশ্বা বায়ুঃ অপঃ কর্ম্মাণি আপ্যন্তে প্রাপ্যন্তে সুখদুঃখানি যাভিস্তা অপঃ কর্ম্মাণি আপ্নোতের্হ্রস্বশ্চেতি কিপ্ ধাতোর্হ্রস্বশ্চ তানি কর্ম্মাণি যজ্ঞহোমাদীনি যস্মিন্ দধাতি স্থাপয়তি সর্ব্বপ্রাণিকর্ম্মাণি সমর্পয়তীত্যর্থঃ। দেবা

গাতুবিদো গাতুং বিত্বা গাতুমীতমনসস্পত ইমং নো দেবদেবেষু যজ্ঞং স্বাহা বাচি স্বাহা বাতে বা ইতি সমিষ্টযজুর্মন্ত্রে বায়ুস্থত্বোক্তেঃ সর্ব্বকর্ম্মাণি তাবৎ বায়ৌ স্থাপ্যন্তে সমষ্টিব্যষ্টিরূপোঽসৌ বায়ুরপি তানি সর্ব্বাণি তস্মিন্ দধাত্যতো যাগহোমাদীনাং কর্ম্মণাং পরমাস্পদত্বং ব্রহ্মলক্ষণমিত্যর্থঃ ॥ ৪ ॥

(সিদ্ধান্তানুবাদ)

যাঁহার সাক্ষাৎকার লাভে জীবের চরিতার্থতা সিদ্ধ হইবে। এক্ষণে সেই পরমেশ্বরের স্বরূপ নির্দ্দেশ করিতেছেন ;—

আত্মা নিশ্চল ও সদা একরূপ। তিনি মন হইতেও বেগবান। তিনি ইন্দ্রিয়বর্গ ও তদধিষ্ঠাতা দেবতাগণেরও অগ্রগামী, অতএব উহারা তাঁহাকে জ্ঞানবিষয়ীভূত করিতে পারে না। তিনি সর্ব্বগত, স্বস্থানে থাকিয়াও দ্রুতগামী মন প্রভৃতিকে অতিক্রম করেন। তাঁহার অধিষ্ঠান বশতই বায়ু কার্য্য করিতেছে। এই মন্ত্রটির ত্রিষ্টুভ্ ছন্দ ॥ ৪ ॥

তাৎপর্য্য।—আত্মা বিকারবর্জ্জিত, অতএব তাঁহার চাঞ্চল্য সম্ভব হয় না। তাঁহার সমান বা তাঁহা হইতে অধিক কিছুই নাই। তিনি বিজ্ঞানঘনস্বরূপে সদা একরূপ। ইহ সংসারে মনই সর্ব্বাপেক্ষা বেগবান। মন দেহস্থ হইয়াও ক্ষণমধ্যেই অতিদূরবর্ত্তী ব্রহ্মলোকাদিরও সঙ্কল্প করিতে পারে। কিন্তু ব্রহ্ম তদপেক্ষা বেগবত্তর। কারণ, মনও তাঁহাকে অনুসন্ধান করিয়া পায় না। মন, ইন্দ্রিয় সকল ও তদধিষ্ঠাতা দেবতা সকল অতি দ্রুত ধাবিত হইয়াও তাঁহাকে আত্মগোচর করিতে পারে না। তিনি স্বভাবতই উহাদিগকে অতিক্রম করিয়া অবস্থান করিতেছেন। মন ও ইন্দ্রিয় প্রভৃতি প্রভূত চেষ্টা করিয়াও সাকল্যে ব্রহ্মবস্তুকে বিষয়গোচর করিতে

সমর্থ হয় না। আবার সর্ব্বপ্রাণভৃচ্চেষ্টক প্রাণবায়ু যে কার্য্য করিতেছে, তাহাও ঐ ব্রহ্মের অধিষ্ঠান ব্যতিরেকে সিদ্ধ হয় না। অতএব এক ব্রহ্মই সকলের বিধাতা ও পরমাস্পদ ॥ ৪ ॥

[বেদার্কদীধিতি]

[অনেজৎ ন এজৎ এজ্ কম্পনে নিশ্চলং ইতি অর্থঃ। তৎ আত্মতত্ত্বং নিশ্চলং-একং। মনসঃ জবীয়ঃ। দেবা ইন্দ্রিয়াণি তৎ ন আপ্নুবন্ প্রাপ্তবন্তঃ। যতঃ পূর্ব্বমর্ষৎ পূর্ব্বং এব গতং তৎ ধাবতঃ দ্রুতং গচ্ছতঃ অন্যান্ মনঃপ্রভৃতীন্। অত্যেতি অতিক্রামতি। তৎ তিষ্ঠৎ। তস্মিন্ আত্মনি মাতরিশ্বা বায়ুঃ। অপঃ কর্ম্মাণি দধাতি ধারয়তি ॥ ৪ ॥]

পরমাত্মতত্ত্ব নিশ্চল, এক এবং মন অপেক্ষা বেগবান্। ইন্দ্রিয় সকল তাঁহাকে ধরিতে পারে না যেহেতু আত্মা ইন্দ্রিয়ের পূর্ব্ববর্ত্তী। মনঃপ্রভৃতি ধাবমান হইলে আত্মা তাহাদিগকে অতিক্রম করেন। আত্মা নিশ্চল থাকিলে বায়ু তাহাতে কর্ম্মবিধান করে ॥ ৪ ॥

ভাবার্থ ;—আত্মশব্দে আত্মজাতীয় বস্তু মাত্রকে বুঝায়। অতএব আত্মা বলিলে জীব ও পরমাত্মা উভয়কে বুঝিতে হয়। পরমাত্মা বৃহচ্চৈতন্য। জীব অণুচৈতন্য। এরূপ বিভাগ নিত্য হইলেও তদুভয়ের ধর্ম্মের ঐক্য আছে। বেদবাক্যে অনেক স্থলে আত্মাশব্দে জীব ও অন্যান্য স্থলে আত্মা শব্দে পরমাত্মা বুঝিতে হইবে। যেখানে যেরূপ সম্ভব সেখানে সেইরূপ বুঝিতে হইবে। এস্থলে আত্মতত্ত্ব উভয়ার্থক। জড়জগৎ ও লিঙ্গজগৎ হইতে চৈতন্য বস্তুর শ্রেষ্ঠতা প্রতিপাদিত হইয়াছে। স্থূল ও লিঙ্গ জগতের

মধ্যে মনই শীঘ্রগামী। তাহাও আত্মার পশ্চাৎবর্ত্তী হইয়া পড়ে। জীবাত্মা নিশ্চল হইলেও তদ্গৃহীত মায়া শক্তি পরিণাম স্বরূপ বায়ু প্রাণরূপী হইয়া তাহার কার্য্যবিধান করে। পরমাত্মা নিশ্চল কিন্তু তাহার আত্মগত ইচ্ছা ও ক্রিয়া শক্তি তাঁহাকে আশ্রয় করিয়া ক্রিয়াবতী হয় ॥ ৪ ॥

তদেজতি তন্নৈজতি তদ্দূরে তদ্বন্তিকে।
তদন্তরস্য সর্ব্বস্য তদু সর্ব্বস্যাস্য বাহ্যতঃ ॥৫॥

[ঈশোপনিষদ্ভাষ্য]

রহস্যং সকৃদুক্তং ন চিত্তমারোহতীতি পূর্ব্বমন্ত্রোক্তমপি পুনর্ব্বদতি তদিতি। অনুষ্টুপ্। তৎ প্রকৃতমাত্মতত্ত্বম্ এজতি চলতি তদেব ন এজতি চ স্বতো নৈব চলতি অচলমেব সৎ মূঢ়দৃষ্ট্যা চলতীবেত্যর্থঃ। যদ্বা নৈজতি নৈজয়তি সদাচারান্ পরিত্রাণায় সাধূনামিত্যুক্তেঃ। কিঞ্চ তদ্দূরে দূরদেশেঽস্তি বর্ষকোটিশতৈরপি অবিদুষামপ্রাপ্যত্বাৎ দূরে ইবেত্যর্থঃ। তদ্বন্তিকে তদু অন্তিকে বিদুষাং হৃদ্যবভাসমানত্বাদন্তিক ইবাত্যন্তং সমীপ ইব। ন কেবলং দূরেঽন্তিকে অস্তি কিন্তু অস্য সর্ব্বস্য নামরূপক্রিয়াত্মকস্য জগতোঽন্তরভ্যন্তরে তদেবাস্তি। অস্য সর্ব্বস্য বাহ্যতো বহিরপি তদু তদেবাস্তি আকাশবদ্ব্যাপকত্বাৎ ॥ ৫ ॥

[ভাষ্যরহস্যবিবৃতিটীকা]

রহস্যমিতি। তদ্বন্তিক ইতি। উকারোঽপৃক্তোঽস্পর্শানিতি প্রাতিশাখ্যেন সন্ধিঃ। মন্ত্রস্যাস্য অর্থান্তরমপ্যস্তি। তদ্যথা। পূর্ব্বং কারণরূপমুক্তমিদানীং কার্য্যরূপমুদ্দিশতি তদিতি। তদাত্মতত্ত্বমেজতি সর্ব্বজন্তুরূপেণ স্থিতং সচ্চলতি তদেব নৈজতি স্থাবররূপাবস্থং ন চলতি। তদ্দূরে আদিত্যনক্ষত্ররূপেণ স্থিতত্বাৎ। তদু

অন্তিকে ধরাদিরূপেণ স্থিতত্বাৎ। অস্য সর্ব্বস্য প্রাণিজাতস্য অন্তর্মধ্যে অন্তর্য্যামিরূপেণ স্থিতং তদেব যো বিজ্ঞানে তিষ্ঠন্ বিজ্ঞানাদন্তরো যং বিজ্ঞানং ন বেদ যস্য বিজ্ঞানং শরীরং যো বিজ্ঞানমন্তরো যময়তীতি শ্রুতেঃ। অস্য সর্ব্বস্য জগতো বাহ্যতঃ তদু তদেব কালরূপেণ বিদ্যমানত্বাৎ। অন্তর্বহিঃ পূরুষকালরূপৈরিতি সাত্বতশ্রুতেঃ ॥ ৫ ॥

(সিদ্ধান্তানুবাদ)

অতি গুহ্য বিষয় একবার বলিলে, হৃদয়ঙ্গম করা যায় না, অতএব পূর্ব্বমন্ত্রোক্ত বিষয়টি পুনর্ব্বার বলিতেছেন ;—

আত্মতত্ব সচল হইয়াও অচল, দূরস্থ হইয়াও সমীপবর্ত্তী ; উহা সকলের অন্তঃস্থ হইয়াও বাহ্যগত। এই মন্ত্রটির অনুষ্টুভ ছন্দ ॥ ৫ ॥

তাৎপর্য্য।—আত্মা স্বরূপতঃ অচল হইয়াও অজ্ঞ জীবের সম্বন্ধে সচলের ন্যায়ই প্রতিভাত হইয়া থাকেন। ফলতঃ তিনি অচল হইয়াও নিজ অচিন্ত্যশক্তিপ্রভাবে সচলভাবেই প্রকাশিত হয়েন। তিনি সদা স্বধামস্থ হইয়াও সাধুগণের পরিত্রাণের নিমিত্ত সদাচারপ্রবর্ত্তনার্থ এই প্রপঞ্চে অবতার স্বীকার করিয়া থাকেন। তিনি এত দূরবর্ত্তী যে অজ্ঞ ব্যক্তি সকল শতকোটিবর্ষের চেষ্টাতেও তাঁহার নিকট গমন করিতে পারেন না, অথচ তিনি অতি নিকটস্থ, সদাই সাধুগণের হৃদয়ে বিরাজ করিতেছেন। তিনি এই নামরূপক্রিয়াত্মক জগতের অন্তর্য্যামিস্বরূপে অবস্থান করিতেছেন। তিনি এই পরিদৃশ্যমান সংসারে ওতপ্রোতভাবে রহিয়াছেন। তিনি আকাশের ন্যায় ব্যাপক বস্তু। এই জগতের অভ্যন্তরেও যেরূপ বিরাজ করিতেছেন, ইহার বাহিরেও তদ্রূপ

ইহাকে সর্ব্বতোভাবে আবরণ করিয়া রহিয়াছেন। বস্তুতঃ এই সংসার তাঁহারই শক্তির প্রকাশ। তিনি ভিন্ন কিছুই নাই। তাঁহার আশ্রয় ব্যতিরেকে, অধিষ্ঠান ব্যতিরেকে কোন বস্তুই থাকিতে পারে না। তিনি স্বীয় অচিন্ত্যশক্তিপ্রভাবে সর্ব্ববিধ বিরুদ্ধ গুণের আশ্রয় হইয়া বিরাজ করিতেছেন। নিখিল বিরোধী গুণ তাঁহাতেই সামঞ্জস্য ধারণ করিতেছে॥ ৫॥

(বেদার্কদীধিতি)

[তদেজতি তৎ আত্মতত্ত্বং এজতি চলতি। তন্নৈজতি এজতি তদ্দূরে বর্ত্ততে। তদ্বদন্তিকে বর্ত্ততে। তৎ অন্তরস্য সর্ব্বস্য। তদু তৎ অস্য বিশ্বস্য সর্ব্বস্য বাহ্যতঃ তিষ্ঠতি॥ ৫॥]

সেই আত্মতত্ত্ব সচল ও অচল। দূরে ও নিকটে। বিশ্বের অন্তরে ও বাহিরে বর্ত্তমান॥ ৫॥

ভাবার্থ;—যেমত জড়বস্তু মাত্রে একটী জড়শক্তি লক্ষিত হয় তদ্রূপ আত্মবস্তু মাত্রেই একটী আত্মশক্তি বলিয়া শক্তি আছে। সেই শক্তি ক্রমে জড় সম্বন্ধীয় বিরুদ্ধ ধর্ম্ম সকল আত্মতত্ত্বে সামঞ্জস্য লাভ করে। সচলত্ব ও অচলত্ব রূপ বিরুদ্ধ ধর্ম্ম, দূরত্ব ও নিকটত্ব রূপ বিরুদ্ধ ধর্ম্ম, এবং আন্তর বাহ্য রূপ বিরুদ্ধ ধর্ম্ম জড়ে কোন বস্তুর সম্বন্ধে যুগপৎ থাকা সম্ভব না হইলেও আত্মাতে তদ্গত অচিন্ত্য শক্তি নিবন্ধন তাহা সম্ভব॥ ৫॥

যস্তু সর্ব্বাণি ভূতান্যাত্মন্যেবানুপশ্যতি।
সর্ব্বভূতেষু চাত্মানং ততো ন বিজুগুপ্সতে॥৬॥

[ঈশোপনিষদ্ভাষ্য)

অথোপাসনাপ্রকারমাহ যস্ত্বিতি। অনুষ্টুপ্। যঃ পুনরবিকারী সর্ব্বাণি ভূতানি অব্যক্তাদিস্থাবরান্তানি চেতনাচেতনানি আত্মন্

আত্মনি এব অনুপশ্যতি ব্রহ্মণ্যেব সর্ব্বাণি ভূতানি স্থিতানীতি জানাতি আত্মানং ব্রহ্ম চ সর্ব্বভূতেষু অনুপশ্যতি ততস্তস্মাৎ দর্শনাৎ ন বিজুগুপ্সতে জুগুপ্সাং নাপ্নোতি মুক্তো ভবতীত্যর্থঃ ॥ ৬ ॥

(ভাষ্যরহস্যবিবৃতিটীকা)

অথোপাসনেতি। আত্মন্নিতি সপ্তম্যা লুক্। বিজুগুপ্সতে ইতি। গুপধাতোঃ স্বার্থে সন্‌প্রত্যয়ঃ। যো মাং পশ্যতি সর্ব্বত্র সর্ব্বং চ ময়ি পশ্যতি। তস্যাহং ন প্রণশ্যামি স চ মে ন প্রণশ্যতীতি ভগবদ্বচনসমানার্থকোঽয়ং মন্ত্রঃ ॥ ৬ ॥

(সিদ্ধান্তানুবাদ)

অনন্তর ঐ ব্রহ্মের উপাসনার প্রকার বলিতেছেন ;—

যিনি অব্যক্তাদি স্থাবরান্ত চেতনাচেতন সর্ব্বভূতকে আত্মাতে এবং আত্মাকে সর্ব্বভূতে দর্শন করেন, তিনি আর কখন অধোগতি প্রাপ্ত হয়েন না। তাদৃশ অধিকারীর মুক্তি অবশ্যম্ভাবিনী। এই মন্ত্রটির অনুষ্টুভ ছন্দ ॥ ৬ ॥

তাৎপর্য্য।—এই মন্ত্রটিতে অতি সঙ্ক্ষেপে উপাসনা ও উপাসনার অধিকারী প্রদর্শিত হইয়াছে। অপরাপর অধিকারীর ন্যায় উপাসনার অধিকারীও উত্তম, মধ্যম ও অধম ভেদে ত্রিবিধ। উক্ত ত্রিবিধ অধিকারীর মধ্যে উত্তম অধিকারীর কথাই এই মন্ত্রে বলা হইয়াছে। সাত্বত পুরাণ শ্রীমদ্ভাগবতে উক্ত হইয়াছে,— "অর্চ্চায়ামেব হরয়ে পূজাং যঃ শ্রদ্ধয়েহতে। ন তদ্ভক্তেষু চান্যেষু স ভক্তঃ প্রাকৃতঃ স্মৃতঃ॥" যিনি মানবরচিত শ্রীবিগ্রহকেই শ্রীহরিবুদ্ধিতে শ্রদ্ধাপূর্ব্বক অর্চ্চনা করেন, কিন্তু তদীয় ভক্ত সকলের পূজা করেন না, তিনিই নিম্নশ্রেণীর ভক্ত বা অধিকারী। কারণ, তিনি সাধনমার্গেই অবস্থিত। তাঁহার হৃদয়ে ভাবোদ্রেক

হয় নাই। তিনি তখনও ভক্তের হৃদয়ে ভগবানের নিবাস হৃদয়ঙ্গম করিতে সমর্থ হয়েন নাই। মধ্যম অধিকারী ইহাঁ হইতে অনেকাংশে উৎকৃষ্ট। তল্লক্ষণ যথা, শ্রীমদ্ভাগবতে। "ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎস্বপি। প্রেমমৈত্রীকৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ॥" মধ্যম অধিকারীর ঈশ্বরে প্রেম, তদ্ভক্তে মৈত্রী, ঈশ্বরতত্ত্বানভিজ্ঞ ব্যক্তিতে কৃপা ও স্বমতবিরোধী ব্যক্তিতে উপেক্ষা দৃষ্ট হইয়া থাকে। উত্তম অধিকারীর ত কথাই নাই। তিনি স্থাবরজঙ্গমাত্মক নিখিল সংসারেই শ্রীভগবানকে দর্শন করেন এবং এই সমস্ত বিশ্বকেই শ্রীভগবানে সন্দর্শন করেন। তাঁহার দৃষ্টিতে নিখিল সংসারই ভগবৎক্ষেত্র এবং ভগবানই সংসারের অদ্বিতীয় আশ্রয়। তখন তিনি সকল বস্তুকেই প্রেমনয়নে অবলোকন করেন। তাঁহার সম্বন্ধে এই দুঃখশোকময় সংসার সুখের ও প্রেমের আগার হইয়া উঠে। ভক্তের এই অবস্থা অতি উচ্চ অবস্থা। ইহাই পরমেশ্বরে অনন্যমমতার অবস্থা। এই অবস্থাতে জীবের নিখিলেন্দ্রিয়বৃত্তি ভগবন্মুখী হয়। সুতরাং ভক্ত তখন সর্ব্ববিষয়ে নিরপেক্ষ হইয়া দীনতার সহিত সর্ব্বেন্দ্রিয়-বৃত্তি দ্বারা তত্তদধিপতি শ্রীভগবানের সেবা করিতে উপাসনা করিতে থাকেন। এইরূপ উপাসনায় আত্মার সুদৃঢ় অজ্ঞানাবরণ উন্মুক্ত হইয়া যায়। ভক্ত সর্ব্বত্রই ভগবানের পরমমধুর রূপ দর্শন করিতে থাকেন। তখন তাঁহার হৃদয়ে ভগবানের গুণাবলীর স্ফূর্ত্তির সহিত তদীয় বিচিত্র লীলারসের আস্বাদন—মাধুর্য্যানুভব হইতে থাকে। ভগবান মাধুর্য্যরসের সাগর। সুতরাং যে ভক্ত একবার ঐ সাগরে অবগাহন করেন, তাঁহাকে আর পুনর্ব্বার রসান্তরাস্বাদনার্থ অন্যত্র কুত্রাপি গমন করিতে হয় না তিনি মুক্ত

হয়েন—পরমপুরুষার্থসিদ্ধিতে চরিতার্থ হয়েন। ইহাই উপাসনার শেষ সীমা। ইহাই প্রকৃত নির্বাসন অবস্থা ॥ ৬ ॥

(বেদার্কদীধিতি)

[যঃ তু আত্মনি সর্ব্বাণি ভূতানি অনুপশ্যতি সর্ব্বভূতেষু চ আত্মানং পশ্যতি স ততঃ তস্মাৎ দর্শনাৎ ন বিজুগুপ্সতে জুগুপ্সাং ঘৃণাং ন করোতি ॥ ৩ ॥

যিনি আত্মাতে সর্ব্বভূত এবং সর্ব্বভূতে আত্মা এরূপ দৃষ্টি করেন তিনি তৎপ্রযুক্ত সর্ব্বত্র ঘৃণা শূন্য হন ॥ ৬ ॥

ভাবার্থ ;—ঘৃণাই প্রীতির বিরুদ্ধ তত্ব। ঘৃণা শূন্য না হইলে প্রীতি সম্পত্তি লাভ হয় না। যাঁহার সর্ব্বত্র আত্ম সম্বন্ধ দৃষ্টি থাকে, তাঁহার ঘৃণার পাত্র অভাবে, ঘৃণা জন্মে না। তিনি সহজে প্রীতি সম্পত্তি লাভ করেন ॥ ৬ ॥

যস্মিন্ সর্ব্বাণি ভূতান্যাত্মৈবাভূদ্বিজানতঃ।
তত্র কো মোহঃ কঃ শোকমেকত্বমনুপশ্যতঃ ॥৭॥

(ঈশোপনিষদ্ভাষ্য)

ইমমেবার্থং দ্বিতীয়ো মন্ত্রো বদতীত্যাহ যস্মিন্নিতি। অনুষ্টুপ্। যস্মিন্নবস্থাবিশেষে বিজানতঃ সর্ব্বাণি ভূতানি আত্মনি সন্তি আত্মা চ সর্ব্বভূতেষ্বস্তীতি বিশেষেণ জ্ঞানবতঃ পুরুষস্য সর্ব্বং খল্বিদং ব্রহ্মেত্যাদিবাক্যার্থবিচারেণ সর্ব্বাণি ভূতান্যাত্মৈবাভূদ্ভবন্তি। তত্রাবস্থাবিশেষ একত্বমাত্মৈকত্বমনুপশ্যতস্তস্য কো মোহঃ কঃ শোকশ্চ। শোকশ্চ মোহশ্চাজ্ঞানতো ভবতীতি ॥ ৭ ॥

(ভাষারহস্যবিবৃতি টীকা)

ইমমেবেতি। যস্মিন্নিতি। জ্ঞানিনঃ সর্ব্বভূতেষ্ববস্থিতঃ আত্মা

এক এবেতি জ্ঞানং ভবতি। সর্ব্বভূতস্থিতং যো মাং ভজত্যেকত্ব-মাস্থিতঃ। সর্ব্বথা বর্ত্তমানোঽপি স যোগী ময়ি বর্ত্তত ইতি শ্রীভগবদুক্তেঃ। তত্রেতি। অবিদ্যাকার্য্যয়োঃ শোকমোহয়োঃ সর্ব্বথা-সম্ভবাৎ সকারণকস্য সংসারস্যাত্যন্তমুচ্ছেদো ভবতি। ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন দৃষ্টে পরাবরে ইতিশ্রুতেঃ ॥ ৭ ॥

(সিদ্ধান্তানুবাদ)

উক্ত বিষয়টি পুনর্ব্বার দৃঢ় করিয়া বলিতেছেন ;—

যে অবস্থায় ভক্তের সর্ব্বভূতে আত্মদর্শন হয়, সেই অবস্থায় ঐ আত্মদর্শীর কোন শোক বা কোন মোহই থাকিতে পারে না। এই মন্ত্রটিরও অনুষ্টুভ ছন্দ ॥ ৭ ॥

তাৎপর্য্য।—জ্ঞানী ব্যক্তি সর্ব্বভূতে একই আত্মাকে দর্শন করেন। তাদৃশ জ্ঞানী শ্রেষ্ঠ ভক্ত। এক শ্রীভগবানের শক্তি সর্ব্বভূতে বিরাজিত, ইহাই ভক্তের অনুভব। তিনি জানেন, ব্রহ্মাদি স্তম্ব পর্য্যন্ত সকল পদার্থই শ্রীভগবানের শক্তি। পৃথক্ দৃষ্টি অজ্ঞানের কার্য্য। যতদিন অজ্ঞান থাকে, যতদিন পর্য্যন্ত হৃদয়ে ভগবত্তত্ত্বের অভ্যুদয় না হয়, ততদিনই সংসারের স্বাতন্ত্র্য-বোধ। ভগবত্তত্ত্বের স্ফূর্ত্তিতে ঐ ভেদজ্ঞান অন্তর্হিত হইয়া যায়। সুতরাং তৎকালে সর্ব্বভূতেই আত্মশক্তির—ভগবৎ-শক্তির স্ফূর্ত্তি—সাক্ষাৎকার হইয়া থাকে। ভগবৎ-শক্তির অভ্যুদয়ে – তৎসাক্ষাৎকারে অবিদ্যাকার্য্য শোক-মোহের সম্ভাবনা কোথায় ? অতএব তাদৃশ ভক্ত তৎকালে জীবাত্মযাথাত্ম্য-জ্ঞান-সহকৃত পরমাত্ম-যাথাত্ম্যজ্ঞান লাভে চরিতার্থ হয়েন। ভগবৎপ্রেমানন্দে নিমগ্ন হয়েন। এই অবস্থা চিন্মাত্র-ব্রহ্ম-নির্ব্বাণাবস্থা নহে। কারণ, এই অবস্থায়

ভক্ত আপনাকে ও স্বাতিরিক্ত নিখিল সংসারকে শ্রীভগবানের শক্তি জানিয়া ও শ্রীভগবানকে ঐ শক্তির পরমাশ্রয় জানিয়া তাঁহাতেই প্রেম করিয়া থাকেন। প্রেমিকের প্রেম কখনই নির্ব্বিষয় হইতে পারে না—শূন্যে লয় পাইতে পারে না। উহার বিষয় অবশ্যই থাকিবে। সচ্চিদানন্দঘনবিগ্রহ উপাস্য শ্রীভগবানই উহার বিষয়—আশ্রয়। লীলাময় সবিশেষ শ্রীভগবানই ভক্তিরসিকের উপাস্য তত্ত্ব। নির্ব্বিশেষ-ব্রহ্ম-তত্ত্ব কখনই উপাস্য হইতে পারেন না। তৎকালে সর্ব্বত্রই শ্রীভগবানের একত্ব অনুভূত হইলেও শ্রীভগবান নিজ অচিন্ত্য বিশেষ দ্বারা ভক্তের সম্বন্ধে তাদৃশী অবস্থাতেও সবিশেষরূপেই স্বকীয় লীলারসের পোষণ করিতে থাকেন ॥ ৭ ॥

(বেদার্কদীধিতি)

[যস্মিন্ কালে সর্ব্বাণি ভূতানি আত্মা এব অভূৎ বিজানতঃ একত্বং অনুপশ্যতঃ তস্য তস্মিন্ কালে কো মোহঃ কঃ শোকঃ সম্ভবতি ? ॥ ৭ ॥

যে সময়ে সর্ব্বভূতের সহিত আত্মার একত্ব দৃষ্ট হয় তখন একত্ব দর্শকি পণ্ডিতের কি মোহ ও শোক হইতে পারে ? ॥ ৭ ॥

ভাবার্থ ;—মোহ ও শোক জ্ঞানের বিরুদ্ধ তত্ত্ব। তাহারা যে হৃদয়ে স্থান লাভ করে, সে হৃদয়ে জ্ঞান থাকিতে পারে না। সর্ব্বত্র পরমাত্ম সম্বন্ধে যেরূপ ঘৃণা তিরোহিত হয় তদ্রূপ শোক ও মোহও তিরোহিত হয়। অতএব পরমাত্ম সম্বন্ধ স্থাপন করা নিতান্ত কর্ত্তব্য ॥ ৭ ॥

স পর্য্যগাচ্ছুক্রমকায়মব্রণ-

মস্নাবিরং শুদ্ধমপাপবিদ্ধম্ ।

কবির্মনীষী পরিভূঃ স্বয়ম্ভু-
র্যাথাতথ্যতোঽর্থান্ ব্যদধাৎ
শাশ্বতীভ্যঃ সমাভ্যঃ ॥ ৮ ॥

(ঈশোপনিষদ্ভাষ্য)

এবম্ভূতাত্মজ্ঞানিনঃ ফলমাহ স ইতি। জগতী। যোঽধিকারী পূর্ব্বোক্তপ্রকারেণাত্মানং পশ্যতি স ঈদৃশমাত্মানং পর্য্যগাৎ পর্য্যগাপ্নোতি। কীদৃশম্—শুক্রং শুক্লং শুদ্ধং বিজ্ঞানানন্দস্বভাবম্ অকায়ং ন বিদ্যতে ভোগার্থং কায়ঃ শরীরং যস্য তম্ অব্রণম্ অচ্ছিদ্রং পূর্ণম্ অস্নাবিরং ন বিদ্যন্তে স্নাবাঃ শিরা যস্য সোঽস্নাবিরস্তম্। অত্রৈব হেতুগর্ভবিশেষণমাহ। শুদ্ধমনুপহতম্। তদেব স্পষ্টয়তি। অপাপবিদ্ধং ধর্ম্মাধর্ম্মবর্জ্জিতম্। কায়াদিরহিতোঽপি পরমাত্মা জগৎসর্জ্জনাদি করোত্যচিন্ত্যশক্তিত্বাদিত্যাহ কবিরিতি। জ্ঞানী যং পর্য্যেতি স আত্মা শাশ্বতীভ্যঃ সমাভ্যঃ শাশ্বতীষু সমাসু যাথাতথ্যতঃ যথার্থস্বরূপান্ অর্থান্ পদার্থান্ ব্যদধাৎ বিদধাতি। কীদৃশঃ সঃ—কবিঃ সর্ব্বজ্ঞঃ মনীষী মেধাবী পরিভূঃ সর্ব্বস্য বশী স্বয়ম্ভুঃ স্বতন্ত্রঃ ॥ ৮ ॥

(ভাষ্যরহস্যবিবৃতিটীকা)

এবম্ভূতাত্মজ্ঞানিন ইতি। পর্য্যগাদিতি। ছন্দসি লুঙ্ লঙ্ লিট্ ইতি সূত্রাদ্বর্ত্তমানে লুঙ্। অকায়মিতি সূক্ষ্মশরীরনিষেধঃ অস্নাবিরমিতি স্নাবোপলক্ষিতধাতুময়স্থূলশরীরনিষেধ ইত্যপৌনরুক্তম্। শাশ্বতীভ্য ইতি বিভক্তিব্যত্যয়ঃ। যাথাতথ্যত ইতি। যথাতথাভাবো যাথাতথ্যং যাথার্থ্যং তেন যাথাতথ্যতঃ ভেদে তৃতীয়া। পরিভূরিতি। পরিভবতি সর্ব্বং বশীকরোতি ইতি পরিভূঃ। স্বয়ম্ভুরিতি। স্বয়মেবান্যদনপেক্ষ্য ভবতীতি স্বয়ম্ভুঃ। যদ্বা স প্রকৃতঃ

পরমাত্মা পরিতঃ অগাৎ সর্ব্বং ব্যাপৎ। শুক্রমিত্যাদ্যাঃ শব্দাঃ পুংস্ত্বেন বিপরিণম্যাঃ স ইত্যুপক্রমাৎ। শুক্রো দীপ্তিমান্। অকায়োঽস্নাবির ইতি স্থূলসূক্ষ্মদেহশূন্যঃ। অব্রণঃ অক্ষতঃ বিনাশ-শূন্যঃ। শুদ্ধঃ রাগাদ্যনাবিলঃ। অপাপবিদ্ধঃ কর্ম্মশূন্যঃ। কবিঃ সর্ব্বজ্ঞঃ। মনীষী চতুরঃ। পরিভূঃ মায়াভিভবী। স্বয়ম্ভুর্নির্হেতুকঃ। যাথাতথ্যতঃ সত্যতয়া। ঋতং সত্যং সমীচীনং সম্যক্ তথ্যং যথাতথম্ ইতি হলাযুধঃ। অর্থান্ মহদাদীন্। সমাঃ সম্বৎসরান্ ব্যাপ্য। সম্বৎসরো বৎসরোঽব্দো হায়নোঽস্ত্রী শরৎ সমাঃ ইত্যমরঃ ॥ ৮ ॥

(সিদ্ধান্তানুবাদ)

অনন্তর উক্ত আত্মজ্ঞানীর—ভক্তপ্রবরের ঐ আত্মজ্ঞানের—ভক্তির ফল নির্দ্দেশ করিতেছেন ;—

পূর্ব্বোক্ত আত্মতত্ত্বদর্শী ভক্ত শুদ্ধ, অশরীর, অক্ষত, শিরারহিত, নির্ম্মল, ধর্ম্মাধর্ম্মবিবর্জ্জিত, সর্ব্বজ্ঞ, মেধাবী, মায়াভিভবী, স্বয়ম্ভু ও মহদাদি তত্ত্ব সকলের সৃষ্টিকর্ত্তা পরমাত্মাকে প্রাপ্ত হয়েন ॥৮॥

তাৎপর্য্য।—আত্মতত্ত্বজ্ঞ ভক্ত আত্মার আত্মা পরমাত্মাপর-পর্য্যায় শ্রীভগবানকেই প্রাপ্ত হয়েন। ঐ ভগবান অনন্ত—অনন্ত-শক্তি। তাঁহার স্বরূপ সাকল্যে নির্দ্দেশ করা সম্ভব নহে। কিন্তু তিনি একান্ত অনির্দ্দেশ্যও নহেন। তিনি শুক্র। শুক্র শব্দের অর্থ শুক্ল; অর্থাৎ তিনি বিজ্ঞানানন্দস্বভাব স্বপ্রকাশস্বরূপ পদার্থ। দীপ যেরূপ নিজের প্রকাশে দীপান্তরের অপেক্ষা করে না, শ্রীভগবানও তদ্রূপ। তিনি স্বয়ং দীপ্তিমান্ পদার্থ। তিনি নিজেই নিজের প্রকাশক। তাঁহার প্রকৃতি স্থূলশরীর বা সূক্ষ্ম-শরীর নাই। তিনি পূর্ণ। তিনি শুদ্ধ; ধর্ম্মাধর্ম্মবিবর্জ্জিত।

তিনি সর্ব্বজ্ঞ। তিনি কুশলী। তিনি মায়ার অধীশ্বর। তিনি স্বয়ং অকারণ হইয়াও সর্ব্ব-কারণ-কারণ। এই প্রত্যক্ষ পরিদৃশ্যমান বিশ্ব, তাঁহারই রচিত। তিনিই নিজ কালশক্তি দ্বারা প্রকৃতি-গুণের ক্ষোভোৎপাদন পূর্ব্বক তাহাদিগকে কাল সহকারে মহদাদির আকারে পরিণামিত করিয়া জগতের উৎপাদন করিয়াছেন, অথচ তিনি ইহা হইতে সম্পূর্ণ নির্লিপ্তভাবে অবস্থান করিতেছেন ॥ ৮ ॥

(বেদার্কদীধিতি)

[স পরমাত্মা পর্য্যগাৎ পরি সমন্তাৎ অগাৎ। শুক্রং শুদ্ধং। অকায়ং স্থূল-লিঙ্গরূপজড়দেহরহিতং। অব্রণং অক্ষতং। অস্নাবিরং স্নাবা শিরা তচ্ছূন্যং। শুদ্ধং উপাধিশূন্যং। অপাপবিদ্ধং মায়াতীতং। কবিঃ কান্তদর্শী। মনীষী সর্ব্বজ্ঞঃ। পরিভূঃ সর্ব্বোপরি ভবতি। স্বয়ম্ভূঃ স্বয়ং সিদ্ধঃ। যাথাতথ্যতঃ যথা তথা ভাবো যাথাতথ্যং। সর্ব্বার্থান্ সর্ব্বপদার্থান্ তত্তৎ বিশেষ লক্ষণেন ব্যদধ্যাৎ বিহিতবান্। শাশ্বতীভ্যঃ সমাভ্যঃ নিত্যাভ্যঃ বৎসরেভ্যঃ ॥ ৮ ॥]

পরমাত্মা সর্ব্বব্যাপী শুদ্ধ, অকায়, অক্ষত, শিরা-রহিত, উপাধি শূন্য, মায়াতীত, কবি, সর্ব্বজ্ঞ, স্বয়ম্ভু ও পরিভূ। তিনি স্বীয় অচিন্ত্যশক্তিদ্বারা অন্য নিত্য পদার্থ সকলকে তত্তদ্বিশেষ দ্বারা পৃথক্‌রূপে বিধান করিয়াছেন ॥ ৮ ॥

ভাবার্থ। দ্রব্যং কর্ম্মচ কালশ্চ স্বভাবো জীব এবচ। যদনু-গ্রহতঃ সন্তি ন সন্তি যদুপেক্ষয়া ॥ এই ভাগবৎ বচন দ্বারা পরমে-শ্বরের অধীন পাঁচটী পদার্থ আমরা লক্ষ্য করিতেছি। এই পদার্থগুলি তত্তদ্বিশেষ ধর্ম্ম দ্বারা পরস্পর পৃথক কৃত হইয়াছে। নিত্যো নিত্যানাং শ্চেতন শ্চেতনানা মেকো বহূনাং এই শ্রুতি

বচনে আমরা বুঝিতেছি যে ঐ পাঁচটি নিত্য পদার্থ। পরমাত্মা ঐ সকল নিত্য পদার্থের আশ্রয় স্বরূপ পরম নিত্য। তাঁহার প্রাকৃত শরীর নাই। তাঁহার সিদ্ধ স্বরূপ সর্ব্বদা অপ্রাকৃত। তিনি স্বীয় চিচ্ছক্তি দ্বারা সকল কার্য্য সম্পাদন করেন ॥ ৮ ॥

অন্ধং তমঃ প্রবিশন্তি যেঽবিদ্যামুপাসতে।
ততো ভূয় ইব তে য উ বিদ্যায়াং রতাঃ ॥ ৯ ॥

[ঈশোপনিষদ্ভাষ্য]

ইদানীং পূর্ব্বোক্তপ্রকারেণানাত্মবিদঃ কর্ম্মনিষ্ঠাঃ সন্তঃ কেবলং কর্ম্ম কুর্ব্বন্ত এব যে জিজীবিষন্তি তান্ প্রতি উচ্যতে অন্ধং তম ইতি। ষড়নুষ্টুভঃ। অত্র বিদ্যাবিদ্যয়োঃ সমুচ্চিচীষয়া প্রত্যেকং নিন্দোচ্যতে। যে জনাঃ অবিদ্যাং বিদ্যায়া অন্যাম্ অবিদ্যা কর্ম্ম তাং কেবলামুপাসতে কুর্ব্বন্তি স্বর্গার্থানি কর্ম্মাণি কেবলং তৎপরাঃ সন্তঃ অনুতিষ্ঠন্তি তে প্রাণিনঃ অন্ধমদর্শনাত্মকং তমঃ অজ্ঞানং প্রবিশন্তি সংসারপরম্পরামনুভবন্তীত্যর্থঃ। ততস্তস্মাদন্ধাত্মকাৎ তমসঃ সংসারাৎ ভূয় ইব বহুতরমেব তমস্তে প্রবিশন্তি যে উ যে পুনঃ বিদ্যায়াং কেবলাত্মজ্ঞানে এব রতাঃ ॥৯॥

(ভাষ্যরহস্যবিবৃতিটীকা)

ইদানীমিতি। তত ইতি। কর্ম্ম ত্যক্ত্বা বিহিত কর্ম্মাননুষ্ঠানেন প্রত্যবায়ে সত্যন্তঃকরণশুদ্ধ্যভাবেন জ্ঞানানুদয়াদিতি ভাবঃ ॥ ৯ ॥

(সিদ্ধান্তানুবাদ)

সম্প্রতি, যিনি আত্মার ঈদৃশ তত্ত্ব অবগত না হইয়া কেবল কর্ম্মনিষ্ঠ হয়েন, তাঁহার গতি বলিতেছেন ;—

যাহারা ভক্তি-সম্পর্ক-বর্জ্জিত কেবল স্বর্গাদিফলক কর্ম্মের

অনুষ্ঠান করে, তাহারা অজ্ঞানাবৃত সংসারেই প্রবেশ করিয়া থাকে। আর যাহারা তদ্বর্জ্জিত কেবল আত্মৈক্যজ্ঞানে রত হয়, তাহারা তদপেক্ষা গাঢ়তমসাচ্ছন্ন অবস্থা প্রাপ্ত হয়॥ ৯॥

তাৎপর্য্য।—যাহারা পূর্ব্বোক্তপ্রকার আত্মতত্ত্ববিষয়ে অনভিজ্ঞ, এবং ভক্তিগন্ধশূন্য সকাম কর্ম্মই যাহাদের একমাত্র অবলম্বন, তাহারা তত্তৎ কর্ম্মের ফলস্বরূপ স্বর্গাদি লাভ করিলেও তাহাদিগের এই সংসারে পুনঃ পুনঃ গতায়াত অবশ্যম্ভাবী। ব্রহ্মলোকগত ব্যক্তিরই যখন পুনরাবর্ত্তন শ্রবণ করা যায়, তখন তদধোবর্ত্তী স্বর্গাদি লোক হইতে পতন যে অপরিহার্য্য, তাহা বলা বাহুল্যমাত্র। যাহাই হউক, এই কর্ম্মগতি বরং উৎকৃষ্ট, কিন্তু ভক্তির অনঙ্গীভূত নির্ভেদব্রহ্মানুসন্ধানজ্ঞান আরও অপকৃষ্ট। কর্ম্মগতিতে প্রলয়কাল পর্য্যন্ত অপেক্ষা করিতে হয় না, তৎপূর্ব্বেই উন্নতির সম্ভাবনা পরিদৃষ্ট হইয়া থাকে। কিন্তু তাদৃশজ্ঞানগতিতে সে সম্ভাবনা নাই। জ্ঞানীর প্রাপ্য নির্ব্বিশেষ ব্রহ্ম। তৎপ্রাপ্তিতে ব্রহ্মনির্ব্বাণে অনুভবাভাবে আত্মার পাষাণকল্পত্ব ঘটে। ঐ অবস্থা প্রলয়ান্তস্থায়িনী। প্রলয়াবসানে ব্রহ্ম যখন পুনর্ব্বার সৃষ্ট্যুন্মুখ হয়েন, তখন ঐ সকল জীবের কামনাভাবের বাসনা হইতেই জীবসৃষ্টিতে প্রবৃত্ত হয়েন, অর্থাৎ ঐ সকল জীবের উদ্ধারার্থ ই তদদৃষ্টানুসারেই উহাদিগের পুনঃ সৃষ্টিতে প্রবৃত্ত হয়েন। সুতরাং তৎকালেই তাহাদিগের পুনরুন্নতির অবসর হয়। অতএব জীবের এই অবস্থা জ্ঞানাবস্থা বলিয়া প্রথিত হইলেও প্রকৃতপক্ষে উহাকে গাঢ়তর অজ্ঞানের অবস্থাই বলিতে হইবে। মায়োপাধিবর্জ্জিত ব্রহ্মে বিলয়প্রাপ্ত জ্ঞানীরই যখন এই দশা, তখন মায়োপাধি আত্মার ভাবে ভাবিত জ্ঞানী-

দিগেরত কথাই নাই। যাহারা আপনাকেই ঈশ্বর ভাবিয়া স্বাতিরিক্ত ঈশ্বরের অস্তিত্বে অবিশ্বাসী, তাহারাও যে তদ্রূপ গাঢ়তর তিমিরাবগুণ্ঠনে আচ্ছাদিত হয়, তাহাদিগকেও সেই সকল নাস্তিককেও—অসুরকেও যে পুনর্ব্বার এই ভীষণ সংসারে পুনঃ প্রবেশ করিতে হয়, তদ্বিষয়ে অণুমাত্র সংশয় নাই ॥ ৯ ॥

(বেদার্কদীধিতি)

[যে অবিদ্যাং উপাসতে তে অন্ধং তমঃ প্রবিশন্তি। যে উ তু বিদ্যায়াং রতাঃ তে ততঃ তস্মাৎ অধিকতরং তমঃ প্রবিশন্তি ॥ ৯ ॥]

যিনি অবিদ্যায় অবস্থিত, তিনি অন্ধকারময় স্থানে প্রবেশ করেন। আর যিনি বিদ্যাতে রত হন তিনি তাহা অপেক্ষা অধিক অন্ধকারময় স্থানে প্রবেশ করেন ॥ ৯ ॥

ভাবার্থ। পরমাত্মা হরির একটী অচিন্ত্যস্বরূপ-শক্তি আছে। শ্বেতাশ্বতরে সেই শক্তিকে "পরাস্য শক্তির্ব্বিবিধৈব শ্রূয়তে" "জ্ঞান বল ক্রিয়াচ" ইত্যাদি বাক্য দ্বারা বিচার করিয়াছেন। সে অচিন্ত্য শক্তির একটী প্রভাবকে মায়া বলা যায়। মায়া দ্বারা পরমাত্মা এই বিশ্ব সৃজন করেন। মায়ার দুইটী বৃত্তি, বিদ্যা ও অবিদ্যা। বিদ্যাবৃত্তি জড়কে বিনাশ করে। অবিদ্যাবৃত্তি জড়কে প্রসব করে। জড়াভিভূত মানবগণ অবিদ্যাবৃত্তিতে অবস্থিত, অতএব জড়ের অন্ধকারে তাঁহাদের চিৎ প্রকৃতি আবৃত থাকে। জড় হইতে যাঁহারা বিরক্ত, তাঁহারা জড় বিনাশে সমর্থ হইয়াও ভক্তি ব্যতীত সহজে স্বরূপশক্তির আশ্রয় পান না। অতএব আত্ম বিনাশরূপ অধিকতর অন্ধকারে প্রবিষ্ট হন। মায়িক জগতে পরমাত্মার সম্বন্ধ সংস্থাপন না করিতে পারিলে জীব কখনই জড়মুক্ত হইয়া থাকিতে

পারে না। জড়ে যে বিশেষ নামক ধর্ম্ম আছে তাহার উপাদেয়ত্ব পরিত্যাগ করিতে গেলে নির্ব্বিশেষরূপ অনর্থ আসিয়া চিত্তকে আক্রমণ করে ও জীবের বিশেষ দুর্গতি হয়। দেবগণ বলিয়াছেন, যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিন স্তয্যস্ত ভবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ। আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ পতন্ত্যধোঽনাদৃত যুষ্মদঙ্ঘ্রয়ঃ ॥ ৯ ॥

অন্যদেবাহুর্ব্বিদ্যয়ান্যদাহুরবিদ্যয়া।

ইতি শুশ্রুম ধীরাণাং যে নস্তদ্বিচচক্ষিরে ॥১০॥

(ঈশোপনিষদ্ভাষ্য)

জ্ঞানকর্ম্মণোঃ ফলভেদমাহ অন্যদেবেতি। বিদ্যয়া জ্ঞানেনান্যদেব ফলম্ আহুঃ। অবিদ্যয়া কর্ম্মণা সাধ্যমন্যদেব ফলমাহুঃ। যদ্বা বিদ্যয়াত্মজ্ঞানেনান্যদেব ফলমমৃতরূপমাহুর্ব্রহ্মবাদিনঃ। অবিদ্যয়া কর্ম্মণা বান্যদেব ফলং পিতৃলোকাদিরূপ মাহার্বিদ্বাংসঃ। কর্ম্মণা পিতৃলোকো বিদ্যয়া দেবলোকো দেবলোকো বৈ লোকানাং শ্রেষ্ঠস্তস্মাদ্বিদ্যাং প্রশংসন্তীত্যাদিশ্রুতেঃ। কথমেতদবগতমিত্যাহ ইতীতি। ইত্যেবং শুশ্রুম শ্রুতবন্তো বয়ং ধীরাণাং ধীমতাং বচনম্। যে আচার্য্যা নোঽস্মভ্যং তৎ কর্ম্ম চ জ্ঞানঞ্চ স্বরূপফলতো বিচচক্ষিরে ব্যাখ্যাতবন্তস্তেষাময়মাগমঃ পারম্পর্য্যাগত ইতিভাবঃ ॥ ১০ ॥

(ভাষ্যরহস্যবিবৃতিটীকা)

জ্ঞান কর্ম্মণোরিত্যাদি স্পষ্টেন ॥ ১০ ॥

(সিদ্ধান্তানুবাদ)

এক্ষণে জ্ঞানফলের ও কর্ম্মফলের ভেদ প্রদর্শন করিতেছেন ;—

বিদ্যা অর্থাৎ আত্মৈক্যজ্ঞান বা প্রকারান্তরে নাস্তিক্যবুদ্ধির ফল একপ্রকার এবং অবিদ্যা অর্থাৎ কর্ম্মের ফল অন্যপ্রকার।

যে সকল আচার্য্য আমাদিগকে কর্ম্ম ও জ্ঞানের স্বরূপ এবং ফল উপদেশ করেন, তাঁহাদিগের নিকট এইরূপই শ্রবণ করা যায় ॥১০॥

র্মম চ তব ভবেয়ুর্নাবয়োরস্তি ভেদঃ ॥ ৮৫ ॥

বিধির্নিষেধশ্চ তদা কথং স্যা-
দৈক্যং যতো নাস্তি চ বর্ণ ভেদঃ।
নির্ণীতমদ্বৈতমতং ত্বয়া চেদ্
বৌদ্ধৈস্তদা কো বিহিতোঽপরাধঃ ॥ ৮৬ ॥

ভূতেন্দ্রিয়ান্তঃকরণাৎ প্রধানা-
জ্জীবাভিধানাদপি ভিন্ন আত্মা।
ইতীরিতো ভেদরতে তৃতীয়-
স্কন্ধে পুরস্তাৎ কপিলেন মাতুঃ ॥ ৮৭ ॥

যে ধ্যায়ন্তিগুরূপদিষ্টপদবীমালম্ব্য শূন্যালয়ে
শূন্যান্তঃকরণেন শূন্য মখিলং শূন্যঞ্চ তদ্দৈবতং।
কিং বাচ্যং বহু তত্র শূন্যবিষয়ে নোবাক্য বৃত্তির্যত
স্তেষাং শূন্যধিয়াং ভবেৎ ফলমপি প্রায়েণ শূন্যং কিল॥৮৮॥

শূন্যবাদস্য নিন্দায়াং ভারতে ব্যাসভাষিতং।
তেষাং তমঃ শরীরাণাং তম এব পরায়ণং ॥ ৮৯ ॥
কপিলেন তদুদ্দিষ্টং শূন্য রশ্মিপরং পুরং।
তদেব ভারতে পশ্চাদ্ব্যাসেন সমুদাহৃতং ॥ ৯০ ॥

নৈর্গুণ্যবাদো গুণসাগরেঽপি
তেষামহো গড্ডরিকাপ্রবাহঃ।
সূত্রস্য ভাষ্যং পৃথগেব কৃত্বা
প্রতারয়ন্তি স্বমতপ্রপন্নান্॥ ৯১॥
ঐশ্বর্য্য কর্ত্তৃত্বমুখাঃ সমগ্রা
নিত্যা গুণাস্তে পরমেশ্বরস্য।
ততোবিভুর্নির্গুণ এব কস্মাৎ
নৈর্গুণ্যবাদস্তু বিবাদ এব॥ ৯২॥

জ্ঞানেচ্ছাকৃতিমানয়ং স ভগবান্ নির্ধর্ম্মকত্বং কুতো
বেদৈর্বা প্রতিপাদ্যতে কথমহো নির্ধর্ম্মকশ্চেত্তদা।
নৈর্গুণ্যং গুণসাগরে নিগদিতুং তুষ্ণীং কথং স্থীয়তে
স্বীয়ান্তঃকরণেবিচার্য্যভবতা নির্ণীয়তাং যদ্ভবেৎ॥৯৩॥

প্রতীয়তে ক্বাপি ন বেদ লোকে
নির্দ্ধর্ম্মকং বস্তু খপুষ্পতুল্যং।
প্রতীতিরাস্তে যদি তস্য বেদা-
দ্বেদাঃ প্রমাণং খলুনো তদা স্যাৎ॥ ৯৪॥

প্রস্তরো যজমানো বৈ যথাত্র যজ্ঞ সাধনং।
ধর্ম্মবাধে তথাত্রাপি নির্দ্ধর্ম্মস্তৎপ্রতীয়তে॥ ৯৫॥
ন ধর্ম্মে ধর্ম্মভাবস্তু কুত্রাপি ভবতা কৃতং।
বাধে কল্পিতধর্ম্মস্য বোধঃ সর্ব্বত্রজায়তে॥ ৯৬॥

।।।।। সঙ্গিনী ২য় ব, ৩য় সংখ্যা।

নির্ধর্ম্ম ব্রহ্মবোধে নো সত্যাদেরনুকূলতা।
স সত্যধর্ম্ম ইত্যাদৌ প্রতিকূলত্বমাগতং ॥ ৯৭ ॥
কিঞ্চ কস্মিংশ্চ ধর্ম্মিত্বে সিদ্ধে সিধ্যতি কল্পনা।
শুক্তীরজতমিত্যাদৌ প্রসিদ্ধং রজতং ভবেৎ ॥ ৯৮ ॥
আত্মাপাদানকং বিশ্বং অবিদ্যা কল্পিতং ভবেৎ।
কেচিদ্বিবর্ত্তমিচ্ছন্তি তন্ন হৃদ্যতরং সমং ॥ ৯৯ ॥
মিথ্যাভূত মিদং বিশ্বমিতি বক্তুং ন শক্যতে।
নিত্যক্রীড়াপ্রবৃত্তস্য ক্রীড়াভাণ্ডং যতো হরেঃ ॥ ১০০ ॥

ন স্বপ্নতুল্যো ভবতি প্রপঞ্চঃ
স্বপ্নস্তু নিদ্রা খলু ভূরিদোষং।
ভুক্তঞ্চ পীতং নহি তত্র তৃপ্ত্যৈ
জাগ্রদ্দশায়াং কুরুতে চ তৃপ্তিং ॥ ১০১ ॥
যদ্যেব মিথ্যা পরিদৃশ্যমান
মর্থ ক্রিয়াকারি তদা কথং স্যাৎ।
ঘটেন তোয়াহরণন্তু জাতং
মিথ্যা ন তন্নশ্বরমেব ন্যূনং ॥ ১০২ ॥

মিথ্যাভূতং যদিদমখিলং সর্ব্বমেতদ্বিরুদ্ধং
প্রায়শ্চিত্ত প্রভৃতি কথিতং ধর্ম্মশাস্ত্রে বিরুদ্ধং।
এতে চৌরাঃ কিমিতি ধরণীনায়কেনাপি দণ্ড্যা
মায়াবাদী স শপথবতো বক্তিবর্ণন্তু মিথ্যা ॥ ১০৩ ॥

স্রগ্‌ভোগিভোগোপমমেব বক্তুং
ত্বয়া প্রপঞ্চঃ খলু শক্যতে নো।
বিশেষ দৃষ্ট্যা ননু নাত্র বাধঃ
প্রবাহ নিত্যং সততং বিভাতি ॥ ১০৪ ॥
অয়ং প্রপঞ্চঃ খলু সত্য ভূতো
মিথ্যা নচ শ্রীপতি সংগ্রহেণ।
শুদ্ধত্ব মেতস্য নিবেদনেন
স্বর্ণং যথা রাজতি ধাতু জাতং ॥ ১০৫ ॥
বৈরাগ্য ভোগাবিতি ভক্তিমধ্যে
স্থিতাবুদাসীনতয়া খলু দ্বৌ।
মহাপ্রসাদ গ্রহণন্তু নিত্যং
ভোগঃ কদাচিৎ খলু ভক্তিরেব ॥ ১০৬ ॥
অত্যন্তাভিনিবেশেন ভোগী তু বিষয়ং ভবেৎ।
বিরাগস্তদভাবেপিস্যাদেব পরমার্থতা ॥ ১০৭ ॥
সৎসঙ্গেন পুনঃ পুনর্ভগবতো লীলা কথাবর্ণনাৎ
শুদ্ধপ্রেমবিশুদ্ধভক্তিলহরী চেতঃসরস্যামভূৎ।
অদ্বৈতন্তু মতং বিহায় সহসা দ্বৈতে প্রবৃত্তা বয়ং
লক্ষ্মীকান্তপদারবিন্দযুগলে স্বৈরং ভজামো বয়ং ॥ ১০৮॥
অস্তি লোক বিষয়ে ব্যবহারো
রাজকীয় পুরুষঃ খলু রাজা।

ব্রহ্মজীব বিষয়েপি তথৈব শ্রূয়তে
হি বিবিধাগমমার্গং ॥ ১০৯ ॥

যস্মিন্নুৎপত্তিমায়াৎ ত্রিভুবনসহিতং
চন্দ্রসূর্য্যাদিসর্ব্বং
যস্মিন্নাশান্ত মান্তে ব্রজতি চ বিলয়ং
স্ব স্ব কালেন যস্মিন্।
বেদৈ ব্র্ হ্মাপি বক্তুং প্রভবতি ন কদা
যং গুণাতীত মীশং
সোঽহং বাক্যন্তু কস্মাদুপদিশসি গুরো
মন্দভাগ্যায় মহ্যং ॥ ১১০ ॥

সূক্ষ্মস্থূলসমস্তজন্তুসহিতং ব্রহ্মাণ্ডভাণ্ডাদিকং
পক্বোড়ুম্বর মধ্যলভ্যমশক শ্রেণীব যস্মিন্নভূৎ।
যস্মিন্নাপ্রলয়ঞ্চ তিষ্ঠতি নহি প্রাপ্নোতি যস্মিন্নহো
সোঽহং বাক্যমিদং মদীয় বদনা-
দায়াতি কস্মাদ্গুরো ॥ ১১১ ॥

যস্য শ্রীপরমেশ্বরস্য কৃপয়া মূকোপি বাচালতাং
পঙ্গুঃ পর্ব্বতলঙ্ঘনেঽখিল মহো সামর্থ্যমেতি ক্ষণাৎ।
জন্মান্ধোপ্যরবিন্দ সুন্দর দৃশোদ্বন্দং কিমন্যৎ পরং
বন্দে নন্দকিশোরমিন্দুবদনং তং ভক্তচিন্তামণিং ॥ ১১২॥

কালঃ প্রশস্তোঽনন্তো বা বিষ্ণুভক্তফলং মহৎ
মদ্গুণগ্রাহকঃ কশ্চিৎ কদাচিদ্ভবিতা ভুবি ॥ ১১৩ ॥

শ্রীনারায়ণ ভট্টবর্য্য সবিধে তদ্ভক্তি ভূষাভিধং
সাঙ্গোপাঙ্গমধীত্য ভক্তকৃপয়া জ্ঞানং রহস্যব্রজং।
ভক্ত্যাধার তয়া যথামতি শতশ্লোকী নিবদ্ধা ময়া
জীবব্রহ্মবিভেদ তত্ত্ববিষয়ে সদ্বাক্যমুক্তাবলী ॥১১৪॥

বয়মিহ যদি দুষ্টং প্রোক্তবন্তঃ প্রমাদাৎ
তদখিলমপি বুদ্ধা শোধয়ন্তু প্রবীণাঃ।
স্খলতি খলু কদাচিদ্ গচ্ছতো হস্তপাদঃ
ক্বচিদপি বদ বক্তা বক্তি মোহাদ্বিরুদ্ধং ॥১১৫॥

গুণিগণগুম্ফিতকাব্যে মৃগয়তি খলো
দোষং ন জাতুগুণং।
মণিময় মন্দির মধ্যে পশ্যতি
পিপীলিকা ছিদ্রং ॥ ১১৬ ॥

যে মৎসরা হতধিয়ঃ খলুতে চ দোষং
পশ্যন্তু নাগমনয়ন্তু গুণং গুণজ্ঞাঃ।
আলোকয়ন্তি কিল যে চ গুণং ন দোষং
তে সাধবঃ পরমমী পরিতোষয়ন্তু ॥ ১১৭ ॥

পূর্ণানন্দ কবেঃ কৃতি র্ভগবতো
জীবস্য ভেদা শ্রিতা
তত্ত্বাতত্ত্ব বিবেক বাক্য সুভগা
শ্রীবিষ্ণুভক্তির্মতা।

সাধ্বী মুগ্ধপদ প্রবন্ধ মধুরা

তৎপঠ্যতাং শ্রূয়তাং

ভো ভো ভাগবতোত্তমা মনসি

চেদ্ভক্তির্ভবেদ্বাঞ্ছিতা ॥ ১১৮ ॥

নানালঙ্কারযুক্তা মৃদুমধুর পদ

ন্যাস সম্বর্দ্ধিতশ্রীঃ

পীযূষ প্রখ্যবাক্য প্রকর সুললিতা

চারুসর্ব্বোদ্বলাঙ্গী।

বিজ্ঞানন্দৈক ভূমির্গুণগণ সুভগা

দোষলেশেন হীনা

ভক্তানাং কণ্ঠদেশে নিবসতু সততং

তত্ত্বমুক্তাবলীয়ং ॥ ১১৯ ॥

ইতি শ্রীমধ্বাচার্য্য বিরচিতা

শ্রীশ্রীতত্ত্বমুক্তাবলী সম্পূর্ণা।

তত্ত্বমুক্তাবলী

বা মায়াবাদ শতদূষণী।

শ্রীকেদারনাথ ভক্তিবিনোদ কৃত

বঙ্গানুবাদ।

অনুগত জনের পালয়িতা, ক্রূররাজাদিগের কালস্বরূপ, তরুণ তমালের ন্যায় শ্যামবর্ণ, অনন্ত-কিরণ বিশিষ্ট, সর্ব্বশক্তিসমন্বিত ঊর্দ্ধপুণ্ড্র সমুজ্জ্বলিতললাট, বৈজয়ন্তীমালা পরিশোভিত শ্রীনন্দ-নন্দন জয়যুক্ত হইতেছেন ॥ ১ ॥

পুরাণ শাস্ত্রই বেদের যথার্থ অর্থ প্রকাশক। উপনিষদাদি বেদে যে পরমতত্ত্ব নির্ণীত হইয়াছে, পরাশর বেদব্যাসাদি প্রকৃত প্রস্তাবে স্বীয় স্বীয় পুরাণে তাহাই সরল ভাষায় ভাষ্যরূপে ব্যাখ্যা করিয়াছেন। ইহাই সৎ সম্প্রদায়ের বিশ্বাস। এই পৌরাণিক তাহাকে স্বমত জানিয়া প্রত্যহ তদনুসারে শ্রীমদ্ভাগ-বতাদি পুরাণ বিশেষ আগ্রহ সহকারে পাঠ করিয়া থাকেন। গ্রন্থার্থের তাৎপর্য্যে নিবিষ্ট চিত্ত হইয়া বিশেষ যত্ন পূর্ব্বক বিশুদ্ধ ভক্তজন সেই পুরাণ বাক্য সকল শ্রবণ করেন। তাৎপর্য্য এই যে স্বকপোল কল্পিত বেদান্ত-ভাষ্য পরিত্যাগ পূর্ব্বক ঋষিদিগের বেদান্ত-ব্যাখ্যা শ্রদ্ধাপূর্ব্বক পান ও শ্রবণ করাই কর্ত্তব্য ॥ ২ ॥

সেই পৌরাণিক বেদান্ত ভাষ্যকার অন্যাচার্য্যের স্বকপোল কল্পিত জীবব্রহ্মের অভেদ মত পরিত্যাগ পূর্ব্বক স্বীয় যুক্তি দ্বারা জীব ও ব্রহ্মের নিত্যভেদ স্থাপন করিতেছেন। শ্রুতি ও স্মৃতি

বাক্যকে প্রধান প্রমাণ জ্ঞান করতঃ অনেক প্রকারে অনুমান বিস্তার করিতেছেন ॥ ৩ ॥

জীব সর্ব্বদা পরিচ্ছিন্ন। সুতরাং তিনি ব্রহ্ম হইতে নিত্য ভিন্ন। এই প্রকার অনুমানের অনেক হেতু সকল জানিতে হইবে। তাৎপর্য্য এই যে ব্রহ্ম স্বভাবতঃ অপরিচ্ছিন্ন অর্থাৎ অসীম এবং জীব স্বভাবতঃ পরিচ্ছিন্ন অর্থাৎ সীমাবিশিষ্ট। এইরূপ বহুবিধ শ্রুতিবাক্য আছে যদ্দ্বারা এই জীবকে ব্রহ্ম হইতে ভিন্ন জানিবে ॥ ৪ ॥

যদি বল ঘট ও পট পৃথক্‌রূপে লক্ষিত হইলেও তাহাদের ঐক্য সংস্থাপন হইতেছে, সেইরূপ ব্রহ্ম ও জীবের ঐক্য স্থাপন হউক তাহাতে উত্তর এই ঘট ও পট উভয়েই প্রমেয় বস্তু অর্থাৎ প্রত্যক্ষ অনুমানাদি প্রমাণের অধীন। কিন্তু জীব ও ব্রহ্মে সেরূপ নয় যেহেতু ব্রহ্ম অপ্রমেয়তত্ত্ব ॥ ৫ ॥

মায়াবাদী ভাষ্যকার বলিতে পারেন যে তত্ত্বমসিরূপ মহা-বাক্য দ্বারা জীব ও ব্রহ্মের সাক্ষাৎ অভেদত্ব স্থির হইতেছে। তৎ শব্দে তিনি ত্বং শব্দে তুমি অসি শব্দে হও এই অর্থক্রমে তৎ যে ব্রহ্ম তাহা তুমিই হও অতএব তোমাতে ও তাঁহাতে অভেদ। কিন্তু স্বীয় ভক্ত সম্প্রদায়ের মতবিৎ ভাষ্যকার ভেদ নিরূপণার্থে "তত্ত্বমসি" এই বাক্যের অন্য প্রকার অর্থ করিয়া থাকেন। তৎ শব্দ অব্যয় তস্য শব্দের ষষ্ঠী লোপ করিয়া ব্যবহৃত হইয়াছে। তস্য ত্বং অসি এই শব্দের অর্থ তাঁহার তুমি। তস্য শব্দ ভেদ প্রতীতি হয়। তুমি তদ্বস্তু হইতে পৃথক্‌কৃত হইতেছ। সুতরাং তুমি সেই ব্রহ্ম নও এইরূপ বাক্যার্থ সিদ্ধ হইতেছে ॥ ৬ ॥

তিনি সর্ব্বজ্ঞ সর্ব্বদর্শী অখিল ত্রিভুবন তাঁহার সেই তত্ত্ব

সকলের সৃষ্টি স্থিতি লয় স্বীয় ভ্রুভঙ্গে সদ্য করিয়া থাকেন। তুমি অজ্ঞ ও সাপেক্ষ্যদর্শী অর্থাৎ যাহার দর্শনে অনেক বিষয়ের অপেক্ষা আছে? তিনি সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ ভগবান, সর্ব্ব লোকের সাক্ষী। তুমি নানা তিনি এক। তুমি অতিশয় জড় মলিন তিনি সেরূপ নন। অতএব তাঁহার ও তোমার স্বভাবে এরূপ নিত্য ভেদ আছে। যদি বল "ব্রহ্মাহমস্মি" অর্থাৎ আমি ব্রহ্ম আছি এই বেদবাক্যে প্রথমাকে ষষ্ঠী যে প্রকারে করিতে পার না তাহা হইলে তত্ত্বমসি বাক্যে কেন ষষ্ঠী কর? "অপি চ সোঽয়ং" দেবদত্ত এই দৃষ্টান্ত বাক্যে ষষ্ঠীর উদাহরণ না হইয়া প্রথমা কেন হইল? তদুত্তরে আমি বলিতেছি অগ্নির বিস্ফুলিঙ্গ দৃষ্টান্তস্থলে ষষ্ঠী ব্যবহৃত হইয়াছে, সুতরাং তত্ত্বমসিস্থলে ষষ্ঠী কেন না হইবে॥ ৮॥

কবিগণ ব্রাহ্মণবটু অগ্নি, মুখ পূর্ণচন্দ্রবিম্ব, চক্ষু নীলপদ্ম, কুচ তটমেরু এবং কর পল্লব এরূপ ব্যবহার করিয়া থাকেন; কেননা আহরণীয় ভ্রমবশতঃ অগ্নি ও ব্রাহ্মণবটুতে ভেদ থাকিলেও সাদৃশ্য ঐক্য বোধে প্রথমা ব্যবহার করিয়াছেন; ব্রহ্মাহমস্মি শ্রুতিতেও ব্রহ্ম ও অহং যে জীব ইহাদের নিত্য ভেদ সত্ত্বেও প্রাদেশিক সাদৃশ্য বশতঃ অভেদমতি প্রদর্শন পূর্ব্বক প্রথমা ব্যবহার হইয়াছে। তাৎপর্য্য এই, ব্রহ্ম ও আমাতে নিত্য ভেদ আছে। চিজ্জাতিত্বে ঐক্য বশতঃ এক প্রদেশে অভেদ থাকায় অহং ও ব্রহ্ম এই উভয় পদে প্রথমা ব্যবহার ইহাতে দোষ নাই॥ ৯।

হে মায়াবাদী জীব, যেরূপ সমুদ্রে অনন্ত তরঙ্গ আছে, আমরাও চিৎসমুদ্র রূপ ব্রহ্মে অনন্ত জীব অবস্থিত। যখন তরঙ্গ

কখনই সমুদ্র বলিয়া উক্ত হইতে পারে না, তখন তুমি কিরূপে ব্রহ্ম বলিয়া আপনাকে প্রতিপন্ন করিবে। তাৎপর্য্য এই, সমুদ্র তরঙ্গ বটে যেহেতু তরঙ্গ সমুদ্রের অঙ্গ, কিন্তু তরঙ্গ কখনই সমুদ্র নয়। চিৎকণ জীবগণ ব্রহ্মের অংশ হইলেও জীব ব্রহ্ম হইতে পারে না ॥ ১০ ॥

জ্ঞান ও অজ্ঞান, ধর্ম্ম ও অধর্ম্ম. বিদ্যা ও অবিদ্যা সর্ব্বশাস্ত্রে পৃষ্ঠলগ্ন। অর্থাৎ একের সঙ্গে অন্যটী পৃষ্ঠলগ্নরূপে অবস্থিত বলিয়া কথিত আছে, সেইরূপ ব্রহ্ম ও জীব পরস্পর পৃষ্ঠলগ্ন তত্ত্বদ্বয়। হে সাধু সকল, এখন অকপটে বলুন, জীব ও ব্রহ্মে কিরূপে সর্ব্বাংশ ঐক্য সম্ভব হয় ॥ ১১ ॥

নিখিলাকার ভগবান্ শ্রীপরমেশ্বর মায়াধীশ,—সূর্য্য বিম্ব-স্বরূপ। হে জীব তুমি তাহার মায়াধীন প্রতিবিম্বস্বরূপ। আকাশে একচন্দ্র বহুবিধ জলে পৃথক্ প্রতিবিম্বরূপে লক্ষিত হয়। হে জীব তুমিই বিম্বরূপ ব্রহ্মের প্রতিবিম্বরূপে তাহা হইতে নিত্য পৃথক্। তাৎপর্য্য এই যে, জীব চিৎকণ। মায়াগঠিত না হইলেও মায়াবশ যোগ্য। কিন্তু ভগবান্ মায়ার অধীশ্বর। মায়া তাঁহার আজ্ঞাবর্ত্তিনী দাসী বিশেষ। জীব ভগবানের প্রতি কোন প্রকার অপরাধ করিলে মায়া তাহাকে আবদ্ধ করিয়া মায়ার সত্ত্ব-রজ-তম গুণের বশীভূত করিয়া সুখ দুঃখের অধীন করিয়া ফেলে। সুতরাং স্বভাবতঃ ভগবান্ জীবের স্বভাব হইতে পৃথক্। গুণবদ্ধজীব গুণরূপ জলবিশেষে চিৎ সূর্য্যের প্রতিবিম্ব স্বরূপ। এই বাক্যদ্বারা কল্পিত বিম্বপ্রতিবিম্বিতবাদ নিরস্ত হইল ॥ ১২ ॥

আগমবাক্যে সেই ব্রহ্মকে অপ্রমেয় প্রমাণের অতীত, অবিতর্ক্য তর্কের অতীত; অনীহ নিষ্ক্রিয় বলিয়া স্থির করি-

য়াছেন; এবং তুমি জীব মন ও বাক্যের গোচর বলিয়া স্থির হইয়াছে। সে স্থলে পারমার্থিক অবস্থাতেও ব্রহ্মের সহিত তোমার ঐক্য কিরূপ ঘটিতে পারে। অর্থাৎ কোন অবস্থাতেই তুমি ব্রহ্মের সহিত অভেদ হইতে পার না ॥ ১৩ ॥

হে জীব মায়াবাদ মতের অন্ধকার কর্ত্তৃক তোমার প্রজ্ঞা অপহৃত হইয়াছে। সেই কারণেই তুমি উন্মত্তের ন্যায় মুহুর্মুহু আমি ব্রহ্ম এই কথা বলিতেছ। দেখ তোমার ঐশ্বর্য্য বিভুতা ও সর্ব্বজ্ঞতা কোথায়? হে জীব সর্ষপের সহিত যেরূপ সুমেরু পর্ব্বতের তুলনা, তোমার সহিত সেরূপ ব্রহ্মের অভেদ তুলনা ॥১৪॥

হে জীব, তুমি স্বভাবতঃ পরিচ্ছিন্ন অর্থাৎ সীমাবিশিষ্ট, কিন্তু তিনি আকাশ হইতেও অত্যন্ত ব্যাপক। তুমি এক সময়ে এক স্থানে থাকিতে বাধ্য, তিনি সর্ব্বসময়ে সর্ব্বত্র অবস্থিত। তুমি ক্ষণিক সুখদুঃখের অধীন, তিনি সর্ব্বকালে পরম আনন্দময়। এমত স্থলে সোঽহং (আমিই তিনি) এ বাক্য বলিতে তোমার লজ্জা হয় না? ॥ ১৫ ॥

কাচ কাচই থাকে, মণি মণিই থাকে, শুক্তি শুক্তিই থাকে, রৌপ্য রৌপ্যই থাকে; যে খানে ভ্রমাভাব সেখানে ইহাদিগের পরস্পর ব্যত্যয় জ্ঞান কখনই হইতে পারে না। তবে যে, কাচে মণিজ্ঞান, এবং শুক্তিতে রজত-জ্ঞান, সে কেবল ভ্রম হইতেই জন্মে। তদ্রূপ জীব জীবই থাকেন, এবং ব্রহ্ম ব্রহ্মই থাকেন ভ্রম বশতই তৎ শব্দের প্রথমার্থ, অর্থাৎ আমি সেই ব্রহ্ম এইরূপ তত্ত্বমস্যাদি বাক্য বস্তু ভ্রম হইতেই উক্ত হয়। তাৎপর্য্য এই যেখানে বিশুদ্ধজ্ঞান সেখানে তত্ত্বমসির তৎ শব্দের তস্য অর্থ করিয়া আমি ব্রহ্মের দাস এই বুদ্ধি অবশ্য হইয়া থাকে ॥ ১৬ ॥

তত্ত্বমসি বাক্যে, তৎশব্দার্থে পরমানন্দের পূর্ণামৃতসমুদ্র সাক্ষাৎ পরব্রহ্ম। ত্বং শব্দার্থে ভবভয়ে ব্যগ্রচিত্ত অতি দুঃখী জীব। দেখ বস্তুগতিক্রমে এই দুই তত্ত্ব অত্যন্ত পৃথক্, তিনি- জগতের নিত্য সেব্য তত্ত্ব, এবং তুমি তাহার নিত্য সেবক। সুতরাং ব্রহ্ম ও জীবে কখনই ঐক্য সম্ভাবনা হয় না॥ ১৭॥

মায়াবাদী বলেন যে বেদে ব্রহ্ম বক্তব্য বিষয়ে অভিধা বৃত্তি কার্য্যকরী হয় না তন্নিবন্ধন তিনি অভিধাশক্তির অভাব সত্বে লক্ষণা মাত্র অবলম্বন করেন॥ ১৮॥

এস্থলে বিবেচ্য এই অভিধা শক্তির অভাবে যদি লক্ষণাকরা হয় তাহাহইলে লক্ষণাই বা কিরূপে হইতে পারে কেন না লক্ষণা অভিধাশক্তির শক্য সম্বন্ধ জাত বলিয়া স্থির আছে। অসঙ্গ- অদ্বৈতবস্তু ব্রহ্মে অভিধাশক্তির সম্বন্ধ কিরূপে হইবে॥ ১৯॥

লক্ষণার তিনটী হেতু; মুখ্যার্থবাধহইলে মুখ্যার্থ যোগে লক্ষণারস্থলহয়। প্রয়োজন উপস্থিত হইলে লক্ষণাকরা যায়। রূঢ়ী স্বভাববশতঃ কোন কোন স্থলে লক্ষণার প্রয়োজন। এই তিন কারণে শব্দের অভিধাবৃত্তির সম্বন্ধাশ্রয়ে অন্য যে বৃত্তি অব- লম্বন করিয়া অর্থ হয় তাহার নাম লক্ষণা॥ ২০॥

যেস্থলে অভিধাসম্বন্ধই নাই সেস্থলে লক্ষণার উৎপত্তি কিরূপে হইবে? আদৌ অভিধারবাধ দেখাও পরে লক্ষণা- করিও॥ ২১॥

যাহার অভিধা অঙ্গীকৃতহয় নাই তাহার লক্ষণাহইতে পারে না। যেখানে গ্রামনাই তথায় সীমার প্রয়োজন কি? যেখানে জনক নাই সেখানে পুত্র কিরূপেহয়॥ ২২॥

যেস্থলে বলাযায় যে কুন্তখড়্গাধনুর্বাণাঃ প্রবিশন্তি এস্থলে

লক্ষণা আছে কেন না অচেতন বস্তুতে গতিরূপ ক্রিয়াসিদ্ধি করিতে হইলে পরাক্ষেপ অর্থাৎ অপরের ক্রিয়া লক্ষিতহইতে পারে। কুন্তখড়্গাধনুর্ব্বাণ প্রবেশ করিতেছে বলিলে কুন্তখড়্গ-ধনুর্ব্বাণধারী ব্যক্তিগণ প্রবেশ করিতেছে এইরূপ লক্ষণা হয় ॥২৩॥

গঙ্গায়াং ঘোষঃ অর্থাৎ গঙ্গায় ঘোষপল্লী এই বাক্যে অপরের জন্য স্বসমর্পণরূপ লক্ষণার প্রয়োজন। কেননা জলরূপিণী গঙ্গা ঘোষপল্লীর অবস্থান হইতে পারে না। এস্থলে তটরূপ অপর অর্থ উদয় করিবার জন্য গঙ্গা শব্দের স্বসমর্পণ দেখা যায় ॥ ২৪ ॥

আয়ুর্বৈ ঘৃত অর্থাৎ ঘৃতই আয়ু। এস্থলে ঘৃতের সহিত আয়ুর তাদ্রূপ্যরূপ অভেদবুদ্ধি লক্ষিত হয়। বস্তুতঃ আয়ু ও ঘৃতের একতা নাই। ফলের ঐক্যভ্রমে বাক্যার্থের বাধ করিয়া যে ঐক্য সম্পাদিত হইতেছে লক্ষণা দ্বারা তাহার যথার্থ অর্থ করিতে হইবে ॥ ২৫ ॥

মায়াবাদী যত্নপূর্ব্বক জহৎস্বার্থ, অজহৎস্বার্থ ও গৌণী এই ত্রিবিধ লক্ষণা আশ্রিত করিয়া যে ব্রহ্ম সংস্থাপন করিয়াছেন তাহাতে বস্তুতঃ শক্য লক্ষ্য ও সম্বন্ধরূপ অভিধাশক্তির আশ্রয় সুতরাং আসিয়া পড়িবে ॥ ২৬ ॥

মায়াবাদীর সংস্থাপনে সমতা অভাবে অভিধা-বৃত্তি নাই বলিয়া স্বীকৃত আছে আবার আমরা যে হেতুর অভাব দেখাই-তেছি তাহাতে লক্ষণারও সম্ভাবনা নাই তখন মায়াবাদী মতে কিরূপে ব্রহ্মবোধ্য হইতে পারে। তাৎপর্য্য এই যে মায়াবাদের আচার্য্যগণ যে সকল বিচার আনিয় লক্ষণার দ্বারা ব্রহ্মকে সিদ্ধ করিয়াছেন সে সমস্তই অযুক্ত ॥ ২৭ ॥

বস্তুতস্তু অভিধারূপ মুখ্যবৃত্তি দ্বারা জগৎকর্ত্তা বলিয়া সেই

পরমকারণকে শাস্ত্রে কথিত হইয়াছে এবং সমস্ত দৃষ্টপদার্থের স্বকর্তৃকত্ব অর্থাৎ সকলেই একটী কর্ত্তা আছে ইহা অনুমানের দ্বারা সিদ্ধ হইতেছে ॥ ২৮ ॥

বেদ সকল ও স্মৃতি সকল প্রমাণ মধ্যে পরিগণিত। সেই সকল শাস্ত্রে প্রমেয় বস্তুর অর্থাৎ যাহা প্রমাণ করিতে হইবে তাহার নিশ্চিত রূপে উক্ত হইয়াছে। সর্ব্ব বেদ দ্বারা আমিই বেদ্য এই সিদ্ধ শাস্ত্রবাক্যে বেদই একমাত্র ব্রহ্ম, ব্রহ্মবিষয়ে বক্তা হইতেছেন ॥ ২৯ ॥

মায়াবাদরূপ অসৎ অর্থাৎ মিথ্যা বিষয়কে শব্দ দ্বারা যখন ব্যক্ত করা হইতে পারে তখন সর্ব্বৈশ্বর্য্য বিশিষ্ট চরাচরের কর্ত্তা ব্রহ্মকে শব্দ কেন সংস্থাপন করিতে পারিবে না ॥ ৩০ ॥

তুমি বলিবে যে বেদ বলিয়াছেন বাচো নিবৃত্তা মনসা সহ অর্থাৎ মনের সহিত বাক্য যাহা হইতে নিবৃত্ত হন হে মায়াবাদী-গণ! এই বেদবাক্যের অর্থ তত্ত্ববাদীগণ কিরূপে করেন তাহা শুন। হৃদয়ের সহিত বাক্য ব্রহ্মকে ব্যাখ্যা করেন তথাপি ব্রহ্ম অপরিমেয় তত্ত্ব বলিয়া তাঁহার সমস্ত ভাবে অবগাহন করিতে না পারিয়া নিবৃত্ত হন ॥ ৩১ ॥

বেদ বলেন অবাঙ্মনসো গোচরং অর্থাৎ মন ও বাক্যের তিনি অগোচর। এই কথায় তিনি শব্দবাচ্য নন্ তাহা বলা হইল না। কেবল এইমাত্র বলা হইল শব্দ তাঁহাকে সম্যক্ বলিতে পারে না। শব্দ খঞ্জের ন্যায় একেবারে চলিতে পারে না এরূপ নয় অর্থাৎ শব্দ তাঁহাকে স্পর্শ করিয়াও তাঁহার অনবগাহ্য ভাব ব্যক্ত করিতে পারে না ॥ ৩২ ॥

হে মায়াবাদীগণ তোমরা পণ্ডিতাভিমানী হইলেও মুনি ঋষি

মধ্যে পরিগণিত হইতে পার না। সুতরাং মুনিবাক্য তোমাদের পূজনীয়। শব্দ ব্রহ্মে অবগাহন পূর্ব্বক পরব্রহ্মে গমন করিতে পারা যায় এই প্রকার মুনিবাক্য সকলকে ভ্রান্ত বা প্রলপিত মনে করিও না॥ ৩৩॥

যেরূপ ঘটপট শব্দ বলিলে তত্তৎশব্দের অর্থ প্রতীত হয় সেইরূপ সচ্চিদানন্দাদি শব্দ সকল সাক্ষাৎ ব্রহ্মতত্ত্বতে নিশ্চয় বুঝাইয়া থাকে॥ ৩৪॥

যাহাকে কোন কার্য্য করিতে বলা যায় তিনি প্রযোজ্য। যিনি কার্য্য করিতে বলেন তিনি প্রেরক। প্রেরক যে বাক্য দ্বারা কার্য্য করিতে বলেন তাহা হয় সাক্ষাৎ নয় আরোপ। কোন বৃদ্ধ ব্যক্তি প্রেরক হইয়া কোন প্রযোজ্য বালককে সৈন্ধব আনিতে বলিলেন। সৈন্ধব শব্দে লবণও হয় ঘোটকও হয়। উভয় ব্যক্তির কথোপকথনে পশ্চাৎ জ্ঞান হয় এবং সাক্ষাৎ দেখাইয়া দিলে অগ্রেই জ্ঞান হয়। জ্ঞান উৎপন্ন হওয়া পর্য্যন্ত বালক শব্দার্থে ব্যুৎপন্ন হয় না। অতএব শব্দ কখন সাক্ষাৎকার কখন আরোপ দ্বারা জ্ঞান প্রেরণ পূর্ব্বক বালককে শব্দার্থে ব্যুৎপন্ন করে। শাস্ত্রপ্রেরক হইয়া কোন স্থলে সাক্ষাতে অগ্রেই কোন স্থলে আরোপ দ্বারা পশ্চাৎ ব্রহ্মজিজ্ঞাসুকে ব্যুৎপন্ন করেন॥ ৩৫॥

প্রথমে গুরুর নিকট শ্রবণ করিয়া পুনঃ পুনঃ শাস্ত্রাভ্যাস পূর্ব্বক শিষ্যের ব্রহ্ম প্রভৃতি শব্দের অর্থ নিশ্চয়রূপে সাক্ষাৎকার হয়॥ ৩৬॥

পরমেশ্বরের কর্তৃত্ব সিদ্ধি করিতে গেলে তাঁহার নিত্য শরীরের সিদ্ধি স্বভাবতঃ হইয়া থাকে। ঘটাদি কার্য্য দৃষ্টি করিলে ঘটকর্ত্তা

যে শরীরী ইহাই স্বীকৃত হয়। সে ব্যক্তি অশরীরী নয় ইহা নিশ্চয় স্থির হয় ॥ ৩৭ ॥

যদি পরমেশ্বরের শরীর স্বীকার করিতে হয় তাহা হইলে মানবরূপ আমাদের শরীরের ন্যায় তাঁহার শরীর এটীও মানিতে হইবে। ব্যাপারবান্ সমস্ত কর্তৃত্ব পুরুষদিগের পরস্পর সৌসাদৃশ্য দেখা যায় তাহাতে কোন ভেদ দেখি না ॥ ৩৮ ॥

তবে জীবরূপ কর্ত্তা ও ভগবদ্রূপ কর্ত্তা এই দুএর মধ্যে একটী বিশেষ ভেদ আছে। জড়-জগতে বদ্ধ জীব সকল কোদাল, দা, হল প্রভৃতি বস্তুর সহায় ব্যতীত কিছু করিতে পারে না আবার তাহারা ক্ষুৎপিপাসা প্রভৃতি ষড়ূর্ম্মির বিবশ এবং শ্রমভারে সর্ব্বদা ক্ষিন্ন কিন্তু ষড়ৈশ্বর্য্যপূর্ণ ভগবান্ ভ্রূভঙ্গমাত্রেই সমস্ত কার্য্য করিবার জন্য অবিচিন্ত্যশক্তি-সম্পন্ন ॥ ৩৯ ॥

প্রভু পরমেশ্বর কার্য্য করিতে সেই কার্য্য অন্যরূপে করিতে অথবা সেই কার্য্যকে বিনাশ করিতে অনায়াসেই পারেন। সুতরাং জীবকর্ত্তা ও ভগবৎকর্ত্তার মধ্যে যে ভেদ আছে তাহা অতিশয় বৃহৎ ॥ ৪০ ॥

যদিও জীবের শরীর ভোগায়তনরূপে লোকে প্রসিদ্ধ ভগবানের শরীর তদ্বৎ তথাপি ষড়ৈশ্বর্য্যপূর্ণ জীব-শরীরের ন্যায় ষড়্বিকার রূপ ন্যূনতা নাই। তদ্দ্বারা সমস্ত কার্য্য হইলেও তাহা মায়াতীত সর্ব্বদা চিন্ময় ॥ ৪১ ॥

যদি বল অদৃষ্টক্রমেই তদনুরূপ শরীর হয়, এই যুক্তি ব্যাপ্তি করিয়া ঈশ্বর-শরীরকেও অদৃষ্টজন্য বল, তাহা হইলেও এরূপ বুঝিও না যে ঈশ্বরের কোন অদৃষ্ট আছে তদ্দ্বারা তাঁহার শরীর। ঈশ্বরের শরীর নিত্য। তাঁহার কর্ম্মফল না থাকায় তাঁহার অদৃষ্ট

নাই। আমাদের প্রবল অদৃষ্টক্রমে তাঁহার নিত্য শরীরই আমাদের অদৃষ্টোপযোগী হইয়া আমাদের সম্বন্ধে কার্য্য করিয়া থাকে ॥৪২॥

যদি বল শরীর হইলেই অনিত্য হইবে, এবং এই বিধির ব্যাপ্তি ক্রমে ঈশ্বরের দেহও অনিত্য হউক, তাহা নহে। যে সমস্ত কার্য্যরূপ পৃথিবী অনিত্য হইলেও কারণরূপ পরমাণু নিত্য। তদ্রূপ জীবের অদৃষ্ট জনিত জীবের দেহ অনিত্য হইলেও বদ্ধ জীবদেহের স্বরূপাদর্শরূপ চিন্ময়দেহ নিত্যই থাকে ॥ ৪৩ ॥

একজনের অদৃষ্ট অন্যের প্রতি লগ্ন হয় না এরূপ বলিতে পার না যেহেতু সর্ব্বকৌশলগুরু চক্রপাণি সত্বরেই জীবের শুভাশুভ ক্রমেই জীবের অদৃষ্ট স্বীকার পূর্ব্বক পৌরুষদেহ ধারণ করিয়াছিলেন ॥ ৪৪ ॥

পুরাণে শুনিয়াছি জগদীশ্বরের নাভিপদ্ম হইতে এই সৃষ্ট জগৎ হইয়াছিল ইহাতে প্রতীতি হয় সর্ব্বজগতের অদৃষ্টই ঈশ্বরের শরীর। শরীর ব্যতীত নাভি কোথায় থাকে ॥ ৪৫ ॥

ঈশ্বরের শরীর সর্ব্বেন্দ্রিয়ের আস্বাদ্য বস্তু এবং ষড়্গুণ সর্ব্ববেদের গম্য। সেই শরীরের পাদশৌচোদক রূপে ... পূজিতা হইয়াছেন ॥ ৪৬ ॥

কালবশে যখন যখন অধর্ম্মবৃদ্ধি ও ধর্ম্মহ্রাস হয় তখন তখন সাধুজনের রক্ষা অসাধুজনের নাশ ভগবান্ করিয়া থাকেন ॥ ৪৭ ॥

পরমেশ্বর অবতার ও অবতারী ভেদে দ্বিবিধ। জীব ও মুক্ত বদ্ধ ভেদে দ্বিবিধ ॥ ৪৮ ॥

কেহ কেহ জীবকে পরমেশ্বর-প্রতিবিম্ব বলিয়া বলেন তাহাদের মত সামঞ্জস্য না হওয়ায় অসম্যক্ বলিয়াই স্থিরীকৃত হয় ॥ ৪৯ ॥

পরমেশ্বর অপরিচ্ছিন্ন নির্ম্মল অতএব তাঁহার কল্পিত প্রতি-

বিম্বতা হইতে পারে না। পরিচ্ছেদ অর্থাৎ সীমাশূন্য বস্তুর সর্ব্ব ব্যাপকতা প্রযুক্ত তাহার প্রতিবিম্বতার স্থল নাই। পরিচ্ছিন্ন বস্তুই অন্যত্র প্রতিবিম্বিত হইতে পারে আবার নির্ম্মল পুরুষে ধর্ম্মাধর্ম্ম ও সুখ দুঃখ ভোগ অসম্ভব। ব্রহ্ম প্রতিবিম্বিত হইয়া থাকেন তবে তাঁহারই জীবগত ধর্ম্মাধর্ম্ম ও সুখ দুঃখ ভোগ হইয়া পড়ে। যদি বল ব্রহ্ম প্রতিবিম্বিত হইয়া জড়বৎ হওয়ায় স্বশক্ত্যাভাবে জীবস্বরূপে ধর্ম্মাধর্ম্ম ও সুখ দুঃখ ভোগ করিতেছেন তাহাও অযুক্ত কেননা ব্রহ্ম ও জড় দুই বস্তুর মধ্যে যদি ব্রহ্ম ধর্ম্মাধর্ম্ম সুখ দুঃখ ভোগ হইতে পৃথক্ হন তবে কি জীবের জড়ায়তনটা নিগমোক্ত ধর্ম্মাধর্ম্ম ভোগে কর্ত্তাস্বরূপ হইল ? একথাটীও নিতান্ত অযুক্ত ॥ ৫০ ॥

সূর্য্যাদি পরিচ্ছিন্ন বস্তুরই প্রতিবিম্ব সম্ভব হয়। অপরিচ্ছিন্নতা যাহার ধর্ম্ম তাহার প্রতিবিম্বতা কখনই সম্ভব হয় না ॥৫১॥

শিষ্টগণের অগ্রগণ্য শ্রীসম্প্রদায়ের আচার্য্য রামানুজ মায়াকল্পিত বিম্বপ্রতিবিম্ববাদকে নিন্দা করিয়াছেন। শিষ্টগণ যে মতকে গ্রহণ করিলেন না, তাহা কেবল লোকরঞ্জক মাত্র বস্তুত সত্য নয় ॥ ৫২ ॥

জীবও ব্রহ্মে দ্বাসুপর্ণা এই শ্রুতি হইতে নিত্যভেদ পাওয়া যায় সেই দুইটী ব্যক্তি পরস্পর সখা এই নির্দ্দেশবাক্য হইতে জীব ও ব্রহ্মের মায়াকল্পিত প্রতিবিম্ববাদগর্ভ অভেদ কখনই সম্ভব হয় না ॥ ৫৩ ॥

বেদে আমি ব্রহ্ম সংসারী নই, ব্রহ্ম আত্ম দর্শন করিলে শোকাদি নিবৃত্তি হয় এই সকল বাক্য দ্বারা জীব ও ব্রহ্মের অভেদ অবস্থাকে ফল স্বরূপ বলিয়া নির্ণয় করা হয় নাই ॥৫৪॥

আমি নিশ্চয়ই ব্রহ্ম এবং আত্মাতেই ব্রহ্ম এবম্ভূত দর্শন- হইতে পরোক্ষ বুদ্ধি অর্থাৎ আপনাতে ব্রহ্মেতর অর্থাৎ জড়বুদ্ধি নিবৃত্তিহয়। বস্তুতঃ অভেদ জ্ঞানরূপ ফলহয় না॥ ৫৫॥

ব্রহ্ম বস্তুতে একাগ্রবুদ্ধির পরিশীলন হইলে যে পরিশীলক ব্রহ্ম হইয়া পড়েন এরূপ বলিতে পার না। যেরূপ ভৃঙ্গ চিন্তায় কীটের অপরিবর্ত্তন দৃষ্টহয় সেইরূপ ব্রহ্ম বস্তুর চিন্ময় গুণত্বরূপ একদেশ বিশেষে কিঞ্চিৎ প্রবেশ হয় এইমাত্র জানিবে॥ ৫৬॥

শূদ্র যদি ভক্তিপূর্ব্বক ব্রাহ্মণ পূজা করেন তাহা হইলে তাহার কি ব্রাহ্মণত্ব লাভ হইয়া থাকে? কেবল তাহার শরীরে ব্রাহ্মণের কিঞ্চিৎমাত্র গুণ প্রবেশ করে শূদ্রজাতি কখন ব্রাহ্মণ হয় না॥৫৭

কর্ম্মকর্ত্তৃব্যপদেশাচ্চ এই সূত্রে সূত্রকার বেদব্যাস জীব ও ব্রহ্মের নিত্যভেদ স্বীকার করিয়াছেন। ভাষ্যকার ও শঙ্করাচার্য্য ঋতং পিবন্তৌ সুকৃতস্য লোকে গুহাং প্রবিষ্টৌ পরমে পরার্দ্ধে এই কয় বচন লক্ষ্য করিয়া প্রথমাধ্যায়ের দ্বিতীয় পাদে একাদশ সূত্রার্থে এই পূর্ব্বপক্ষ তুলিলেন আত্মানৌ শব্দে কি বুদ্ধি জীব অথবা জীবও পরমাত্মাকে বুঝা যাইবে? সিদ্ধান্ত স্থির করিলেন বিজ্ঞানাত্মা ও পরমাত্মাকেই গ্রহণ করিতে হইবে। অতএব শঙ্করাচার্য্য মহাশয় সূত্রকারের ভেদমতই বস্তুতঃ স্বীকার করিয়াছেন॥ ৫৮॥

স্মৃতেশ্চ এই বেদান্তসূত্রের প্রথমাধ্যায় দ্বিতীয়পাদে পঞ্চমসূত্র ব্যাখ্যায় "ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেহর্জ্জুন তিষ্ঠতি। ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া এই গীতাবচন উঠাইয়াছেন। এই বচন বিচার করিলে জীবাত্মা ও পরমাত্মার নৈসর্গিক ভেদ সিদ্ধহয়। কেন না ত্বমেব শরণং গচ্ছ সর্ব্ব ভাবেন ভারত। তৎ

প্রসাদাৎ পরাং শান্তিং স্থানং প্রাপ্স্যসি শাশ্বতং॥ এই দ্বিতীয় বচনে সেব্য সেবক ভাবের উক্তি আছে। জীব ও ব্রহ্মের আত্মনৈসর্গিক ভেদ না থাকিত তাহাহইলে সেব্য সেবক ভাবের উক্তি কেন থাকিত। ভাষ্যকর্ত্তা শঙ্করাচার্য্যের অন্তঃকরণে ইচ্ছানাথাকিলে সত্য কথা কণ্ঠে বাহির হইয়া পড়িয়াছে॥ ৫৯॥

আমিজীব কখনসুখী কখন দুঃখী কিন্তু তিনি পরমাত্মা সর্ব্বদা সুখস্বরূপ এই দুই ভিন্ন পদার্থের যে ভেদ কি কখন এক হইতে পারে॥ ৬০॥

তিনি নিত্য, স্বয়ং জ্যোতিঃ, অনাবৃত, অত্যন্ত শুদ্ধ এবং জগতের একসাক্ষী এই সমস্ত বিশেষণ বেদে অনেকস্থানে কথিত আছে। জীবকে যেখানে যেখানে বর্ণন করা হইয়াছে সেই সেই-স্থলে এপ্রকার বিশেষণ দ্বারা বর্ণন করা হয় নাই। সুতরাং এই বিশেষ তত্ত্ব বিচারিতহইলে অভেদবাদ বৃক্ষের উপরে বজ্র পাতহয়॥ ৬১॥

যাঁহারা জীব ও পরমাত্মার অভেদ স্থাপন করেন তাহাদিগের মতে দ্বন্দ্ব সমাস বাধহয় ব্যাকরণ বাকৃদৃষদাদি রূপ উদাহরণদ্বারা ভেদ স্থলেদ্বন্দ্বসমাস কথিত হইয়াছে অভেদস্থলে কখনই দ্বন্দ্ব সমাস-হয় না। জীবও পরমাত্মা যদি অভেদহইত তাহাহইলে জীবা-ত্মনোঃ শব্দ দ্বন্দ্বসমাসে ব্যবহারহইতে পারিত না কিন্তু শাস্ত্রে যখন সেইরূপব্যবহার দেখা যাইতেছে তখন শাস্ত্রকর্ত্তাদিগেরমতে জীব ও পরমাত্মার ভেদ স্বীকৃত হইয়াছে॥ ৬২॥

যদি অভেদ হইত তাহাহইলে সমনাধিকরণ কর্ম্মধারয় ব্যব-হার হইত। নীলোৎপল শব্দে সমানাধিকরণ কর্ম্মধারয় সমাসের উদাহরণ॥ ৬৩॥

যেরূপ অন্নব্রহ্ম ইত্যাদি বাক্যের বহুবিধ শ্রুতি আছে তদ্রূপ ব্রহ্মাহমস্মি এইশ্রুতিকে উপাসনাপরা বলিয়া জানিবে। তাৎপর্য্য এই অন্নব্রহ্ম এই শব্দে অন্নের কিঞ্চিৎ ব্রহ্ম সম্বন্ধ যেরূপ প্রকাশ পায় সেইরূপ আমি ব্রহ্ম এই শ্রুতি দ্বারা উপাসনামার্গে আমার দেহাত্মাভিমান পরিত্যাগপূর্ব্বক ব্রহ্মধর্ম্মগত চিদভিমানের প্রয়োজনতা জানিবে॥ ৬৪॥

বেদে ও পুরাণে জীবব্রহ্মের অনেকগুলিভেদবাক্য ও অভেদ বাক্য আছে। মাৎসর্য্যপরিত্যাগপূর্ব্বক তথ্য বিচার করিয়া ধীর সকল শরীরকেই পথ্য বলেন। অর্থাৎ ব্রহ্মশরীর ও জীবের নিত্য শরীর পরস্পর পৃথক্ এইরূপ বিশ্বাসই পথ্য ইহা স্থিরকরেন॥৬৫॥

হে প্রতারিতমতি ভ্রান্তজীব, তোমার মুখ হইতে "আমিব্রহ্ম" এইকথাটী দূর করিয়া দাও। এই সংসাররূপ দুস্তরমহার্ণবমধ্যে মগ্ন এবং যথেষ্টরূপে দৈবহত, যে তুমি কিরূপে ব্রহ্ম হইতে পার॥৬৬॥

রুদ্র প্রভৃতি দেবতাগণের সেব্য প্রকটপরমানন্দপূর্ণ অমৃত সমুদ্র স্বরূপ সেই লক্ষ্মীকান্ত ভগবান। যাঁহার পাদপদ্ম হইতে গঙ্গা নিঃসৃত হইয়াছেন, যিনি ভ্রুভঙ্গে এই নিখিল জগৎ পূর্ব্বে সৃষ্টি করেন, তুমি কহিতেছ আমি সেই। এবংবিধ বাক্য অত্যন্ত অন্যায়, কেন না তিনি রাজা এবং তুমি রক্ষ্য অর্থাৎ প্রজা॥৬৭॥

অরে মন্দমতি! যিনি ব্রহ্মাণ্ডভাণ্ডাদিপূর্ণ অখণ্ডমণ্ডলে ব্যাপ্ত তিনিই যে তুমি একথা কিরূপে বল? তুমি কাহার সম্বন্ধে আছ? কোথা হইতে আসিয়াছ? তোমার সংসারবন্ধন কষ্ট কিরূপ? সেই সমস্ত নিজের হৃদয়ে চিন্তা করিয়া ভ্রান্ত মায়াবাদীর উপদিষ্ট পথ পরিত্যাগ কর॥ ৬৮॥

হে জীব তুমি আর সোহং এই বাক্যটী বলিও না। সেব্য-

সেবকভাবে সেই শ্রীহরিকে নিত্য ভজন কর। তাহা করিলেই তোমার সদ্গতি নিশ্চয় হইবে। তাহা না করিলে অবশ্য অধঃ-পাতহইবে। এবং তুমি নানাযোনিতে গর্ভবাসকরিয়া অনেক দুঃখ পাইবে। পুনঃপুনঃ স্বর্গে বা নরকে ভ্রমণ করিতে থাকিবে॥৬৯॥

সোহং জ্ঞানটি তোমার ভ্রম। সেই হরির পাদপদ্ম ভজন কর। আমি তাঁহার নিত্য দাস এবং তিনি ত্রৈলোক্যনাথ এই ভাবনা কর। অদ্বৈতবাদ অতি শীঘ্র পরিত্যাগ পূর্ব্বক দ্বৈতবাদে প্রবৃত্ত হও। তোমার নিজ অন্তঃকরণে সম্প্রতি হরিতে যদি একান্ত ভক্তি হইয়া থাকে তবে এইরূপ কর ॥ ৭০ ॥

নারদ পঞ্চরাত্র বিষয় অবলম্বন পূর্ব্বক অন্য শাস্ত্রে ও সর্ব্বশাস্ত্রে সম্পূর্ণ বৈষ্ণবতন্ত্র সূত্র অবগত হইয়া যে হিতবাক্য হয় তাহা নির্ণয় কর। যদি বল মায়াবাদী পণ্ডিতগণ ঐ সমস্ত শাস্ত্র পড়িয়াছেন তবে তাহার তাৎপর্য্য শুন। মায়াবাদরূপ দুরাগ্রহগ্রস্তবুদ্ধি-দূষিত দুর্জ্জনব্যক্তি জীব ও পরমাত্মার ভেদ ঐসকলশাস্ত্র পাঠেও জানিতে পারে না। ইহাই তাহাদের দুর্ম্মতির প্রধান হেতু ॥৭১॥

পিত্তাধিক্যদূষিতজিহ্বা যেরূপ মিষ্টদ্রব্যের মাধুরী আস্বাদনে অসমর্থ, কাচ কামলরোগ পীড়িত ব্যক্তি যেমত শঙ্খস্থ শুক্লতা দেখিতে পায় না, বিষয়মাত্রাচিন্তাযুক্ত চিত্ত যেমন হরিকীর্ত্তনের সুখ জানিতে, দেখিতে ও লাভ করিতে পারেনা, সেইরূপ মায়া-বাদী নিজের মায়াবাদরোগগ্রস্ত ভগবদ্ভজন সুখ প্রাপ্ত হয় না ॥৭২॥

হে জীব যে চৈতন্যপুরুষের চৈতন্যকণ লইয়া তুমি জন্মিয়াছ, তিনি তোমার বরেণ্য। তিনি যে তুমি এ কথা বলিও না। শঠ ব্যক্তি কৃতঘ্নতাসহকারে নিজ প্রভুর পদপাইবার বাঞ্ছা করে ॥৭৩॥

শ্রীপরমেশ্বর কৃপা পূর্ব্বক তোমাতে চৈতন্যকণা অর্পণ করিয়া-

ছেন অতএব হে শঠ! তুমি আমিই সেই পরমেশ্বর তোমার এ কথা বলা উচিত নয়। কোন দুর্জ্জন কোন রাজার নিকট হইতে হস্ত্যশ্বপদাতিক লাভ করিয়া শেষে তাঁহার রাজপদবী গ্রহণ করিতে মানস করিয়াছিল, তুমি তদ্রূপ করিও না॥ ৭৪॥

ত্রৈলোক্যসম্মোহনী বলবতী মায়া যাঁহার বশীভূতা দাসী সেই আনন্দ সচ্চিদ্ঘন ভগবান্ ঈশ্বরও প্রভু বলিয়া পরিজ্ঞাত। যিনি স্বভাবতঃ নাসিকাবিদ্ধ বলদের ন্যায় মায়ার বশযোগ্য তাহাকে জীব বলিয়া জানিবে। সুতরাং জীব ও ঈশ্বরে বস্তুগত বিশেষ ভেদ আছে॥ ৭৫॥

পণ্ডিতগণ ষড়্দর্শনে সাংখ্য,কণাদ,গোতম,পতঞ্জলী, জৈমিনী ও ভট্টভাস্করের মত বিচারপূর্ব্বক এই প্রশ্নের সিদ্ধান্ত বলুন। জীব ও পরমাত্মার বস্তুগতভেদ আছে কিনা কিম্বা তাহারা বস্তুত এক অথবা বস্তুতঃ তাহাদের যুগপৎভেদাভেদ সিদ্ধ কি না॥ ৭৬॥

প্রথমোক্ত পাঁচটী শাস্ত্রে আমি দেখিতেছি জীব ও পরমাত্মার অত্যন্ত ভেদ স্বীকৃত হইয়াছে কেবল বেদান্তশাস্ত্র বিষয়ে যাঁহারা মীমাংসা করিয়াছেন, তাঁহাদের মধ্যে কেহ জীবাত্মা ও পরমাত্মার নিত্যভেদ কেহ কেহ তদুভয়ের নিত্যঅভেদ কেহবা তদুভয়ের যুগপৎ নিত্যভেদাভেদব্যাখ্যা করিয়াছেন ইহাই বিচিত্র॥ ৭৭॥

বিশ্বকর্ত্তা পরমেশ্বরের স্বতন্ত্র ধর্ম্মথাকায় তিনি বিশ্বকর্ত্তাহইয়াছেন। জীব সর্ব্বদাই তাঁহার অধীন এরূপ প্রসিদ্ধ আছে। স্বতন্ত্রপুরুষ ও পরতন্ত্র পুরুষের কিরূপে ঐক্যতা বলিতে পারেন॥ ৭৮॥

ঔষধ প্রক্রিয়ায় বহুবিধ তরুর রস একত্র করা হইলেও সেই ঔষধে ভিন্ন ভিন্ন মাধুর্য্য সহকারে নানাবিধ রস সকল পৃথক থাকে। তাহা না হইলে পৃথক্ পৃথক্ রূপ ত্রিদোষ হরণ কিরূপে

হইত। সেইরূপ জীব সকল প্রলয় কালে বিলীন ভাবে ঐক্য ধর্ম্ম লাভ করিলেও পৃথক্ পৃথক্ থাকে যেহেতু পুনরায় সৃষ্টিকালে পূর্ব্বাদৃষ্টক্রমে পৃথক্ হইয়া পড়ে। সুতরাং প্রলয়কালে যে ঐক্য জীবদিগের পরস্পর অভেদ উৎপাদক নয় ॥ ৭৯ ॥

নদীর জল শুদ্ধ অর্থাৎ লবণহীন সমুদ্রের জল লবণাক্ত। সেইরূপ জীব ও ঈশ্বর বিলক্ষণ গুণান্বিত হইয়া পৃথক্ থাকেন ॥৮০

নদীসকল সমুদ্রে মিলিত হইলে সম্পূর্ণরূপে ঐক্য লাভ করে না। পয়োরাশির মধ্যে উভয় জল পৃথক পৃথক থাকে। ক্ষীরসমুদ্রের জল ও নদীর জলের সর্ব্বদা ভিন্ন থাকায় নদী ও সমুদ্রের বাস্তবভেদ নিত্য ॥ ৮১ ॥

দুগ্ধের সহিত জল মিলিত করিলে অপরে তাহাতে ভেদ দেখিতে পায় না। কিন্তু হংস উপস্থিত হইলে তৎক্ষণাৎ ক্ষীরকে নীর হইতে পৃথক করে, তদ্রূপ মায়াবাদীর বুদ্ধিতে যে সকল জীব প্রলয়কালে পরতত্ত্বে ব্রহ্মের সহিত বিলীন হন, ভক্তসকল গুরু-বাক্য অবলম্বন পূর্ব্বক সদ্য সেই জীব ও ব্রহ্মের ভেদ দেখাইয়া দিতে পারেন ॥ ৮২ ॥

দুগ্ধে দুগ্ধ মিলাইলে এবং জলে জল মিলাইলে মিশ্রিত হয় বটে কিন্তু সর্ব্বপ্রকারে ঐক্য হয় না কেননা মিলিত দুই বস্তুর পরিমাণ কম হয় না। সেই প্রকার ধ্যান যোগে জীব সকল পরমপুরুষে বিলীন হইয়াও ঐক্যপ্রাপ্ত হয় না এরূপ বিমলমতি পণ্ডিত সকল বলিয়া থাকেন ॥ ৮৩ ॥

বাদে বলবান্ কুতর্ক সমুদ্রে মগ্ন, কুমার্গে রত, শত শত মিথ্যা জল্পনকল্পনযুক্ত স্বয়ং ভ্রান্ত এবং অপরের বঞ্চনাকারী এরূপ কেহ কেহ আমি ব্রহ্ম এই অখিল দৃশ্য চরাচর ব্রহ্ম অসৎ-

মনোরথ হইয়া এরূপ বলিয়া থাকে। এই তত্ত্বটী এস্থলে স্পষ্ট করিয়া বলিলাম ॥ ৮৪ ॥

তাহারা বলিয়া থাকে যদি এই সমস্ত এবং আমি ব্রহ্ম হইলাম তখন আর তোমাতে আমাতে ভেদ কি? এখন তোমার ধন; সুত, দারা আমার হইল এবং আমার ধন সুত দারা তোমার হইল। আমাদের উভয়ের কিছুমাত্র ভেদ নাই ॥ ৮৫ ॥

হে মায়াবাদী তুমি যেরূপ বিচার করিয়া তুলিলে তাহাতে বর্ণভেদ রহিল না। তবে বিধি নিষেধের ঐক্য হইল না কেন? তুমি যদি অদ্বৈতমত বৈদিক বলিয়া নির্ণয় করিলে বৌদ্ধেরা তাহা হইলে কি অপরাধ করিয়াছে ॥ ৮৬ ॥

হে অভেদরত! শ্রীমদ্ভাগবতে শ্রীমৎকপিলদেব মাতাকে বলিয়াছিলেন যে পঞ্চমহাভূত, পঞ্চেন্দ্রিয়, অন্তঃকরণ, প্রধান ও জীব নামক তত্ত্ব হইতেও পরমাত্মা পৃথক তত্ত্ব অন্তঃকরণান্তর্গত মন বুদ্ধি ও অহঙ্কার ॥ ৮৭ ॥

যাহারা স্বীয় মতের গুরূপদিষ্টপদবী অবলম্বনপূর্ব্বক শূন্যালয়ে, শূন্যান্তঃকরণে, সমস্ত শূন্য এবং ঈশ্বরের স্বরূপ শূন্য ধ্যান করিয়া থাকে সেই শূন্যবিষয়ে আর কি অধিক বলিব, কোন বাক্য বৃত্তি চলে না। সেই শূন্যবুদ্ধিবিশিষ্ট ব্যক্তিদের ফলও শূন্যপ্রায় হইয়া থাকে ॥ ৮৮ ॥

মহাভারতে শূন্যবাদের নিন্দাস্থলে ব্যাস বলিয়াছেন সেই তমঃ শরীরী শূন্যবাদীদিগের তমঃই চরম ফল ॥ ৮৯ ॥

শূন্যবাদীদিগকে উদ্দেশ করিয়া কপিলদেবও শূন্যরশ্মি দ্বারা একটী পুর নির্ম্মাণ করিয়াছেন ব্যাসদেব সেই কথাটী পরে ভারতে উদ্ধৃত করিয়াছেন ॥ ৯০ ॥

অপ্রাকৃত গুণসাগর ভগবানে নৈর্গুণ্যবাদ অর্থাৎ প্রাকৃত গুণের বিকারবাদ মায়াবাদীদিগের পক্ষে গড্ডরিকাপ্রবাহ অর্থাৎ যেমন একটী মেষ জলে পড়িলে অন্য সকল মেষ হিতাহিত বিবেচনা-রহিত হইয়া জলে পড়ে তদ্রূপ মায়াবাদীগণ ব্রহ্মসূত্রের স্বসিদ্ধ অর্থ পরিত্যাগপূর্ব্বক পৃথক ভাষ্য প্রস্তুত করতঃ স্বীয় মতের অনুগামীদিগকে প্রতারণা করিয়া থাকেন ॥ ৯১ ॥

ঐশ্বর্য্যকর্তৃত্বাদি বহুবিধনিত্যগুণ পরমেশ্বরেআছে,তবেবিভুকে কিজন্য নির্গুণবলে। নৈর্গুণ্যবাদটা কেবল বৃথা বিবাদমাত্র ॥৯২॥

ভগবান জ্ঞানবান, ইচ্ছাময় ও শক্তিমান্। এস্থলে নির্ধর্ম্মকত্ব কিরূপে হয়। যদি তিনি নির্ধর্ম্মক হইতেন, বেদ তাঁহাকে কিরূপে প্রতিপালন করিত? গুণসাগর ভগবানে নৈর্গুণ্য আরোপ করিবার মানসে কিরূপে তুষ্ণীভাব অবলম্বন করিয়াছ, নিজ অন্তঃকরণে বিচার করিয়া যাহা সত্য হয় তাহা বিচার কর ॥

আকাশ কুসুমতুল্য নির্ধর্ম্মক বস্তু বেদে বা লোকে কোথাও প্রতীত হয় না। বেদসকল যদি সেরূপ বস্তু প্রতীতি করাইতে চেষ্টা করে তাহাহইলে বেদই প্রমাণ হইতে পারে না ॥ ৯৩ ॥

যেরূপ প্রস্তররূপ যজমান হইলে যজ্ঞসাধন হয় সেইরূপ ধর্ম্ম না থাকিলেও নির্দ্ধর্ম্ম তাহার প্রতীতি করায়। তাৎপর্য্য এই জ্ঞানবান্ ব্যক্তি যজমান হইলে যজ্ঞসাধন হয়। জ্ঞানশূন্য প্রস্তর যজমান হইলে যজ্ঞসাধন হয় না। ধর্ম্মের অভাব হইলে নির্দ্ধর্ম্ম বস্তুর প্রতীতি হয় না ॥ ৯৪ ॥

আপনারা প্রকৃত ধর্ম্মকে কোনস্থলে ধর্ম্মভাব বলিয়া স্থির করেন নাই। প্রকৃত ধর্ম্মাভাবে কল্পিত ধর্ম্মের বোধ আপনাদের গ্রন্থে সর্ব্বত্র পাওয়া যায় ॥ ৯৬ ॥

নির্দ্ধর্ম্মব্রহ্ম বোধ বিষয়ে সত্যাদির অনুকূলতা নাই সুতরাং সত্যধর্ম্মাদিতে প্রতিকূলত্বই উপস্থিত হইয়াছে অর্থাৎ আপনাদের মায়াবাদ ধর্ম্মের প্রতিকূলে সত্যধর্ম্ম দাঁড়াইতেছে ॥ ৯৭ ॥

কল্পনা সিদ্ধ করিতে হইলে, কোন পক্ষের ধর্ম্মিত্ব মানিতে হয়। শুক্তি রজত ইত্যাদি উদাহরণে সত্য বস্তু রজতের সত্ত্বা স্বীকারপূর্ব্বক শুক্তিতে রজত ভ্রমরূপ মিথ্যাবাদ উপস্থিতহয় ॥৯৮॥

"যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" এই শ্রুতিবাক্যে আত্মা এই বিশ্বের অপাদান কারণ হইতেছেন। তোমার মধ্যে আত্মার অপাদানকারকত্বস্বীকারনাথাকায়এইবিশ্বঅবিদ্যাকল্পিতহইতেছে। কেহ কেহ তাহাকে একটু উন্নত করিবার জন্য বিবর্ত্তবাদ স্থাপনা করে। বস্তুতঃ অবিদ্যাপরিণামবাদ হইতে ব্রহ্মবিবর্ত্তবাদ কোন মতেই হৃদ্যতর নয় অর্থাৎ পণ্ডিতদিগের ভাল লাগে না ॥ ৯৯ ॥

নিত্যলীলাময় হরির ক্রীড়াভাণ্ড স্বরূপ এই বিশ্বকে অবিদ্যা পরিণতি বা বিবর্ত্তজনিত মিথ্যা ভাণ বলিয়া কিরূপে স্থাপন করিতে পার ॥ ১০০ ॥

এই প্রপঞ্চ স্বপ্নতুল্য নয়। স্বপ্ন নিদ্রাবস্থায় ভূরিদোষযুক্ত। স্বপ্নে অন্নাহার জলপান করিলে তৃপ্তি হয় না। জাগ্রদ্দশায় অন্নপানাদি তৃপ্তিকর হয় ॥ ১০১ ॥

যদি এই পরিদৃশ্যমান জগৎকে মিথ্যা বল, তাহা হইলে ইহাতে অর্থসাধন ক্রিয়া কিরূপে হইত? ঘটে জল আনয়ন করিলে অনেক কার্য্য সিদ্ধ হয়। ঘটকে তুমি মিথ্যা বলিতে পার না কেবল নশ্বর বলিতে পার। তদ্রূপ পরিদৃশ্যমান জগৎ অর্থসাধক হওয়ায় মিথ্যা হইতে পারে না ॥ ১০২ ॥

এই জগৎকে মিথ্যাভূত বলিলে সমস্তই বিরুদ্ধ হয়। ধর্ম্ম-

শাস্ত্রে প্রায়শ্চিত্তাদির যে ব্যবস্থা সে সমস্তই বিরুদ্ধ হয়। রাজা চোরগণকে সত্যই চুরি করিয়াছে বলিয়া দণ্ড দিতে পারেন না। যেহেতু শপথরত মায়াবাদী মিথ্যাবর্ণ বলিয়া সাক্ষ্য দেন॥ ১০৩॥

মালাতে সর্পবুদ্ধির ন্যায় মিথ্যা বস্তুতে সত্যজ্ঞানে ব্রহ্মবিবর্ত্তে বস্তুভাণ এইরূপ এই প্রাপঞ্চিক জগৎ বলিতে পার না। মালায় সর্পভাণ হইলে তাহা বিশেষরূপে দৃষ্টি করিলে ভাণ তিরোহিত হয়। কিন্তু এই জগৎ নিত্যপ্রবাহরূপে স্পষ্ট প্রতীত হইতেছে বিশেষরূপে দৃষ্টি করিলেও এই প্রতীতি যায় না॥ ১০৪॥

এই প্রাপঞ্চিক জগৎ কদাপি মিথ্যা নয়। ভগবৎ সম্বন্ধে ইহা সত্যভূত। কেবল এইমাত্র বলিতে পার যে মায়িক জগৎ শুদ্ধ চিন্ময়তত্ত্বের ছায়ারূপ অশুদ্ধ ব্যাপার। ভগবৎ সম্বন্ধে ইহাকে সংগ্রহ করিলে এবং ইহার সমস্ত ব্যাপারকে ভগবানে নিবেদন করিয়া গ্রহণ করিলে ইহার শুদ্ধত্ব সম্পাদিত হয়। স্পর্শমণির স্পর্শ দ্বারা অন্য সমস্ত ধাতু যেরূপ স্বর্ণ হয় তদ্রূপ জানিবে॥ ১০৫॥

বৈরাগ্য ও ভোগ দুই তত্ত্বই উদাসীনভাবে ভক্তিযোগতত্ত্বে অবস্থিত। জগতের যে যে বস্তুকে মহাপ্রসাদ জ্ঞানে গ্রহণ করা যায়, তাহা ভোগমধ্যে পরিগণিত হয় না। কিন্তু ভক্তি বলিয়া অবশ্য পরিগণিত হয়॥ ১০৬॥

অত্যন্ত অভিনিবেশেরসহিতবিষয়ভোগকেভোগ বলে। অভি-নিবেশপরিত্যাগপূর্ব্বক বিষয়গ্রহণরূপবিরাগকে পরমার্থতা বলে।

সৎসঙ্গদ্বারা পুনঃ পুনঃ ভগবল্লীলাকথাবর্ণনক্রমে আমাদের চিত্তজলাশয়ে শুদ্ধ প্রেমবিশুদ্ধভক্তিলহরী উদয় হয়। অদ্বৈতবাদ মত পরিত্যাগপূর্ব্বক আমরা দ্বৈতমতে প্রবিষ্ট হই। এখন ভগবান্ লক্ষ্মীকান্তের পদারবিন্দযুগলে স্বেচ্ছাপূর্ব্বক ভজনাকরিতেছি॥১০৮

লৌকিক বিষয়ে রাজকীয় পুরুষকে রাজা বলিয়া ব্যবহার আছে। বৈদিক বিষয়ে সেইরূপ বিবিধাগমমার্গে ব্রহ্মকেই রাজা বলিয়া শুনা যায় ॥ ১০৯ ॥

হে মায়াবাদাচার্য্য যাহা হইতে চন্দ্রসূর্য্যাদি সমস্ত ত্রিভুবন উৎপন্ন হইয়াছে এবং উৎপন্ন হইয়া যাঁহাতে প্রলয়ান্ত পর্য্যন্ত অবস্থিতি করে এবং প্রলয়কালে যাঁহাতে ঐ সকল লয়প্রাপ্ত হয় এবং যে মায়াগুণাতীত ঈশ্বরকে চতুর্ম্মুখ ব্রহ্মা চতুর্ব্বেদ দ্বারা বর্ণন করিতে সক্ষম হন না আপনি সেই পরমানন্দ বস্তুর সহিত আমি এক এইকথা আমাকে নিতান্ত মন্দভাগ্য দেখিয়া উপদেশ করিতেছেন ॥ ১১০ ॥

যে পরমেশ্বর সূক্ষ্ম স্থূল সমস্ত জন্তুগণ সহিত ব্রহ্মাণ্ডভাণ্ড সকল পক্বডুম্বুর মধ্যগত মশক শ্রেণীর ন্যায় প্রলয়কালে ছিল এবং স্থিতিকালে প্রলয় পর্য্যন্ত যাঁহাতে অবস্থিতি করিয়াও যাঁহাকে পায় না, হায় হায় সেই পরমেশ্বর আমি এই বাক্য আমার মুখ হইতে হে মায়াবাদাচার্য্য, কিরূপে নিঃসৃত হইতে পারে ॥ ১১১॥

যে পরমেশ্বরের কৃপায় বোবাও নৈয়ায়িকদিগের ন্যায় বাচাল হইতে পারে এবং পঙ্গু পর্ব্বত লঙ্ঘনে সদ্য ক্ষমতা লাভ করিতে পারে জন্মান্ধব্যক্তিও সুন্দরপদ্মলোচনদ্বয় লাভ করিতে পারে, অন্য কথা কি বলিব সেই ভক্তদিগের চিন্তামণি চন্দ্রবদন পরব্রহ্ম স্বরূপ শ্রীকৃষ্ণকে আমি বন্দনা করি ॥ ১১২ ॥

কাল প্রশস্ত বা অনন্ত এবং বিষ্ণুভক্তি ফল অত্যন্ত মহৎ। কালবশেই হউক বা বিষ্ণুভক্তি ফলেই হউক এই জগতে কখন কেহ মৎকৃত এই গ্রন্থের গুণগ্রাহক হইবে ॥ ১১৩ ॥

শ্রীনারায়ণ ভট্টশ্রেষ্ঠের নিকটে নারায়ণ ভক্তিভূষানামা গ্রন্থ ও

সাঙ্গোপাঙ্গ শাস্ত্র সকল অধ্যয়নপূর্ব্বক ভক্ত কৃপাদ্বারা আমার বুদ্ধ্যনুসারে জ্ঞান ও রহস্য সমূহ ভক্তির আধাররূপে জীব ব্রহ্ম-ভেদতত্ত্ববিষয়ে সাধুবাক্য মুক্তাবলীনামা এই শতশ্লোকী রচনা করিলাম॥ ১১৪ ॥

আমি যদি প্রমাদক্রমে এই গ্রন্থে কোন দুষ্ট কথা বলিয়া থাকি তাহা সম্পূর্ণরূপে বুঝিয়া প্রবীণ ব্যক্তিগণ শোধন করুন। কেননা চলিষ্ণু ব্যক্তির পদ কখন কখন স্খলিত হয় এবং বক্তা মোহ হইতে অনেক সময় বিরুদ্ধ কথা বলিয়া থাকেন ॥ ১১৫ ॥

গুণিগণ বিরচিত কাব্যে খলপুরুষ কেবল দোষই অন্বেষণ করিয়া থাকে গুণ অন্বেষণ করে না। প্রস্তর নির্ম্মিত গৃহমধ্যে যেরূপ পিপীলিকা ছিদ্রই অনুসন্ধান করিয়া থাকে তদ্রূপ ॥ ১১৬ ॥

যাহারা মৎসরতা ক্রমে হতবুদ্ধি তাহারা অবশ্য দোষ দেখিয়া থাকেন অর্থাৎ গুণজ্ঞ সকল গুণই গণনা করুন্। যাঁহারা দোষ না দেখিয়া কেবল গুণ আলোচনা করেন তাঁহারা পরম সাধু, অতএব পরিতোষ করুন্ ॥ ১১৭ ॥

হে ভাগবতোত্তমগণ যদি এই জগতে শুদ্ধভক্তি বাঞ্ছিত হয়, তাহাহইলে গৌড়পূর্ণানন্দ কবিকৃত ভগবান্ ও জীবের ভেদাশ্রিত তত্ত্বাতত্ত্ব বিবেকবাক্যমণ্ডিত শ্রীবিষ্ণুভক্তিসম্মত নির্ম্মল মুগ্ধ পদমধুর প্রবন্ধ পাঠ করুন্ ও শ্রবণ করুন্ ॥ ১১৮ ॥

নানালঙ্কারযুক্ত মৃদুমধুর পদবিন্যাস দ্বারা সম্বর্দ্ধিতসৌন্দর্য্য অমৃত সদৃশবাক্য সমূহ দ্বারা সুললিত চারুসর্ব্বাঙ্গযুক্ত, বিজ্ঞদিগের আনন্দের একমাত্র ভূমি, সর্ব্বগুণদ্বারা সুন্দর, দোষমাত্র বিহীন এই তত্ত্বমুক্তাবলী সর্ব্বদা ভক্তগণের কণ্ঠদেশে বাস করুন্॥১১৯॥

শ্রীশ্রীমন্মহাপ্রভোঃ অষ্টকালীয়
লীলাস্মরণ মঙ্গল স্তোত্রং।

শ্রীগৌরাঙ্গ-মহাপ্রভোশ্চরণয়ো র্যা কেশশেষাদিভিঃ
সেবাগম্যতয়া স্বভক্তবিহিতা সান্তৈর্যয়া লভ্যতে।
তাং তন্মানসিকীং স্মৃতিং প্রথয়িতুং ভাব্যা সদা সত্তমৈ
র্নৌমি প্রাত্যহিকং তদীয়চরিতং শ্রীমন্নবদ্বীপজং ॥ ১ ॥

রাত্র্যন্তে শয়নোত্থিতঃ সুরসরিৎ স্নাতো বভৌ যঃ প্রগে
পূর্ব্বাহ্নে স্বগণৈর্লসত্যুপবনে তৈর্ভাতি মধ্যাহ্নকে।
যঃ পুর্য্যামপরাহ্নকে নিজগৃহে সায়ং গৃহেঽথাঙ্গনে
শ্রীবাসস্য নিশামুখে নিশিবসন্ গৌরঃ সনো রক্ষতু ॥ ২ ॥

রাত্র্যন্তে পিককুক্কুটাদি নিনদং শ্রুত্বা স্বতল্পোত্থিতঃ
শ্রীবিষ্ণুপ্রিয়য়া সমং রসকথাং সম্ভাষ্য সন্তোষ্য তাং।
গত্বান্যত্র ধরাসনোপরিবসন্ স্বস্তিঃ সুধৌতাননো
যো মাত্রাদিভিরীক্ষিতোতিমুদিত স্তং গৌরমধ্যেম্যহং ॥ ৩ ॥

প্রাতঃ স্বঃ সরিতি স্বপার্ষদবৃতঃ স্নাত্বা প্রসূনাদিভি
স্তাং সংপূজ্যগৃহীত চারুবসনঃ স্রক্চন্দনালঙ্কৃতঃ।
কৃত্বা বিষ্ণু সমর্চ্চনাদিসগণো ভুক্ত্বান্নমাচম্য চ
দ্বিত্রং চান্য গৃহেক্ষণং স্বপিতি যস্তং গৌরমধ্যেম্যহং ॥ ৪ ॥

পূর্ব্বাহ্নে শয়নোত্থিতঃ সুপয়সা প্রক্ষাল্যবক্ত্রাম্বুজং
ভক্তৈঃ শ্রীহরিনামকীর্ত্তনপরৈঃ সাঙ্গঃ স্বয়ং কীর্ত্তয়ন্।
ভক্তানাং ভবনেঽপি চ স্বভবনে ক্রীড়ন্ নৃণাং বর্দ্ধয়
ত্যানন্দং পুরবাসিনাং য উরুধা তং গৌরমধ্যেম্যহং ॥ ৫॥

মধ্যাহ্নে সহ তৈঃ স্বপার্ষদগণৈঃ সঙ্কীর্ত্তনাদীদৃশং
সাদ্বৈতেন্দুগদাধরঃ কিল সহ শ্রীলাবধূতপ্রভুঃ।

আরামে মৃদুমারুতৈঃ শিশিরিতৈ র্ভৃঙ্গদ্বিজৈর্নাদিতে
স্বং বৃন্দাবিপিনং স্মরন্ ভ্রমতি যঃ স্তং গৌরমধ্যেম্যহং ॥ ৬॥
যঃ শ্রীমানপরাহ্নকে সহগণৈ স্তৈস্তাদৃশৈঃ প্রেমবাং
স্তাদৃক্ষুস্বয়মপ্যলং ত্রিজগতাং শর্ম্মাণিবিস্তারয়ন্।
আরামাত্তত এতি পৌরজনতা চক্ষুশ্চকোরোড়ুপো
মাত্রা দূরমুদেক্ষিতো নিজগৃহং তং গৌরমধ্যেম্যহং ॥ ৭ ॥
যস্তিস্রোতসি সায়মাপ্ত নিবহৈঃ স্নাত্বা প্রদীপালিভিঃ
পুষ্পাদ্যৈশ্চ সমর্চ্চিতঃ কলিত সৎপট্টাম্বরঃ স্রগ্ধরঃ।
বিষ্ণোস্তৎ সময়ার্চ্চনঞ্চ কৃতবান্ দীপালিভিস্তৈঃ সমং
ভুক্তান্নানি সুবীটিকামপি তথা তং গৌরমধ্যেম্যহং ॥ ৮ ॥
যঃ শ্রীবাসগৃহে প্রদোষসময়ে হৃদ্বৈতচন্দ্রাদিভিঃ
সর্ব্বৈর্ভক্তগণৈঃ সমং হরিকথাং পিযূষমাস্বাদয়ন্।
প্রেমানন্দ সমাকুলশ্চ চঞ্চধীঃ সঙ্কীর্ত্তনে লম্পটঃ
কর্ত্তুং কীর্ত্তন মূর্দ্ধমদ্যমপর স্তং গৌরমধ্যেম্যহং ॥ ৯ ॥
শ্রীবাসাদিভিরাবৃতো নিজগণৈঃ সার্দ্ধং প্রভুভ্যাংনট
ন্নুচ্চৈস্তালমৃদঙ্গবাদনপরৈর্গায়স্তিরুল্লাসয়ন্।
শ্রীমান্ শ্রীলগদাধরেণ সহিতো নক্তং বিভাত্যদ্ভুতং
স্বং গৌরে শয়নালয়ে স্বপিতি যস্তং গৌরমধ্যেম্যহং ॥ ১০ ॥
শ্রীগৌরাঙ্গবিধোঃ স্বধামনি নবদ্বীপেহষ্ট কালোদ্ভবাং
ভাব্যাং ভব্যজনেন গোকুল বিধোর্লীলাস্মৃতেরাদিতঃ।
লীলাং দ্যোতয়দেতদত্র দশকং প্রীতান্বিতো যঃ পঠেৎ।
তং প্রীণাতি সদৈব যঃ করুণয়া তং গৌরমধ্যেম্যহং ॥ ১১ ॥

ইতি শ্রীমন্মহাপ্রভুষ্টকালীয় লীলাস্মরণ মঙ্গল স্তোত্রং সমাপ্তং।

শ্রীজগজীবন মিশ্র প্রণীত

মনঃসন্তোষণী।

সম্পূর্ণ।

সূচীপত্র।

শ্রীশ্রীগোদ্রুমচন্দ্রায় নমঃ।

মনস্‌সন্তোষণী।

প্রথমস্ সর্গঃ।

মঙ্গলাচরণ।

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ।
অদ্বৈতআচার্য্য জয় গৌরভক্তবৃন্দ॥
শ্রীশ্রীগুরুদেবের বন্দিয়ে পদদ্বন্দ্ব।
যাঁহার কৃপায় খণ্ডে ভবপাশ বন্ধ॥
তৎপরে বন্দনা করি চৈতন্যচরণ।
যা হৈতে অজ্ঞান তম হয় নিবারণ॥
পূর্ব্ব মঙ্গলাচরণ হয় ত্রিবিধ প্রকার।
বস্তুর নির্দ্দেশ আশীর্ব্বাদ নমস্কার॥
তাহার সূচনা তবে করি অল্পাক্ষরে।
এ তিন লক্ষণ আছে তাহার ভিতরে॥
পূর্ব্বে ব্রজবিলাসেতে শ্রীনন্দনন্দন।
রাধা সঙ্গে করিলেন প্রেমআস্বাদন॥
রাধা-প্রেম-রত্নে ঋণী হইলা শ্রীকৃষ্ণ।
শোধিতে সে ঋণ চিত্তে রহিলা সতৃষ্ণ॥
আদ্য কলিকালে আসি ব্রজেন্দ্রনন্দন।
রাধা ভাব কান্তি অঙ্গে করিয়া ধারণ॥

প্রাদুর্ভূত হইলা শ্রীনবদ্বীপ মাঝে।
রাধাঋণচিন্তামণি শোধিবার কাযে॥
এই মাত্র হইলেক বস্তুরনির্দ্দেশ।
শুন এবে আশীর্ব্বাদ সূচনা বিশেষ॥
প্রভুর চরিত্র যেন গম্ভীর সমুদ্র।
সর্ব্বতত্ত্ব নাহি জানেন ব্রহ্মা ইন্দ্র রুদ্র॥
তার সূচনাতে হৌক জগতে কল্যাণ।
জগত তারণ প্রভু অতি কৃপাবান॥
সর্ব্বঅবতারী প্রভু পতিতপাবন।
তার পাদপদ্মদ্বন্দ্বে করিয়ে বন্দন॥
প্রদ্যুম্নমিশ্রের পদে প্রণতি আমার।
যাহা হৈতে হৈল এই গ্রন্থের প্রচার॥
যত্নক্রমে নানাতন্ত্র এক এক করিয়া।
সে সব গ্রন্থের তাহা সার উঠাইয়া॥
অল্পাক্ষরে চৈতন্য উদয়াবলী নাম।
এই গ্রন্থে কৈলা চৈতন্যের গুণগ্রাম॥
প্রভুর আদেশে এই গ্রন্থ বিরচিলা।
নিজ গ্রন্থ শেষে পরিচয়ে ব্যক্ত হৈলা॥
প্রভুর জ্ঞাতি ভ্রাতা প্রদ্যুম্ন মিশ্রবর।
তাঁহার পদদ্বন্দ্বে মোর প্রণতি বিস্তর॥
শ্রীজগজীবন মিশ্র দীন হীন যিনি।
তাহার ভাষার্থে কৈল মনঃসন্তোষণী॥

গ্রন্থারম্ভ।

শ্রীহট্ট দেশেতে ছিলেন মধুকর মিশ্র।
যারে মান্য করে কত পণ্ডিত সহস্র॥
পাশ্চাত্য বৈদিক শ্রেণী পরমতপস্বী।
জিতেন্দ্রিয় বিজ্ঞতম অত্যন্ততেজস্বী॥
বরেতে পাইলা তিনি কতিপয় গ্রাম।
অত্যন্ত সৎকর সেই গুণে অনুপম॥
বরপ্রাপ্ত হেতু নাম বরগঙ্গা থৈলা।
বহুকাল সুখভোগ সে স্থানে করিলা॥
চারিপুত্র মিশ্রের হইলা গুণবান।
সুব্রহ্মণ্য প্রতাপী সকলি মতিমান॥
সর্প এক জন্মিলা হইলা পঞ্চপুত্র।
সকলেই পূজ্যতম মান্য যত্র তত্র॥
সবার মধ্যস্থ পুত্র ছাড়ি পিতৃস্থান।
তপস্যাতে গেলেন কৈলাশ সন্নিধান॥
শ্রীমান উপেন্দ্র মিশ্র নাম যাঁর খ্যাত।
স্বদেশে মান্য ধন্য তপস্বী বিখ্যাত॥
কৈলাশ নিকটে মহদ্‌গুপ্ত বৃন্দাবন।
সর্ব্বলোকে মান্য স্থান অতি মনোরম॥
ইক্ষু নাম্নী নদী তার পূর্ব্বদিকে স্থিতি।
কালিন্দী সদৃশী রমণীয়া স্রোতস্বতী॥
দক্ষিণেতে বৃদ্ধ গোপেশ্বর শিবলিঙ্গ।
পৃষ্ঠে জটাভার যার দেখিতে সুরঙ্গ॥

শিবগঙ্গাতীরে শিব বাঞ্ছিতার্থ প্রদ।
যারে কৃপা হয় তার অতুল সম্পদ॥
কৈলাশ উত্তরে কুণ্ড গুপ্ত অতিশয়।
অমৃতাখ্য কুণ্ড সেই অলৌকিক হয়॥
কোন ভাগ্যবানে তাহা পূর্ব্বে দৃষ্ট হৈল।
অদ্য মহৎ পাষাণেতে আচ্ছাদিত কৈল॥
তথাতে উপেন্দ্র মিশ্র শোভা ভার্য্যা সঙ্গে।
তপস্যা করিলা বহু মনোনীত রঙ্গে।
অনন্য মনস্ক হইয়া নিরাকুলে রয়।
নারায়ণ পরায়ণ দুহুঁ অতিশয়॥
অতঃপরে মিশ্রের জন্মিলা সপ্তপুত্র।
সুব্রহ্মণ্য বিষ্ণুভক্ত অত্যন্তপবিত্র॥
কংসারি পরমানন্দ জগন্নাথ মিশ্র।
সর্ব্বেশ্বর পদ্মনাভ জনার্দ্দন মিশ্র॥
ত্রিলোকনাথ মিশ্র হন সবার অনুজ।
গুণী গণ্য মান্য ধন্য সর্ব্বে মহাভুজ॥
ইতিমধ্যে জগন্নাথ মিশ্র যিনি হন।
পদ্ম পুরাণেতে আছে তার বিবরণ॥
তাহার প্রমাণ সবে শুনহ সম্প্রতি।
ভগবৎ আদেশ ছিল দেবগণ প্রতি॥
শ্রীজগজীবন মিশ্র যাঁহার আখ্যান।
মনঃসন্তোষণী ভাষা করিলা ব্যাখান॥

তুষ্ট হৈয়া ভগবান, সর্ব্বদেবগণ স্থান,
কহিলেন এই মাত্র বাক্য।

সবে যাঞা ক্ষিতিতলে, জন্ম লও নিরাকুলে,
আমাদের হইয়া সুপক্ষ ॥
আমি যাঞা গৌররূপে, জন্মিব শ্রীনবদ্বীপে,
শচীদেবীর গর্ভ সিন্ধুমাঝে।
হরি নাম সংকীর্ত্তনে, প্রচারিবা সর্ব্বজনে,
নিস্তারিব এই মোর কাযে ॥

তথাহি পাদ্মে শ্রীভগবদ্বাক্যং ;—

দিবিজা ভুবি জায়ধ্বং জায়ধ্বং বৈ সুরেশ্বরাঃ।
কলৌ সংকীর্ত্তনারম্ভে ভবিষ্যামি শচীসুতঃ ॥

অপি চ ব্রহ্মযামলে ;—

সন্তুষ্টো ভগবান্ কৃষ্ণস্তোত্রেণানেন ব্রহ্মণঃ।
উবাচ স্বমতং বাক্যং দেবানাং মধুসূদনঃ ॥
কেচিদ্যূয়ং দেবগণাঃ জায়ধ্বং পৃথিবীতলে ॥
অথবা ত্রিদশা যান্তু ভূত্বা মদ্ভক্তরূপিণঃ ॥
ভবিষ্যামি চ চৈতন্যঃ কলৌ সংকীর্ত্তনাগমে।
হরিনাম প্রদানেন লোকন্নিস্তারয়াম্যহং ॥

এই আজ্ঞা হৈল যবে, সর্ব্ব দেব আসি তবে,
ভক্ত বৃন্দ হইয়া জন্মিলা।
কশ্যপ আসিয়া ভূমে, জগন্নাথ মিশ্র নামে,
উপেন্দ্র মিশ্রের পুত্র হৈলা।
অদিতি দেবের মাতা, হৈয়া সর্ব্বগুণান্বিতা,
জন্মিলেন লীলা পরচারে।
নবদ্বীপ মধ্যে আসি, শচী নাম পরকাশি,
নীলাম্বর চক্রবর্ত্তী ঘরে ॥

ব্রহ্মা শিব আদি যত, মুনীন্দ্র ফণীন্দ্র কত,
জন্মিলেন ভুবন পাবন।
বৈষ্ণব হইয়া শেষে, রহিলেন দেশে দেশে,
প্রভু জন্ম প্রতীক্ষা কারণ॥
স্বপ্নে প্রভু আজ্ঞা পাঞা, নিজ মন বুঝাইয়া,
শ্রীজগজ্জীবন মিশ্রাখ্যান।
বন্দি প্রভু পদধূলি, চৈতন্য উদয়াবলী,
শ্লোকার্থের করিল ব্যাখান॥

ইতি মনস্‌সন্তোষণী ভাষায়াং প্রথমস্ সর্গঃ।

দ্বিতীয়স্ সর্গঃ।

উপেন্দ্র মিশ্রের, গৃহে নিরন্তর, সাতটী সন্ততি শোভা।
সরোবরে যেন, বিকশে নলিন, হেন জন মনলোভা॥
সকল হইতে, রূপ লাবণ্যেতে, ভাল দেখি জগন্নাথে।
সুবোধ দেখিয়া, সুযশ শুনিয়া, আনন্দিত হৈয়া চিতে॥
ব্যাকরণ আদি, শাস্ত্র নিরবধি, পাঠাইলা যত্ন করি।
শাস্ত্রেতে আবেশ, দেখিয়া হরিষ, পিতার হইল ভারি॥
বিশেষ বিদ্বান, হইতে সন্তান, পিতার লালসা থাকে।
এই অভিলাষে, নবদ্বীপ বাসে, পাঠাইয়া দিলা তাকে॥
সে স্থানেতে যাঞা, সুপণ্ডিত চাঞা, গুরু সন্নিধানে রৈ।
গঙ্গাতীরে টোলে, রহিলেন ফলে, বিদ্যার্থির মান্য হৈ॥
নিরন্তর শ্যাম, বেদ অনুপাম, পড়িলেন মতিমান।
সৃষ্টি স্থিতি লয়, সবের আশ্রয়, নারায়ণ হৈল জ্ঞান॥

পঠনীয় সব, করে অনুভব, পুণ্য নিকেতন তায়।
যুবক সুধন্য, অধ্যাপকে মান্য, সর্ব্বজনে প্রিয় গায়॥
সম রূপবান, নাহি দেখি আন, গুণান্বিত কেবা আছে।
ঈক্ষণে ভাষণে, লক্ষণে ভূষণে, কেবা তুল্য তান কাছে॥
পরস্পর কত, স্ত্রীপুরুষ যত, তাকে প্রসংশয় প্রায়।
চতুর্দ্দিকে নরে, সদালাপ করে, কি আশ্চর্য্য হায় হায়॥
শুনি গুণ রূপ, ভুবনে অনুপ, সুন্দর তাহার কীর্ত্তি।
হরিষ হইয়া, দেখিল আসিয়া, নীলাম্বর চক্রবর্ত্তী॥
দেখিয়া তাহার, শার্দ্দূলের প্রায়, সকল নরের মাঝে।
হ'তে কন্যারত্ন, করিয়া সুযত্ন, সমর্পিব দ্বিজরাজে॥
কন্যা ভাগ্যবতী, যদি তার পতি, অবশ্য হইবে ইনি।
সুশীল সুশীলা, দুহার মিলিলা, চন্দ্রেতে যেন রোহিণী॥
ইহা করি মনে, ভার্য্যার সদনে, যাঞা নিজ নিকেতনে।
মনের আহ্লাদে, কহিল সম্বাদে, যাহা নিজ মনে মনে॥
চক্রবর্ত্তিজায়া, হৃষ্টমনা হৈয়া, ইষ্ট কুটুম্বেতে ভোর।
শ্রীজগজীবনে, বলে কন্যাদানে, যথার্থ সুযোগ্য বর॥

কিয়ৎকাল পরে, আনিয়া মিশ্রেরে, স্বকীয় বাসরে, আনন্দ মনে।
সময় পাইয়া, মঙ্গল করিয়া, সুখে দিলা বিয়া, অতি যতনে॥
পড়ি বেদশাস্ত্র, জগন্নাথ মিশ্র, পণ্ডিত সহস্র, সাক্ষাতে বসি।
যজ্ঞ সমাপন, করিয়া তৎক্ষণ, হৃষ্ট হৈল মন, পাঞা প্রেয়সি॥
বিবাহের পরে, চক্রবর্ত্তিঘরে, রহিলা সাদরে, হইয়া ভোর।
পণ্ডিত হইয়া, রসেতে মজিয়া, শচীয়া লইয়া, আপন কোর॥
কিন্তু সদা কাল, নাহিক জঞ্জাল, গত হৈল কাল, দুহার সুখে।

ধর্ম্মেতে তৎপর, জপ নিরন্তর, গোবিন্দ সুন্দর, তুহার মুখে॥
নারায়ণ তপ, নারায়ণ জপ, নারায়ণ রূপ, সদাই মনে।
তার পুণ্যরাশি, সতত প্রকাশি, পুরে দশ দিশি, তুহার গুণে॥
অতঃপরে রাণী, শচী সুবদনী, হইলা গর্ভিণী, ভাগ্যের ভরে।
ক্রমেতে সন্ততি, প্রসবে সুমতি, বিশ্বরূপ খ্যাতি, সম্প্রতি হয়ে॥
বিশ্বরূপ নাম, অতি গুণধাম, পুরাইল কাম, বালক কালে।
দিব্যজ্ঞান পাঞা, বৈরাগ্য করিয়া, গেলেন চলিয়া, অতি সকালে॥
না দেখে বৎসেরে, হাহাকার করে, কাহার শরীরে, এ জ্বালা সয়।
অনিত্য সংসার, কেবা হয় কার, যার ভার ভার, রহিতে হয়॥
শচী মিশ্র সাতে, পুত্রের শোকেতে, হইল মূর্চ্ছিতে, পড়িল ধরা।
যত বন্ধুজনে, করিলা সান্ত্বনে, মধুর বচনে, আসিয়া ত্বরা॥
শ্রীরামজীবন, সুত অভাজন, শ্রীজগজীবন, মনঃসন্তোষণী।
ভাবার্থ বচনে, প্রভুর চরণে, অযোগ্য বচনে, করিল ধ্বনি॥

বিশ্বরূপ যাইতে জগন্নাথ সুপণ্ডিত।
হইলেন শোকান্বিত হৃদয়ে চিন্তিত॥
স্ফূর্ত্তি হৈল জন্মস্থান জনক জননী।
বিষণ্ণ বদনে কহে ভার্য্যা প্রতি বাণী॥
জন্মস্থান শ্রীহট্টদেশে জনক জননী।
কি জানি কিভাবে আছেন আমিতো না জানি॥
শুন শুন প্রিয়ে মম পিতৃ মাতৃ শাপে।
ঘটিল আমার কিম্বা এত পরিতাপে॥
অতএব যায় আমি দেখিতে তুহারে।
পিতৃ মাতৃ সন্নিধানে তোমা সহকারে॥

তৎকালে উপেন্দ্রমিশ্র পত্রী পাঠাইলা।
পুত্র আগমন বার্ত্তা পত্রীতে লিখিলা॥
পত্রী পাঞা জগন্নাথ ভার্য্যার সহিতে।
শীঘ্র চলিলেন দেশে পিতার সাক্ষাতে॥
এথা আসি মিশ্র পুরন্দর মতিমান।
পিতৃসেবা পরায়ণ হইলা বিদ্বান॥
তান পত্নী শাশুড়ী শুশ্রূষা পরায়ণা।
শ্বশুরের শুশ্রূষণে অতি বিচক্ষণা॥
নারীগণে ধন্যামান্যা শচী প্রজ্ঞাশীলা।
শ্বশ্রূ সন্নিধানে থাকি কার্য্য কর্ম্ম কৈলা॥
পরমানন্দ মিশ্রের ভার্য্যা যিনি হন।
সুশীলা তাঁহার নাম সুহাস্য আনন॥
শচীকে পুত্রীর তুল্য প্রতিপাল্য কৈলা।
ভক্ষ্য ভোজ্য নানা বস্তু ভোজন করাইলা॥
কিছু কাল পরে শচী সর্ব্বদেব মাতা। * *
তার গর্ভে ভগবান কৈলা অধিষ্ঠান॥
সে রাত্রে আকাশ বাণী কৈলা ভগবান।
শচীর শাশুড়ী শোভা দেবী সন্নিধান॥
শুন শোভে নিত্যধর্ম্ম পরায়ণা এবে।
তব স্নুষা গর্ভে আমি হব আবির্ভাবে॥
অতএব পুত্র পুত্রবধূকে একালে।
নবদ্বীপে পাঠাইয়া দেহ যে সকালে॥
অন্যথাচরণ যদি কর ভাগ্যবতী।
বিপত্তি ঘটিবে তব জানিও সম্প্রতি॥

আকাশ বাণীতে শোভা মনে ভয় পাঞা।
পতিস্থানে কহিলেন প্রভাতে যাইয়া॥
রজনীর বিবরণ অদ্ভুত সকল।
নিবেদিতে হইলেন আখি ছল ছল॥
দুঃখ অতি সকাতর মানস হইয়া।
শোকে হর্ষে পুত্রেরে আনিলা ডাক দিয়া॥
রাত্র জাত বৃত্তান্ত কহিলা পুত্র কাছে।
তুমি নবদ্বীপে গেলে সুমঙ্গল আছে॥
তব পত্নী গর্ভে জগৎকর্ত্তা ভগবান।
অধিষ্ঠিত হইয়াছেন শুনি তুষ্ট প্রাণ॥
তুমি নবদ্বীপে যাবে বৃদ্ধমোরে ছাড়ি।
ইহ দুঃখ প্রাণে মোর সহিতে না পারি॥
শ্রীজগজ্জীবন বলে মিশ্র মহাশয়।
দশরথের দশা এবে ঘটিল নিশ্চয়॥

পিতার আদেশে, নবদ্বীপ দেশে, জগন্নাথ মিশ্র রাই।
ভার্য্যার সহিতে, চলিলা যাইতে, অনেক করিয়া ঠাই॥
যাত্রার সময়, স্বল্পগর্ভা হয়, শচী জগন্নাথ জায়া।
যাইতে ভিন্ন দেশ, সবে পায় ক্লেশ, ছাড়িতে না পারে মায়া॥
প্রাজ্ঞ জগন্নাথ, জোড় করি হাত, প্রণমি পিতার পায়।
মাতার চরণ, ধূলিতে তৎক্ষন, ভূষিত করিয়া কায়॥
জ্যেষ্ঠ জ্যেষ্ঠপ্রিয়া, সবাকে বন্দিয়া, যাত্রা করে হরি স্মরি।
যার যেই মনে, মঙ্গল তখনে, করিলেন নর নারী॥
গমন সময়, শোভা দেবী কয়, শচীকে মধুর বাণী।
তুমি বধূ মোর, সুশীলা সুন্দর, মম আজ্ঞানুকারিণী॥

শুন মা তোমার, গর্ভের মাঝার যে পুরুষ জনমিবা।
দেখিতে তাঁহারে, বাসনা অন্তরে, এথা পাঠাইয়া দিবা॥
স্বীকৃতা হইয়া, শ্বশ্রূকে বন্দিয়া, শ্রেষ্ঠ লোকে প্রণমিলা।
ভার্য্যার সহিতে, মিশ্র জগন্নাথে, নবদ্বীপে চলি গেলা॥
প্রভুর চরণে, জীবন জীবনে, করি কর কৃতাঞ্জলি।
দ্বিতীয় সর্গের, ভাষা বিরচিল, মনে হই কুতূহলি॥

ইতি মনঃসন্তোষণী ভাষায়াং দ্বিতীয়স্ সর্গঃ।

তৃতীয়স্ সর্গঃ।

পূর্ণ গর্ভবতি, শচী ভাগ্যবতী, হইলেন কতদিনে।
